The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 947 | 06 November 2026 | শুক্রবার ২১ কার্তিক ১৪৩৩



Republicans call for Trump to change course after midterm drubbing
→ Page 18

19.2 million Afghans face severe hunger, UNICEF warns
→ Page 19





Midterms over, Democrats plunge into wide-open 2028 presidential race
→ Page 18

Abdul El-Sayed makes history as first Muslim US senator
→ Page 19



ডেমোক্র্যাট ঝড়ে তছনছ ট্রাম্প শিবির

প্রেসিডেন্ট প্রতি আমেরিকান জনগনের অনাস্থা : সিনেট লিডার ও স্পীকার হচ্ছেন দু'জনই নিউইয়র্কের

মনোয়ারুল ইসলাম



কংগ্রেসের উভয় কক্ষে ডেমোক্র্যাটদের বিজয়ী করে প্রেসিডেন্ট ট্রাম্পের প্রতি অনাস্থা জানালো আমেরিকান জনগন। ডেমোক্র্যাটরা শুধু বিজয়ই করেনি। পেয়েছে ভূমিধ্বস জয়। ইরান যুদ্ধ, দ্রব্যমূল্যের আকাশছোঁয়া দাম ও পলিটিক্যাল ডাইনেস্টির বিরুদ্ধে আমেরিকানরা রায় দিয়েছে। এর সাথে যুক্ত ছিল জেন জি গ্রুপ। সাধারনত তরুন সম্প্রদায় মধ্যবর্তী নির্বাচনে আগ্রহ দেখায় না। ভোটকেন্দ্রের প্রতি তাদের আগ্রহ কম। এবার তার ব্যত্যয় ঘটেছে। যুব সম্প্রদায় দলবেঁধে ভোট দিতে গিয়েছে। ট্রাম্পের প্রতি অনাস্থা জানাতেই জেগে উঠেছিল তরুনরা। তাদের শতকরা ৭১ ভাগ ভোট পেয়েছে ডেমোক্র্যাট দলীয় প্রার্থীরা। ডেমোক্র্যাটরা একের পর এক ছিনিয়ে নিয়েছে রিপাবলিক্যানদের দীর্ঘদিনের দখলে থাকা সিনেট আসনগুলো। ক্যানসাসে গত ৯৪ বছরে সিনেট সীটে ডেমোক্র্যাটরা জিততে পারেনি। এবার বিজয় ছিনেয়ে নিলেন অ্যাডাম হ্যামিল্টন। ৩০ বছরে টেক্সাসে আলোর মুখ দেখিনি ডেমোক্র্যাটরা । সেই সিনেট সীটে জয়লাভ করলেন জেমস ট্যারারিকো। শুধু তাই নয় টেক্সাসে গর্ভনর গ্রেগ অ্যবট হারবেন তা কল্পনা করেনি কেউ। সেখানেও জিতলেন ডেমোক্র্যাটিক প্রার্থী জিনা হিনহোজে। সাউথ ক্যারোলিনায় ভ্যাটার্ন রাজনীতিক

এরপর ৩৯ পৃষ্ঠায়



ইতিহাস গড়ে আব্দুল এল সায়েদ সিনেটর নির্বাচিত

ইনশাআল্লাহতে শুরু আলহামদুলিল্লাহ শেষ

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রে প্রথমবারের মতো সিনেট নির্বাচনে মুসলিম ও ডেমোক্র্যাট দলীয় প্রার্থী আব্দুল এল সায়েদ ইতিহাস গড়লেন। দুনিয়াব্যাপী মুসলিম সম্প্রদায়ের আবেগের প্রার্থী সায়েদই শেষ হাসিটা হাসলেন। বিজয় ভাষনে তিনি বলেন, ইনশাল্লাহ বলে নির্বাচনী প্রচার শুরু করেছিলাম। বিজয়ের পর আলহামদুল্লিাহ বলে শেষ করলাম। যুক্তরাষ্ট্রের মধ্যবর্তী নির্বাচনে সিনেটের মিশিগান আসন থেকে তিনি নির্বাচন করেন। ধর্মীয়ভাবে শুধুমাত্র মুসলমান হবার কারনে নানা ধরনের

এরপর ৩৯ পৃষ্ঠায়

ইরান যুদ্ধকেই দায়ি করলেন ট্রাম্প ও জেডি ভ্যান্স

আজকাল রিপোর্ট

রিপাবলিকানদের মধ্যবর্তী নির্বাচনে পরাজয়ের কারণ হিসেবে ইরানের যুদ্ধের দিকে ইঙ্গিত করেছেন ট্রাম্প। বুধবার প্রেসিডেন্ট ট্রাম্প

এরপর ১৭ পৃষ্ঠায়

ট্রাম্প কি তৃতীয়বারের মতো ইমপিচমেন্টের মুখোমুখি?

আজকাল রিপোর্ট



যুক্তরাষ্ট্রের মধ্যবর্তী নির্বাচনে কংগ্রেসের উভয় কক্ষে জয়লাভ করেছে ডেমোক্র্যাটিক পার্টি। প্রেসিডেন্ট ট্রাম্পের দল রিপাবলিক্যান পার্টির শোচনীয় পরাজয় হয়েছে। সিনেট ও প্রতিনিধি পরিষদে ডেমোক্র্যাটদের নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠাতা। সিনেট ৫৫টি ও হাউজে ২৫৫টি আসন পচ্ছে তারা। নির্বাচনের ফলাফলকে রাজনীতিকরা ট্রাম্প ও তার প্রশাসনের প্রতি অনাস্থা হিসেবেই দেখছে। তা'হলে কি ট্রাম্প ইমপিচমেন্টের মুখোমুখি হবেন? এমন প্রশ্নটি নির্বাচনের পরপরই আলোচনায় এসেছে। ট্রাম্প অবশ্য নির্বাচনের আগে বলেছিলেন, ডেমোক্র্যাটরা কংগ্রেস মেজোরিটি পেলে আমাকে ইমপিচমিন্ট করবে। ট্রাম্পের ধারনাই কি ঠিক হবে? ২০১৬ সালে ট্রাম্প প্রেসিডেন্ট

এরপর ৫৫ পৃষ্ঠায়



পদত্যাগ করছেন মার্কো রুবিও!

আজকাল রিপোর্ট

মার্কো রুবিও আগামী জাতীয় নির্বাচনে রিপাবলিকান পার্টি থেকে প্রেসিডেন্ট হিসেবে লড়ছেন? সে কারণেই তার পদত্যাগ ইস্যুটি সামনে আনা হয়েছে। মধ্যবর্তী

এরপর ৩৯ পৃষ্ঠায়



হোয়াইট হাউজে পদত্যাগ ও বদলী আতংক

আজকাল রিপোর্ট

মধ্যবর্তী নির্বাচনে ভরাডুবির পর ট্রাম্পকে কৌশল পরিবর্তনের আহ্বান জানিয়েছেন রিপাবলিকানরা। হোয়াইট হাউস প্রশাসনে বড় ধরনের পরিবর্তনের দাবিকে জোরালো হচ্ছে। হোয়াইট হাউজের ভেতরে এক ধরনের আতংক বিরাজ করছে। জানুয়ারিরতে ডেমোক্র্যাটদের দায়িত্ব নেবার আগেই অনেকে সরে পড়তে চাচ্ছেন। তদন্তের মতো

এরপর ৩৯ পৃষ্ঠায়



যুক্তরাষ্ট্রে প্রথম বাংলাদেশি মেয়র মুহিত মাহমুদ

আজকাল রিপোর্ট

বাংলাদেশি আমেরিকান মুহিত মাহমুদকেই মিশিগানের হ্যামট্রামক সিটির মেয়র হিসেবে ঘোষণা করলো মাননীয় আদালত। প্রায় ১ বছর ধরে চলা আইনী

এরপর ৩৯ পৃষ্ঠায়



সেই ইলহান ওমর আবারও জিতলেন

আজকাল রিপোর্ট

ট্রাম্পের রাজনৈতিক প্রতিহিংসার শিকার সেই মুসলিম ইলহান ওমর ৫ম বারের মতো কংগ্রেসে জিতলেন। একের পর এক ইমিগ্রেশন সংক্রান্ত জালিয়াতির

এরপর ৫৫ পৃষ্ঠায়



আবার নতুন সকাল এসেছে বললেন মামদানি

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রের মধ্যবর্তী নির্বাচনে ডেমোক্রাটিক পার্টির জয়ের পর দলটির নেতাদের জনগণের প্রত্যাশা পূরণে কাজ করার আহ্বান জানিয়েছেন নিউইয়র্ক সিটির

এরপর ৫৫ পৃষ্ঠায়

এক্সিডেন্ট কেইসেস
ও
মেডিকেল ম্যালপ্র্যাক্টিস
বিনামূল্যে পরামর্শ
এটর্নি বাসায় ও হাসপাতালে নিয়ে যাবে
Call : +1(866) 664 6529
For appointments only

Computer Support/Job?
ডাটা রিকভারি, নেটওয়ার্কিং, AI সফটওয়্যার
ট্যাক্স কোর্স ও কম্পিউটারের চাকুরী
২৫ বছরের অভিজ্ঞ প্রফেশনালদের পরামর্শ ও সহায়তা নিন।
(929) 665 2500
Tired of Driving? Get office Job

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন,নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন ।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ভিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি ।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার) চিকেন কিনলে ২টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $20.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

সরকারী অনুদানে বাসা ও ব্যবসা প্রতিষ্ঠানে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?
GREE MECHANICAL YONKERS
আপনি কি বাড়ীর হিটিং কিংবা সিস্টেম রিপ্লেস করতে চান?
আমরা বাড়ীর পরিবর্তনের মাধ্যমে আপনার বাসা ও ব্যবসা প্রতিষ্ঠানে টিনা বিট লাগিয়ে থাকি।
সরকারী অনুদানে $8000-$10000 ডলার।
বিস্তারিত জানতে কল করুন
914-222-9477, 914-989-0089
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave,Yonkers NY 10710
তোফায়েল চৌধুরী

MEGA insurance BROKERAGE
TLC UBER, LYFT, YELLOWCAB, BLACK CAR ইন্স্যুরেন্সের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
আমরা দিচ্ছি ফ্রি কোটেশন সুবিধা
TAXI-LIMOUSINE INSURANCE EXPERT
WE OFFER DMV/TLC SERVICES & CLAIMS
Uber lyft NYC TAXI
DIRECT: 718-730-5290 OFFICE: 212-721-0001
32-47 57TH ST, WOODSIDE, NY 11377
RAJIB AHMED
PRESIDENT & CEO
LICENSED REAL ESTATE EXPERT

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1512055

NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE

NEW YORK SENIOR ADULT DAYCARE

নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার

WE HAVE MOST PROMINENT MLTC CONTACT

healthfirst Health Insurance for New Yorkers
elderplan a participating agency of MJHS Health System
Anthem
Hamaspik MANAGED CARE
RiverSpring Living
MetroPlus Health
SWH Senior Whole Health.





SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO



FUHAD HUSSAIN
CCO



MOHAMMAD ZAHID ALAM
CFO

- We Provide Transportation for Pick-Up and Drop Off
- Both Halal and Vegetarian Food Option

সর্বোচ্চ সেবার নিশ্চয়তা

CALL US NOW:
718-516-3425

A SISTER CONCERN OF SHAH NAWAZ GROUP
SNG SHAH NAWAZ GROUP

Design by: ihopeprint.com, 929-536-7903

CONTACT US:

Off: 718-516-3424
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
86-11 101 Avenue,
Ozone Park, NY 11416

এম এম শহিদুল হাসান-এর কলাম শিক্ষকদের রাজনৈতিক বিশ্বাস বনাম দলীয়করণ
০৫ পৃষ্ঠায়



রাজেকুজ্জামান রতন-এর কলাম শ্রমিক অসন্তোষ-সংকট না ষড়যন্ত্র?
১০ পৃষ্ঠায়



ড. আনোয়ারউল্লাহ চৌধুরী-এর কলাম দুর্নীতিমুক্ত সমাজ, বাস্তবতা নাকি দিবাস্বপ্ন
০৬ পৃষ্ঠায়



সাপ্তাহিক আজকাল
Friday, 06 November 2026, Issue 947, www.ajkalusa.com
PAGE 03





কংগ্রেসওম্যান ওকাসিও ও ক্যাথি হোচুল পুনরায় জয়ী

আজকাল রিপোর্ট

নিউইয়র্কে যুক্তরাষ্ট্রের প্রতিনিধি পরিষদের নির্বাচনে ডেমোক্র্যাটদের বড় সাফল্য এসেছে। গত মঙ্গলবার ৩ নভেম্বরের নির্বাচনে নিউইয়র্ক সিটির বিভিন্ন কংগ্রেসনাল আসনে মেয়র জোহরান মামদানির ঘনিষ্ঠ তিন মিত্র ব্র্যাড ল্যান্ডার, ক্লেয়ার ভালদেজ ও দারিয়ালিজা আভিলা শেভালিয়ার জয় পেয়েছেন। তাঁদের বিজয়ের মধ্য দিয়ে প্রতিনিধি পরিষদে মামদানির রাজনৈতিক ধারার সমর্থক আরও তিনজন যুক্ত হচ্ছেন।
নিউইয়র্ক সিটির ১১টি কংগ্রেসনাল ডিস্ট্রিক্টের এরপর ২৮ পৃষ্ঠায়

১২ দেশে কর্মী পাঠাতে মন্ত্রণালয়ের বিধিনিষেধ

আজকাল রিপোর্ট

সার্বিয়া, মলদোভা, বেলারুশ, কসোভো, বসনিয়া, জাপান, ইরাক, লাওস, ভিয়েতনাম, কম্বোডিয়া, ইউক্রেন ও লিবিয়াসহ ১২টি দেশে কর্মী পাঠানোর ক্ষেত্রে বাংলাদেশের প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের নিয়োগানুমতি বা অনুমোদন বাধ্যতামূলক করা হয়েছে। মন্ত্রণালয়ের অনুমোদন ছাড়া এসব দেশে যেতে ইচ্ছুক কর্মীদের বহির্গমন ছাড়পত্র (ইমিগ্রেশন ক্লিয়ারেন্স) ইস্যু না করার নির্দেশ দেওয়া হয়েছে।
বুধবার (৪ নভেম্বর) বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সির (বায়রা) এক চিঠিতে সদস্য রিক্রুটিং এজেন্সিগুলোকে এ নির্দেশনার কথা জানানো হয়। মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট নির্দেশনার পরিপ্রেক্ষিতে বায়রা সদস্যদের এ বিষয়ে অবহিত করেছে। নির্দেশনা অনুযায়ী, উল্লিখিত ১২টি দেশে কর্মসংস্থানের এরপর ৫৭ পৃষ্ঠায়

আইস সরাতে আদালতে যাওয়ার হুঁশিয়ারি মামদানির

আজকাল রিপোর্ট

নিউইয়র্ক সিটির পার্ক ও সিটি-মালিকানাধীন পার্কিং লটকে অভিবাসন অভিযান পরিচালনার ঘাঁটি হিসেবে ব্যবহারের অভিযোগে ফেডারেল সরকারের বিরুদ্ধে আইনি পদক্ষেপ নেওয়ার হুঁশিয়ারি দিয়েছেন মেয়র জোহরান মামদানি। তিনি বলেছেন, সিটি প্রশাসনের অনুমতি ছাড়া নগরীর সম্পত্তি ব্যবহার করে অভিবাসন অভিযান পরিচালনা করতে দেওয়া হবে না। এ ধরনের কার্যক্রম অব্যাহত থাকলে আদালতের দ্বারস্থ হবে সিটি প্রশাসন। গত সোমবার হোমল্যান্ড সিকিউরিটি বিভাগ (ডিএইচএস) এবং ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্টের (আইস) শীর্ষ কর্মকর্তাদের কাছে পাঠানো এক চিঠিতে মামদানি নগরীর সম্পত্তি ব্যবহার বন্ধে প্রয়োজনীয় নির্দেশনা জারির আহ্বান জানান। একই সঙ্গে



ফেডারেল আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের সঙ্গে যোগাযোগ ও তাদের কার্যক্রম মোকাবিলায় সিটি পার্কস বিভাগের কর্মীদের জন্য নতুন নীতিমালা ঘোষণা করেছে তার প্রশাসন। অভিযোগ অনুযায়ী, ব্রঙ্কসের ভ্যান কর্টল্যান্ড পার্ক এবং কুইন্সের ফ্লাশিং মেডোজ করোনা পার্কের পশ্চিম পাশে ১১১ স্ট্রিটসংলগ্ন সিটি-মালিকানাধীন কয়েকটি পার্কিং লটে আইস কর্মকর্তারা গাড়ি রাখছেন এবং অভিবাসন অভিযান পরিচালনার প্রস্তুতি নিয়ে বৈঠক করছেন। এসব পার্কিং লটের মধ্যে কুইন্সের কয়েকটি স্থান নগর পরিচালিত একটি প্রি-স্কুল এবং শিশুদের যাতায়াত রয়েছে এমন কয়েকটি সাংস্কৃতিক প্রতিষ্ঠানের কাছাকাছি অবস্থিত।
মামদানি তাঁর চিঠিতে বলেন, এসব সম্পত্তি ব্যবহারের জন্য সিটি প্রশাসন আইসকে কোনো অনুমতি দেয়নি। নগরীর পার্ক ও পার্কিং লট বাসিন্দা এবং এরপর ২৮ পৃষ্ঠায়

সেন্ট অ্যালবান্স বাংলাদেশি কমিউনিটির সভাপতি তৌফিক, সম্পাদক মামুন

আজকাল রিপোর্ট

প্রবাসী বাংলাদেশিদের সংগঠন 'সেন্ট অ্যালবান্স বাংলাদেশি কমিউনিটি ইউএসএ ইনক'র ২০২৬-২০২৭ মেয়াদের নতুন কার্যকরী কমিটি গঠিত হয়েছে। এতে সভাপতি নির্বাচিত হয়েছেন তৌফিক আলম এবং সাধারণ সম্পাদক হয়েছেন মণ্ডলা মামুন।
আনন্দঘন ও উৎসবমুখর পরিবেশে সংগঠনের বিশেষ সাধারণ সভা ও নির্বাচন পরিচালনা কমিটির তত্ত্বাবধানে এ নির্বাচন অনুষ্ঠিত হয়। প্রধান নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন দারুল আরকাম ইসলামিক সেন্টারের সভাপতি নাঈম ইসলাম। সহকারী নির্বাচন কমিশনার ছিলেন কমিউনিটি ব্যক্তিত্ব রুহুল আমিন। নতুন কমিটির অন্য দায়িত্বপ্রাপ্তরা এরপর ৩৬ পৃষ্ঠায়



ইরানের কেশম দ্বীপে যুক্তরাষ্ট্র

আজকাল রিপোর্ট

ইরানের কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ কেশম দ্বীপে হামলা চালিয়েছে যুক্তরাষ্ট্র। মার্কিন সংবাদমাধ্যম দ্য ওয়াল স্ট্রিট জার্নাল এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে। গত মঙ্গলবার (৩ নভেম্বর) ভোরে দক্ষিণ ইরানের কেশম দ্বীপ ও বন্দর লেঙ্গেহতে একাধিক বিস্ফোরণের শব্দ শোনা গেছে বলে জানিয়েছে ইরানি সংবাদমাধ্যম।
বার্তা সংস্থার প্রতিবেদনে বলা হয়, মার্কিন কর্মকর্তাদের বরাত দিয়ে কেশম দ্বীপে হামলার খবর প্রকাশ করেছে দ্য ওয়াল স্ট্রিট জার্নাল। তবে বিস্ফোরণের কারণ, হতাহত কিংবা ক্ষয়ক্ষতির বিষয়ে তাৎক্ষণিকভাবে কোনো তথ্য এরপর ৩৬

ঢাবি অ্যালামনাই'র বার্ষিক ডিনার অনুষ্ঠিত

আজকাল রিপোর্ট

গান, আনন্দ আড্ডা ও ব্যাপক উৎসাহ-উদ্দীপনায় নিউইয়র্কে অনুষ্ঠিত হয়েছে ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশন অব ইউএসএ ইনকের বার্ষিক ডিনার। গত ৩১ অক্টোবর উডসাইডের গুলশান টেরেস আয়োজিত এ অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস-ঐতিহ্য ধরে রাখা, পারস্পরিক সহযোগিতা ও প্রবাসে ঐক্য জোরদারের প্রত্যয় ব্যক্ত করেন প্রাক্তন শিক্ষার্থীরা।
অনুষ্ঠানের উদ্বোধন করেন সংগঠনের সভাপতি এম এস আলম। আয়োজক কমিটির আহ্বায়ক বেলাল মাহমুদের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক রুহুল আমিন সরকারের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন সংগঠনের প্রতিষ্ঠাতা সভাপতি ও বীর মুক্তিযোদ্ধা এরপর ২৮ পৃষ্ঠায়



জ্যামাইকার মসজিদ আল আরাফা'র নতুন কমিটির শপথ গ্রহণ

আজকাল রিপোর্ট

নিউইয়র্ক সিটির জ্যামাইকা এলাকার অন্যতম আকর্ষনীয় মসজিদগুলোর মধ্যে মসজিদ আল আরাফা'র নতুন কমিটির কর্মকর্তারা শপথ গ্রহণ করেছেন। গত ১৬ অক্টোবর শুক্রবার সন্ধ্যায় মসজিদে আয়োজিত এক অনাড়ম্বর অনুষ্ঠানে ৯ সদস্য বিশিষ্ট কমিটির কার্যকরী কমিটির কর্মতারা শপথ গ্রহণ করেন। বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত কর্মকর্তাদের শপথবাক্য পাঠ করান শেখ শোয়েব। এসময় মসজিদের ট্রাষ্টিবোর্ডের সদস্যগণ ছাড়াও নিয়মিত মুসল্লীগন উপস্থিত ছিলেন।
৯ সদস্য বিশিষ্ট কমিটির কর্মকর্তারা হলেন: সভাপতি- এরপর ৫৭ পৃষ্ঠায়

GEHI & ASSOCIATES
Attorneys and Counselors at Law
www.gehilaw.com
JACKSON HEIGHTS OFFICE
ফ্রি কনসালটেশন
74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911



Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট
অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

● Do you want apply for a green card? ● Are you being deported? ● Are you having credit card problems?
● Are you unable to pay your debts? ● Has your bank account been sealed?
● Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

Call: 718-263-5999

● তুলনামূলকভাবে কম ফি ● সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।



Asif Mortuza

NY INSURANCE BROKERAGE INC

আপনি কি TLC প্লেট নিতে চান??

NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২)
প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি,
তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

এই সুযোগ গ্রহন করতে চাইলে **NY INSURANCE**-এ দ্রুত যোগাযোগ করুণ



Design & Print by: lhopeprint.com, 929-538-7903

CONTACT US:

SCAN ME

718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372
office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

সম্পাদকীয়

ইরান যুদ্ধের মাশুল দিল রিপাবলিক্যান পার্টি

যুক্তরাষ্ট্রের মধ্যবর্তী নির্বাচনে রিপাবলিকানদের বড় পরাজয়ের পেছনে ইরান যুদ্ধের প্রভাব ছিল বলে স্বীকার করেছেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তবে এই যুদ্ধের সিদ্ধান্তে তার কোনো অনুশোচনা নেই। আবার সুযোগ পেলেও একই সিদ্ধান্ত নিতেন বলে জানিয়েছেন তিনি। এ সংঘাতের কারণে স্বল্প মেয়াদে জ্বালানির দাম বেড়েছে বলেও স্বীকার করেন তিনি। তবে তার দাবি, ইরানকে পারমাণবিক অস্ত্র অর্জন থেকে ঠেকাতে সামরিক অভিযান প্রয়োজন ছিল।

ওয়াল স্ট্রিট জার্নালকে ট্রাম্প বলেছেন, 'আমি সঠিক কাজ করেছি। আবারও একই কাজ করতাম।' তার ভাষ্য, দীর্ঘ মেয়াদে ইরানকে পারমাণবিক অস্ত্র অর্জন থেকে ঠেকানোর এটাই একমাত্র উপায়। মঙ্গলবার অনুষ্ঠিত মধ্যবর্তী নির্বাচনে বড় ধাক্কা খেয়েছে ট্রাম্পের রিপাবলিকান পার্টি। প্রতিনিধি পরিষদ ও সিনেট-কংগ্রেসের দুই কক্ষের নিয়ন্ত্রণ পেয়েছে ডেমোক্র্যাটরা। নির্বাচনের ফলের পর রিপাবলিকানদের

> তার বক্তব্য, আগামী ছয় বছরের জন্য সিনেটের নিয়ন্ত্রণ হারানো যুদ্ধের মূল্য হিসেবে কতটা যৌক্তিক ছিল, তা নিয়ে দলের সদস্যদের খোলাখুলি আলোচনা করা উচিত। ইরান যুদ্ধ শুরু হওয়ার পর থেকেই যুক্তরাষ্ট্রে এ নিয়ে অসন্তোষ ছিল। যুদ্ধের কারণে পেট্রল ও অন্যান্য পণ্যের দাম বেড়ে যাওয়ায় জীবনযাত্রার ব্যয় নিয়ে ভোটারদের উদ্বেগ আরও বেড়েছে। নির্বাচনী প্রচারে ডেমোক্র্যাট প্রার্থীরাও যুদ্ধের অর্থনৈতিক প্রভাবকে গুরুত্ব দিয়ে তুলে ধরেছেন। তবে ট্রাম্প যুদ্ধের বিরোধিতা ও এর অর্থনৈতিক প্রভাবের মধ্যে পার্থক্য টানার চেষ্টা করেছেন। তার দাবি, ভোটাররা ইরানের বিরুদ্ধে তার পদক্ষেপের গুরুত্ব বুঝেছেন। কিন্তু জ্বালানির বাড়তি দাম মেনে নিতে চাননি



পরাজয়ের কারণ নিয়ে দলের ভেতরেই আলোচনা শুরু হয়েছে। রিপাবলিক্যানরা ট্রাম্পকে নীতির পরিবর্তনের আহবান জানিয়েছে। ট্রাম্পের একগুয়েমি ও একতরফা নীতি অব্যাহত থাকলে ২০২৮ সালে প্রেসিডেন্ট নির্বাচনেও তার মাশুল দিতে হবে বলে রাজনীতিকরা আশংকা প্রকাশ করছেন।

তাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স এ পরাজয়ের জন্য সরাসরি ইরান যুদ্ধকে দায়ী করেছেন। সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া পোস্টে তিনি লিখেছেন, 'আমাদের হারের কারণ যুদ্ধ।' তার বক্তব্য, আগামী ছয় বছরের জন্য সিনেটের নিয়ন্ত্রণ হারানো যুদ্ধের মূল্য হিসেবে কতটা যৌক্তিক ছিল, তা নিয়ে দলের সদস্যদের খোলাখুলি আলোচনা করা উচিত।

ইরান যুদ্ধ শুরু হওয়ার পর থেকেই যুক্তরাষ্ট্রে এ নিয়ে অসন্তোষ ছিল। যুদ্ধের কারণে পেট্রল ও অন্যান্য পণ্যের দাম বেড়ে যাওয়ায় জীবনযাত্রার ব্যয় নিয়ে ভোটারদের উদ্বেগ আরও বেড়েছে। নির্বাচনী প্রচারে ডেমোক্র্যাট প্রার্থীরাও যুদ্ধের অর্থনৈতিক প্রভাবকে গুরুত্ব দিয়ে তুলে ধরেছেন।

তবে ট্রাম্প যুদ্ধের বিরোধিতা ও এর অর্থনৈতিক প্রভাবের মধ্যে পার্থক্য টানার চেষ্টা করেছেন। তার দাবি, ভোটাররা ইরানের বিরুদ্ধে তার পদক্ষেপের গুরুত্ব বুঝেছেন। কিন্তু জ্বালানির বাড়তি দাম মেনে নিতে চাননি।

শিক্ষকদের রাজনৈতিক বিশ্বাস বনাম দলীয়করণ

এম এম শহিদুল হাসান

স্বাধীনতার অর্ধশতক পেরিয়ে এসে বাংলাদেশের বিশ্ববিদ্যালয়গুলো সংখ্যায় বেড়েছে, কিন্তু একটি প্রশ্ন ক্রমেই জোরালো হচ্ছে: তরুণ প্রজন্ম গড়ার দায়িত্ব যাদের হাতে, সেই শিক্ষকদের নিয়ে সময় ও শক্তি কোথায় যাচ্ছে? শ্রেণিকক্ষ ও গবেষণায় শিক্ষকরা সময় দিলেও অনেক শিক্ষকই সরাসরি দলীয় রাজনীতির সঙ্গে যুক্ত হয়ে পড়েছেন। কোথাও কোথাও তারা নিজ দলের ছাত্র সংগঠনের উপদেষ্টা বা রাজনৈতিক অভিভাবকের ভূমিকাও পালন করেন। শিক্ষকদের এতটা দলীয় সম্পৃক্ততা আন্তর্জাতিকভাবে অস্বাভাবিক।



প্রশ্নটি আরও জরুরি। ভবিষ্যতের কর্মসংস্থানের ধরন আগাম বলা কঠিন। প্রয়োজনীয় দক্ষতা দ্রুত বদলাচ্ছে, অর্থনীতি ক্রমেই প্রযুক্তিনির্ভর হয়ে উঠছে। শিক্ষার্থীরা এখন শুধু জ্ঞানার্জন নয়; কর্মজীবনের দক্ষতা অর্জনের জন্যও বিশ্ববিদ্যালয়ে আসে। কৃত্রিম বুদ্ধিমত্তার যুগে যেখানে এআই তথ্য প্রদান করে, সেখানে শিক্ষকের ভূমিকা পরিবর্তিত হয়েছে। ফলে শিক্ষকের দায়িত্ব কমেনি, অনেক বেড়েছে।

> স্বাধীনতার আগের যুগের মহান শিক্ষকরা বাংলাদেশের বিশ্ববিদ্যালয়কে গুরুত্বপূর্ণ করে তুলেছিলেন দলের কর্মী হিসেবে নয়। তারা তা করেছিলেন শিক্ষক, গবেষক ও বুদ্ধিজীবী হিসেবে; দেশের প্রয়োজনের সময় কথা বলার সাহস নিয়ে। এই ঐতিহ্যই ধরে রাখার মতো। বাংলাদেশ যদি চায় তার বিশ্ববিদ্যালয়গুলো স্বাধীনচেতা, সৃজনশীল ও দায়িত্বশীল এমন এক প্রজন্ম তৈরি করুক, যারা দ্রুত বদলে যাওয়া বিশ্বে প্রতিযোগিতা করতে পারবে, তাহলে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের শিক্ষাদাতা, গবেষক ও বুদ্ধিবৃত্তিক নেতা হিসেবে নিজেদের কেন্দ্রীয় ভূমিকা ফিরিয়ে নিতে হবে। রাজনৈতিক বিশ্বাস ব্যক্তিগত অধিকার, কিন্তু একাডেমিক সততা পেশাগত দায়িত্ব

উন্নয়নের পথে এশিয়ার অভিজ্ঞতা

এশিয়ার অন্য দেশগুলো থেকে আমাদের শেখার আছে। ১৯৬০-এর দশকে দক্ষিণ কোরিয়া ছিল দরিদ্র কৃষিপ্রধান দেশ। শিক্ষা, গবেষণা, শিল্প ও রপ্তানিতে টানা বিনিয়োগ করে তারা আজ বিশ্বের অন্যতম অর্থনৈতিক ও প্রযুক্তিগত শক্তি। দেশটির মোট দেশজ উৎপাদনের (জিডিপি) প্রায় ৪৪ শতাংশই এখন রপ্তানি থেকে আসে। ভিয়েতনামও দীর্ঘমেয়াদি শিল্পনীতি, দক্ষ প্রশাসন ও আধুনিক হয়ে ওঠা শিক্ষাব্যবস্থার জোরে বড় রপ্তানিমুখী উৎপাদনকারী দেশ হয়েছে। ২০২৫ সালে তাদের রপ্তানি ৪৭ কোটি মার্কিন ডলার ছাড়িয়েছে, যার বড় অংশ এসেছে ইলেকট্রনিকস ও প্রযুক্তি খাত থেকে।

বাংলাদেশের জন্য শিক্ষাটি পরিষ্কার: অর্থনৈতিক রূপান্তরের জন্য শুধু অবকাঠামো আর বিনিয়োগ যথেষ্ট নয়; দরকার এমন বিশ্ববিদ্যালয়, যা জ্ঞান, দক্ষতা, উদ্ভাবন ও চিন্তার স্বাধীনতা তৈরি করতে পারে। তাই শিক্ষকদের দায়িত্ব শ্রেণিকক্ষের বাইরেও প্রসারিত। তবে তা মূলত একাডেমিক ও বুদ্ধিবৃত্তিক।

স্বাধীনতার লড়াই থেকে দলীয় রাজনীতি

বিশ্ববিদ্যালয় কখনও রাজনীতিমুক্ত জায়গা ছিল না; হওয়া উচিতও নয়। এখানে রাজনৈতিক ধারণা নিয়ে বিতর্ক হয়; জনসাধারণের নীতি নিয়ে প্রশ্ন ওঠে। সমাজের প্রচলিত ধারণা যাচাই করা হয়। নাগরিক হিসেবে শিক্ষকদেরও রাজনৈতিক বিশ্বাস রাখা এবং মতপ্রকাশের পূর্ণ অধিকার রয়েছে।

আসল প্রশ্ন অন্য জায়গায়। শিক্ষকরা কি বিশ্ববিদ্যালয়ের ভেতরে সক্রিয় দলীয় রাজনীতিক হয়ে উঠবেন? দলীয় লাইনে শিক্ষার্থীদের সংগঠিত করবেন? রাজনৈতিক যোগাযোগের জোরে একাডেমিক ও প্রশাসনিক পদ চাইবেন?

জাতীয় সংকটে শিক্ষক-শিক্ষার্থীরা কতটা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারেন, তার উজ্জ্বল দৃষ্টান্ত বাংলাদেশের ইতিহাসে রয়েছে। ভাষা আন্দোলন থেকে শুরু করে ১৯৫০, ৬০ ও ৭০-এর দশকের বিভিন্ন রাজনৈতিক সংগ্রামে ঢাকা বিশ্ববিদ্যালয় ছিল প্রতিরোধ ও আন্দোলনের অন্যতম প্রধান কেন্দ্র। স্বায়ত্তশাসনের দাবিকে এগিয়ে নিতে শিক্ষকরা রেখেছেন গুরুত্বপূর্ণ বুদ্ধিবৃত্তিক ও নৈতিক অবদান। তাদের অনেকে নির্যাতনের শিকার হয়েছেন; বহু শিক্ষক-শিক্ষার্থী সরাসরি মুক্তিযুদ্ধে অংশ নিয়েছেন; শহীদ হয়েছেন দেশের অনেক শিক্ষক, চিকিৎসক, সাংবাদিক ও বুদ্ধিজীবী।

সেই রাজনীতির চরিত্র ছিল সম্পূর্ণ আলাদা। তখন প্রশ্ন ছিল না কোন দল বিশ্ববিদ্যালয় নিয়ন্ত্রণ করবে, কে উপাচার্য হবেন বা কোন গোষ্ঠী প্রশাসনিক সুবিধা পাবে। শিক্ষক-শিক্ষার্থীরা সাড়া দিয়েছিলেন রাজনৈতিক অধিকার, গণতন্ত্র ও জাতীয় আত্মনিয়ন্ত্রণের ঐতিহাসিক সংগ্রামে।

স্বাধীনতার পর দেশ গড়ার জন্য দরকার ছিল এমন বিশ্ববিদ্যালয়, যা জ্ঞান সৃষ্টি করবে, নতুন প্রজন্মকে এরপর ২৮ পৃষ্ঠায়

মন্ত্রীদের পিএস বা এপিএস হিসেবে বিচারকদের পদায়ন স্বাধীন বিচারব্যবস্থার পরিপন্থী

ব্যারিস্টার নাজির আহমদ

বাংলাদেশে প্রায় সময় প্রজ্ঞাপন বা স্মারক জারি করে অধস্তন আদালতের বিচারকদের বিভিন্ন মন্ত্রণালয়ের নির্বাহী পদে বা শীর্ষ পর্যায়ের রাজনৈতিক নেতা তথা মন্ত্রীদের একান্ত সচিব (পিএস) বা সহকারী একান্ত সচিব (এপিএস) পদে পদায়ন করা হয় বা প্রেষণে পাঠানো হয়। এই রীতি ও নিয়ম দীর্ঘদিন ধরে চলে আসছে। কিন্তু বিচারকদের এভাবে নির্বাহী বিভাগে পদায়ন ও শীর্ষ পর্যায়ের রাজনীতিবিদদের সংস্পর্শে আনা এবং পুনরায় বিচার বিভাগে ফিরিয়ে নিয়ে আসা ক্ষমতার পৃথকীকরণ নীতি ও স্বাধীন বিচারব্যবস্থার ধারণার পরিপন্থী। এ ধরনের পদায়ন বিচারব্যবস্থার উপর সুদূরপ্রসারী প্রভাব ফেলে। বিচারকদের ইস্পাত কঠিন ইন্টেগ্রিটি ধীরে ধীরে লোপ পায় এবং জনগণ বিচারব্যবস্থার প্রতি আস্থা হারায়।

অধস্তন আদালতের বিচারকদের সম্পূর্ণ আলাদা প্রক্রিয়ায় নিয়োগ দেওয়া হয়। এক সময় বাংলাদেশ সিভিল সার্ভিসের (বিসিএস) প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে প্রশাসন ক্যাডার ও বিচার বিভাগে (মুন্সেফ, পরে সহকারী জজ) নিয়োগ দেয়া হলেও পরবর্তীতে বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস (বিজেএস) এর স্বতন্ত্র প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে বিচারকদের (সহকারী জজ) আলাদাভাবে নিয়োগ দেয়া শুরু হয়। এটি নিঃসন্দেহে প্রশংসনীয় উদ্যোগ। কিন্তু স্বচ্ছ নিয়োগ প্রক্রিয়ার মাধ্যমে বিচারকদের নিয়োগ দিয়ে পরবর্তীতে কেন যে তাদের নির্বাহী বিভাগে পাঠিয়ে বিচারক ও বিচার বিভাগের মর্যাদা, স্বাতন্ত্রতা ও নিরপেক্ষতা প্রশ্নবিদ্ধ করা হচ্ছে তা বোধগম্য নয়।

অধস্তন আদালতের বিচারকদের মন্ত্রীদের পিএস বা এপিএস হিসেবে প্রেষণে পাঠালে বিচার বিভাগের মর্যাদা ও নিরপেক্ষতা ক্ষুন্ন হয়। একজন বিচারক যখন একজন রাজনৈতিক শীর্ষ নেতা যিনি নির্বাহী বিভাগের ক্ষমতাধর মন্ত্রী হয়েছেন তার ব্যক্তিগত সচিব হিসেবে ফাইলপত্র নাড়াচাড়া করেন বা দাপ্তরিক কাজের তদারকি করেন তখন বিচারক পদের যে নিরপেক্ষতা ও গাম্ভীর্যতা থাকে তা ন্যা চারালি ব্যাহত হয়, হতে বাধ্যক। সমাজ ও দেশের প্রায় সবকিছুতেই অতি রাজনীতিকরণ বিদ্যমান- এমন বাস্তবতায় পিএস, এপিএস ও মন্ত্রীদের মধ্য। একটি কানেকশন, যোগাযোগ, বোঝাপড়া ও শখ্যতা গড়ে ওঠে এবং ওঠা স্বাভাবিক। ভবিষ্যতে সেই পিএস ও এপিএস যখন আবার বিচারকের আসনে ফিরবেন, তখন তার দেওয়া রায়ের নিরপেক্ষতা নিয়ে জননে প্রশ্ন উঠতে পারে, সন্দেহের উদ্রেক হওয়া স্বাভাবিক।



বাংলাদেশে এখন পর্যন্ত পাবলিক কোনো সেক্টরে সুষ্ঠু ও গতিশীল প্রতিষ্ঠান গড়ে উঠেনি। সরকারি অফিস ও দপ্তরে জনগণের সেবা পেতে কী পরিমাণ ভোগান্তি ও হয়রানীর সম্মুখীন হতে হয় তা বলার অপেক্ষা রাখে না। সরকারি অফিসে কোনোকিছুই সুষ্ঠুভাবে ফাংশন করে না। কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে 'ফাংশনাল সার্ভিস মেন্টালিটি' এখনও গড়ে ওঠেনি। উপরের ফোন, লবিং, কানেকশন, ঘুষ ও উৎকোচ - এগুলো হলো সেবা নিশ্চিতের এক একটি উপাদান। এমতাবস্থায়, বিচারকরা নির্বাহী বিভাগের এমন বাস্তব পরিবেশে কাজ করে বিচার বিভাগে পুনরায় ফিরে গিয়ে নিরপেক্ষতা বজায় রেখে বিচার করতে পারবেন? পূর্বের রাজনৈতিক বস তথা মন্ত্রীরা যদি আবদার ও তদবির করেন তা কতজন এগুলো এড়িয়ে বা পাশ কাঠিয়ে তাদের নৈতিকতার উচ্চ অবস্থান বজায় রেখে বিচারকাজ চালিয়ে যেতে পারবেন?

নব্বই দশকের গোড়ার দিকে তৎকালীন প্রধান বিচারপতি সাহাবুদ্দিন আহমদ নির্বাহী বিভাগের সর্বোচ্চ পদ তথা অছায়ী রাষ্ট্রপতির পদ তিন মাস ধারণ করে আবার তার পূর্ব পদ তথা প্রধান বিচারপতির পদে ফিরে যান। এরপর সুপ্রিম কোর্টের আপিল বিভাগে তার সামনে "গোলাম আজম বনাম বাংলাদেশ" মামলাটি শুনানির জন্য আসে। তিনি চাইলে প্রধান বিচারপতি হিসেবে সেই মামলার শুনানিতে অংশগ্রহণ করতে পারতেন। কিন্তু যেহেতু তিনি নির্বাহী বিভাগের সর্বোচ্চ পদ অলংকৃত করেছেন এবং সেই সময় রাষ্ট্রের প্রধান নির্বাহী হিসেবে ঐ ফাইলটি তিনি নাড়াচাড়া করেছেন সেহেতু তিনি নিজ থেকে সেই মামলার শুনানি থেকে নিজেকে সরিয়ে নিয়েছেন।

অধ্যাপক গোলাম আজমের মামলার প্রধান কৌঁসুলি ব্যারিস্টার এ আর ইউসুফ নব্বই দশকের মাঝামাঝি সময়ে লন্ডন সফরে এলে তার সঙ্গে এ নিয়ে আমার দীর্ঘ কথা হয়। তাকে নিয়ে একটি সেমিনারও আয়োজন করি লন্ডনে। একান্ত আলাপচারিতায় তিনি বলেছিলেন, তৎকালীন প্রধান বিচারপতি সাহাবুদ্দিন আহমদ (যিনি কিছুদিন আগে শীর্ষ নির্বাহী পদে পদায়িত ছিলেন) যদি নিজ থেকে নিজেকে সরিয়ে না নিতেন তাহলে আমরা অবজেকশন দিতাম। সে পর্যন্ত অবশ্য যাওয়া লাগেনি কেননা বিচারপতি সাহাবুদ্দিন আহমদ নিজেই নিজেকে প্রত্যাহার করেছেন। ওই সময় আপিল বিভাগে প্রধান বিচারপতি সাহাবুদ্দিন আহমদসহ পাঁচজন বিচারপতি ছিলেন। বিচারপতি সাহাবুদ্দিন আহমদ ছাড়া বাকি চারজন বিচারপতি (যথাক্রমে বিচারপতি হাবিবুর রহমান, বিচারপতি এটিএম আফজাল, বিচারপতি মোস্তফা কামাল ও বিচারপতি লতিফুর রহমান) 'গোলাম আজম বনাম বাংলাদেশ' শীর্ষক নাগরিকত্ব মামলার শুনানিতে অংশ নেন ও সর্বসম্মত এরপর ৩৬ পৃষ্ঠায়

> দেশের স্বাধীন ও নিরপেক্ষ বিচারব্যবস্থার স্বার্থে, ন্যায় বিচারের লক্ষ্যে এবং সর্বোপরি জনগণের সর্বশেষ আশ্রয়স্থল বিচার বিভাগের প্রতি মানুষের আস্থার স্বার্থে বিচারকদের নির্বাহী বিভাগে পদানত বা প্রেষণে প্রেরণ করা বন্ধ হোক। এই সংস্কৃতি বিচার বিভাগকে দীর্ঘ মেয়াদে ধুঁকে ধুঁকে ক্ষতি করে যা হয়তো তাৎক্ষণিকভাবে তেমনটা বোঝা যায় না

Editor & Publisher : Shah Nawaz
Managing Editor : Rano Nawaz
City Editor : Anik Raj
General Manager : Abubakar Siddique

সম্পাদক ও প্রকাশক : শাহ্ নেওয়াজ
ব্যবস্থাপনা সম্পাদক : রানো নেওয়াজ
সিটি এডিটর : অনিক রাজ
জেনারেল ম্যানেজার : আবুবকর সিদ্দিকী

Weekly Ajkal
71-16 35th Ave, Jackson Heights, NY 11372, USA.
Ph: 646-267-7751
web: www.ajkalusa.com
e-mail: ajkalnews@gmail.com

দুর্নীতিমুক্ত সমাজ, বাস্তবতা নাকি দিবাস্বপ্ন

ড. আনোয়ারউল্লাহ চৌধুরী

দুর্নীতির বিরুদ্ধে আমরা অনেকেই সোচ্চার, অথচ সমাজে দুর্নীতি বিদ্যমান। এটাই বাস্তব, এটাই সত্য। পৃথিবীর সব সমাজেই কমবেশি দুর্নীতি আছে। তবে বাংলাদেশে দুর্নীতির মাত্রা অত্যধিক। ২০০১ সালে দুর্নীতিবিরোধী আন্তর্জাতিক সংস্থা ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল (টিআই) তাদের এক প্রতিবেদনে দুর্নীতির ধারণা সূচকে বাংলাদেশকে এক নম্বরে স্থান দিয়েছিল। এ নিয়ে সেই সময় তুমুল হইচই হয়েছিল। উল্লেখ্য, ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল ২০০১ সালে দুর্নীতির যে ধারণা সূচক প্রকাশ করেছিল, তার ভিত্তি বছর ছিল ২০০০ সাল, যখন রাষ্ট্র পরিচালনার দায়িত্বে ছিল আওয়ামী লীগ। দুর্নীতি রাতারাতি সৃষ্টি হয় না এবং তাৎক্ষণিকভাবে তা নির্মূল করাও সম্ভব নয়। পরবর্তী সময়ে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনালের দুর্নীতির ধারণা সূচকে আরও চার বছর বাংলাদেশ শীর্ষ স্থানে ছিল। এক সময় বাংলাদেশকে টপকে হাইতি দুর্নীতির ধারণা সূচকে শীর্ষ স্থানে উঠে আসে। তার অর্থ এ নয় যে, বাংলাদেশ দুর্নীতি নিরসনে সাফল্য অর্জন করেছে। বাংলাদেশে দুর্নীতি তারপরও বেড়েছে, তবে অন্য কোনো কোনো দেশ দুর্নীতির ধারণা সূচকে বাংলাদেশকে অতিক্রম করে গেছে। এখনো বাংলাদেশ বিশ্বের সবচেয়ে দুর্নীতিগ্রস্ত কয়েকটি দেশের অন্যতম। এটা অত্যন্ত পরিতাপের বিষয় যে, দুর্নীতি নামক সামাজিক ব্যাধিতে আমরা আক্রান্ত এবং এ পরিচয় বিশ্বদরবারে আমাদের হেয় করছে: জাতি হিসেবে মর্যাদা ক্ষুন্ন করছে।

অতীতে কখনো বাংলাদেশের সমাজ সম্পূর্ণরূপে দুর্নীতিমুক্ত ছিল-এ কথা বলা যাবে না। কম হোক বেশি হোক সমাজে দুর্নীতি সব সময়ই ছিল। কিন্তু গত শতাব্দীর শেষ দশকে দুর্নীতি এতটা বৃদ্ধি পায় যে, আমরা বিশ্বে শীর্ষস্থানীয় দুর্নীতিগ্রস্ত দেশ হিসেবে চিহ্নিত হই। সমাজের ওপর থেকে নিচ পর্যন্ত সব স্তরে দুর্নীতির ব্যাপক বিস্তার ঘটে। যেন সমগ্র সমাজ ও রাষ্ট্র দুর্নীতির ওপর ভিত্তি করে টিকে ছিল। আমাদের জাতীয় ইতিহাসে এটি একটি কলঙ্কজনক অধ্যায় হিসেবে চিহ্নিত হয়ে থাকবে। তবে আফসোস করে লাভ নেই। দুর্নীতির বিরুদ্ধে সামাজিক আন্দোলন এবং বিদ্রোহ গড়ে তোলাই এখন সময়ের দাবি। এ দাবি ইতোমধ্যে উত্থাপিত হয়নি তা নয়। তবে দুর্নীতিবিরোধী আন্দোলন আরও শক্তিশালী এবং বেগবান করার প্রয়োজন রয়েছে। দীর্ঘ ফ্যাসিবাদী শাসনের পর চব্বিশে ছাত্র-জনতার গণ অভ্যুত্থানের মধ্য দিয়ে জনগণ তাদের ভোটের অধিকার ফিরে পেয়েছেন। ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিত ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে একক সংখ্যাগরিষ্ঠতা নিয়ে বিএনপি সরকার পরিচালনার দায়িত্বভার লাভ করেছে। চব্বিশের গণ অভ্যুত্থানের অন্যতম লক্ষ্য ছিল শোষণ-দুর্নীতি এবং সন্ত্রাসমুক্ত বাংলাদেশ গড়ে তোলা। সরকার নিশ্চয়ই এ সম্পর্কে সচেতন আছে এবং সন্ত্রাস মুক্তির লক্ষ্যে বেশ কিছু দৃঢ় পদক্ষেপ গ্রহণ করেছে। সংরক্ষিত নারী আসনের একজন সংসদ সদস্যকে সন্ত্রাসী কার্যক্রমে যুক্ত থাকার অভিযোগে পদত্যাগ করতে বাধ্য করা হয়েছে। একজন প্রতিমন্ত্রীকে প্রকাশ্যে অস্ত্র প্রদর্শনের অভিযোগে মন্ত্রিত্ব থেকে পদত্যাগ করানো হয়েছে। এগুলো দৃষ্টান্ত হয়ে থাকবে। আমি মনে করি, একই ধারায় এবং একইভাবে দুর্নীতি দমনে কঠোর পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। সরকার যদি সন্ত্রাসবিরোধী কার্যক্রম এবং দুর্নীতি দমনের লক্ষ্যে কঠোর পদক্ষেপ গ্রহণ করে, তাহলে জনগণ তাতে অকুণ্ঠ সমর্থন দেবেন।



দুর্নীতি সমাজের রন্ধ্রে রন্ধ্রে প্রবেশ করেছে। দুর্নীতি দমনের দাবি বহুদিনের। কিন্তু বিগত বছরগুলোতে এ দাবি উপেক্ষিত হয়েছে। পতিত স্বৈরাচারী সরকারের আমলে দুর্নীতি দমনের পরিবর্তে দুর্নীতিকে আশ্রয়প্রশ্রয় দেওয়া হয়েছিল। সর্বস্তরে দুর্নীতি বিস্তারে সহায়তা করা হয়েছিল। ২০০৯ থেকে ২০২৪ সালের আগস্ট পর্যন্ত সময়ে কীভাবে দুর্নীতির মাধ্যমে কিছু মানুষ অঢেল বিত্তবৈভব গড়ে তুলেছিল এবং কীভাবে দেশের সম্পদ বিদেশে পাচার করেছিল, তার প্রমাণ পাওয়া যায় বিভিন্ন সংস্থার তদন্ত প্রতিবেদন থেকে। তাই মনে করি, দুর্নীতির বিরুদ্ধে কঠোর এবং কার্যকর ব্যবস্থা গ্রহণ করলে দেশের সর্বস্তরের মানুষ বর্তমান সরকারকে স্বাগত জানাবে। বর্তমান গণতান্ত্রিক সরকার নিশ্চয়ই বিগত সময়ের দুর্নীতির বিষয়ে অবগত আছে। সন্ত্রাস-দুর্নীতি কখনোই দেশের জন্য মঙ্গল বয়ে আনতে পারে না। বর্তমান সরকার অতীত থেকে শিক্ষা নিয়ে দুর্নীতি দমনে সচেষ্ট হবে বলে দৃঢ়ভাবে বিশ্বাস করি। যদিও কাজটি অত্যন্ত কঠিন। সরকার যদি দুর্নীতি দমনে সফল হতে পারে, তাহলে তাদের অবদান জাতি চিরদিন স্মরণ রাখবে। দেশ ও জাতির কল্যাণ সাধিত হবে এবং বিশ্বদরবারে বাংলাদেশ মাথা উঁচু করে দাঁড়াতে পারবে।

তবে এ প্রসঙ্গে একটি বিষয় মনে রাখতে হবে। সেটি হলো দুর্নীতি কেন হয়? দুর্নীতির কারণ কী? আমাদের দুর্নীতির স্বরূপ সন্ধান করতে হবে। আগেই উল্লেখ করেছি, পৃথিবীর সব দেশ, সব সমাজে কম-বেশি দুর্নীতি বিদ্যমান। সমাজবিজ্ঞানী ও অর্থনীতিবিদরা মনে করেন, দুর্নীতির মূলে রয়েছে প্রধানত

এরপর ২৮ পৃষ্ঠায়



> দুর্নীতির বিরুদ্ধে জনসচেতনতা সৃষ্টি করতে হবে। জনগণ যদি তাদের অধিকার সম্পর্কে সচেতন হয়, তাহলে তাদের দ্বারা দুর্নীতি ও সন্ত্রাসের বিরুদ্ধে কার্যকর প্রতিরোধমূলক ব্যবস্থা গড়ে তোলা সম্ভব। আমরা যদি জাতি হিসেবে সম্মান ও মর্যাদার সঙ্গে বিশ্বদরবারে টিকে থাকতে চাই তাহলে সমাজে বিদ্যমান দুর্নীতিকে সহনীয় পর্যায়ে নামিয়ে আনার কোনো বিকল্প নেই। না হলে দুর্নীতিমুক্ত সমাজ বাস্তবতা না হয়ে একটা অধরা দিবাস্বপ্ন হয়েই থাকবে চিরকাল। দেশের যে নাগরিকের রয়েছে দেশপ্রেম, যে আমলার রয়েছে জাতীয় চরিত্র, যে রাজনীতিবিদের রয়েছে সমাজের কাছে অঙ্গীকার-তাদের পক্ষে দুর্নীতিবাজ হওয়া অথবা দুর্নীতিকে আশ্রয়প্রশ্রয় দেওয়া কীভাবে সম্ভব? তাই, আমাদের মধ্যে দেশপ্রেম যত বাড়বে, সমাজ থেকে দুর্নীতি তত কমবে। কারণ, একজন দেশপ্রেমিক মানুষ কখনোই দুর্নীতিগ্রস্ত হতে পারেন না

প্রবাসে নাগরিকের মৃত্যুদণ্ড ও রাষ্ট্রের করণীয়

আবু তাহের খান

> অধিকতর হতাশার বিষয় এটি যে ঘটনাটি সব দলের ক্ষেত্রে সমানভাবে ঘটছে এবং শিগগির এই অবস্থার পরিবর্তন ঘটবে, তেমন কোনো লক্ষণও চোখে পড়ছে না। যা হোক, সুইটি-নজরুলের লাশ পাপবিদ্ধ কি না, সে বিচারের দায়িত্ব সৃষ্টিকর্তার। আমরা শুধু তাঁদের লাশ অবিলম্বে ও সসম্মানে তাঁদের মা-বাবার কাছে হস্তান্তরের অনুরোধ জানাচ্ছি এবং সেই সঙ্গে তাঁদের বিচার পর্বে রাষ্ট্র তার অভিভাবকত্বের দায়িত্ব পালন করতে না পারা ও তাঁদের সম্মানহানি ঘটানোর কারণে তাঁদের উত্তরাধিকারীদের উপযুক্ত ক্ষতিপূরণ দানের দাবি জানাচ্ছি। আর সাংবিধানিক অধিকারের জায়গা থেকে বলছি, দয়া করে বিদেশে বসবাসকারী ১ কোটি বাংলাদেশিকে রাষ্ট্রবিহীন নাগরিক বানাবেন না। এ দেশের নাগরিকেরা পৃথিবীর যেখানেই বসবাস করুক না কেন, আইনি সুরক্ষা ও অভিভাবকত্বের আশ্রয় পাওয়ার অধিকার তাঁদের রয়েছে

আধুনিক গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থায় রাষ্ট্র নিজেই তার নাগরিকদের অভিভাবক। তবে বাংলাদেশ একটি আধুনিক রাষ্ট্র কি না কিংবা এই রাষ্ট্রে গণতন্ত্র কতটা আছে অথবা আদৌ আছে কি না, তা নিয়ে প্রশ্ন উঠতেই পারে। তারপরও মানতে হবে, অপরাপর অধিকাংশ আধুনিক রাষ্ট্রের মতো বাংলাদেশেও একটি সংবিধান আছে এবং সেখানে রাষ্ট্র কীভাবে অভিভাবকত্বের দায়িত্ব পালন করবে, তার উল্লেখ রয়েছে। রাষ্ট্রের ওপর সে অভিভাবকত্বের দায়িত্ব এত কঠোরভাবে অর্পণ করা হয়েছে যে রাষ্ট্র পরিচালনার দায়িত্বে নিয়োজিত ব্যক্তিদের কেউ ইচ্ছাকৃতভাবে সেই দায়িত্ব পালন না করলে বা দায়িত্ব পালনে অবহেলা করলে কিংবা দায়িত্ব পালনের জন্য গৃহীত শপথ ভঙ্গ করলে, তজ্জন্য তাঁকে প্রয়োজনে জবাবদিহির আওতায় আনার ব্যবস্থা রয়েছে।



এখন দেখা যাক, অভিভাবকত্ব বলতে কী বোঝায়। বাংলা একাডেমির অভিধান অনুযায়ী, অভিভাবক শব্দের অর্থ হচ্ছে তত্ত্বাবধায়ক, রক্ষক বা আশ্রয়দাতা। অর্থাৎ রাষ্ট্র তার নাগরিকদের সংবিধান অনুযায়ী পরিচালনা করবে। তবে একই সঙ্গে তাঁদের রক্ষা করা এবং বিপদে, সঙ্কটে ও সমস্যায় তাঁদের আশ্রয়দানও রাষ্ট্রের দায়িত্ব। কিন্তু দুর্ভাগ্যজনকভাবে লক্ষ করা যাচ্ছে, বাংলাদেশে রাষ্ট্র পরিচালনার দায়িত্ব যাঁদের ওপর ন্যস্ত, তাঁরা বিপদের সময় নাগরিকদের বিপদ থেকে রক্ষা করবেন কিংবা অসহায় পরিস্থিতিতে তাঁদের আশ্রয় দেবেন, এমনটি দূরের কথা; তাঁরা উল্টো নাগরিকের বিপদ ও অসহায়ত্ব নিয়ে নিষ্ঠুর উপহাস, বিদ্রূপ ও কটাক্ষে মেতে ওঠেন। অথচ সংবিধানের ৩১ অনুচ্ছেদে স্পষ্ট বলা আছে, 'আইনের আশ্রয় লাভ এবং আইনানুযায়ী ও কেবল আইনানুযায়ী ব্যবহার লাভ যেকোনো স্থানে অবস্থানরত প্রত্যেক নাগরিকের অবিচ্ছেদ্য অধিকার এবং বিশেষত আইনানুযায়ী ব্যতীত এমন কোনো ব্যবস্থা গ্রহণ করা যাইবে না, যাহাতে কোনো ব্যক্তির জীবন, স্বাধীনতা, দেহ, সুনাম বা সম্পত্তির হানি ঘটে।'

সংবিধানের ওই অনুচ্ছেদে রাষ্ট্র অঙ্গীকার করছে, আইনের আশ্রয় লাভ 'যেকোনো স্থানে অবস্থানরত' বাংলাদেশের 'প্রত্যেক নাগরিকের অবিচ্ছেদ্য অধিকার'। এই বিধান অনুযায়ী সৌদি আরবে অবস্থানকারী বাংলাদেশি নাগরিক সুইটি আক্তার ও নজরুল ইসলামের 'অবিচ্ছেদ্য অধিকার' ছিল বিপদের সময় ও অসহায় অবস্থায় তাঁদের নিজ রাষ্ট্রের মাধ্যমে সকল আইনি সুযোগ ও সুরক্ষা পাওয়া। কিন্তু বাংলাদেশ জানতই না কী কারণে, কবে, কখন ও কীভাবে তাঁদের বিচার হয়েছে এবং সে বিচারের রায় হিসেবে কীভাবে তাঁদের মৃত্যুদণ্ড কার্যকর করা হলো। বাংলাদেশের কোনো নাগরিকের বিরুদ্ধে কোনো অভিযোগ দেশে বা দেশের বাইরে যেখানেই আনা হোক না কেন, সেই অভিযোগের বিচারকাজ চলাকালে 'আইন অনুযায়ী ব্যবহার লাভের' অধিকার রাষ্ট্রকে নিশ্চিত করতে হবে। অর্থাৎ সুইটি ও নজরুলের বিরুদ্ধে আনীত অভিযোগের বিচার বাংলাদেশের কোনো আদালতে হলে, তাঁরা যে আইনি সহায়তা লাভের অধিকার রাখতেন, সৌদি আরবের আদালতেও তাঁরা তা প্রাপ্য ছিলেন। কিন্তু ওই দুজনের না-বাবা বা কোনো অভিভাবককে (প্রবাসী নাগরিকের ক্ষেত্রে নিজ রাষ্ট্রই তাঁদের অভিভাবক) বিষয়টি জানানো হয়নি বলে তাঁরা তাঁদের জন্য সেই আইনি সহায়তা প্রদান করতে পারেননি।

এই ত্রুটি প্রথমত অবশ্যই সৌদি আরবের। কিন্তু সৌদি আরব কি এরূপ ত্রুটিপূর্ণ আচরণ অন্যান্য দেশের নাগরিকদের সঙ্গেও করে? মনে হয় না। আর বাংলাদেশের কোনো আদালতে যদি কোনো সৌদি নাগরিকের বিচার করতে হতো, তাহলে বাংলাদেশ কি সেটি তাদের না জানিয়ে করতে পারত? কখনোই না। আন্তর্জাতিক কূটনীতি ও কনভেনশন অনুযায়ী সেটি করা উচিতও নয়। তাহলে বাংলাদেশের সঙ্গে সৌদি আরব এমনটি করতে পারল কেন বা সেটি তারা করতে সাহসী হলো কেন? এ দেশের নতজানু ও তোষামোদপ্রবণ পররাষ্ট্রনীতির কারণেই কি? তার প্রতিফলন লক্ষ করা যায় এই সিদ্ধান্তে যে তাদের এরূপ অমর্যাদাকর আচরণ ধারাবাহিকভাবে অব্যাহত থাকা সত্ত্বেও হুতি, ইরানি ও অন্যান্য মুসলমানের বিরুদ্ধে যুদ্ধ করার আশায় বাংলাদেশ মরা সামরিক জোটে যোগদানের জন্য উদগ্রীব হয়ে উঠেছে। আর তার বিনিময়ে বাংলাদেশকে কিছু না জানিয়ে সৌদি আরব এ দেশের দুজন নাগরিকের বিচার করে ইতিমধ্যে তাদের শিরশ্ছেদ করে ফেলেছে।

এবার দেখা যাক সুইটি ও নজরুলের ব্যাপারে বাংলাদেশ রাষ্ট্রের অভিভাবকেরা কী বলছেন। মুন্সিগঞ্জ-৩ আসনের সংসদ সদস্য কামরুজ্জামান রতন বলেছেন, 'এই পাপের লাশ বাংলাদেশে আসুক, এটা কখনোই আশা করব না।' পরে অবশ্য বক্তব্যটি তিনি প্রত্যাহার করে নিয়েছেন। ভাগ্যিস তিনি বলেননি যে প্রবাসীদের পাপের অর্থে উপার্জিত রেমিট্যান্স বাংলাদেশ গ্রহণ করবে না। যা হোক, তাঁর বক্তব্য থেকে প্রতীয়মান হয়, প্রকৃত তথ্য না জেনে বা ঘটনার আদ্যোপান্ত যাচাই-বাছাই না করে একই সঙ্গে তিনি তিনটি অপরাধ করেছেন- এক. নিজ নাগরিকদের তিনি 'পাপী' নির্ধারণ করে ফেলেছেন, যে কাজ আসলে স্রষ্টার; দুই. তাঁদের লাশ এ দেশে আনা যাবে কি না, সে বিষয়ে রায় দিয়ে ফেলেছেন, যে বিষয়ে সিদ্ধান্ত

এরপর ৩৬ পৃষ্ঠায়



জাতীয় বিপ্লব ও সংহতির চেতনায় : স্বাধীনতা, সার্বভৌমত্ব ও গণতন্ত্র

একই সঙ্গে ইতিহাসের বিতর্কিত ও বেদনাদায়ক দিকগুলোও দায়িত্বশীলতার সঙ্গে স্বীকার করতে হবে। ইতিহাস শুধু অতীতের স্মৃতিচারণ নয়; ইতিহাস ভবিষ্যতের পথনির্দেশক। ৭ নভেম্বরের ঐতিহাসিক অভিজ্ঞতা থেকে শিক্ষা নিয়ে আমাদের এমন একটি বাংলাদেশ গড়ে তোলার প্রত্যয় নিতে হবে, যেখানে গণতন্ত্র হবে শক্তিশালী, জনগণের অধিকার হবে সুরক্ষিত, রাষ্ট্রীয় স্বাধীনতা ও সার্বভৌমত্ব থাকবে অক্ষুণ্ন এবং জাতীয় ঐক্য হবে উন্নয়ন ও অগ্রগতির অন্যতম ভিত্তি। জাতীয় বিপ্লব ও সংহতি দিবসের প্রকৃত তাৎপর্য তখনই সার্থক হবে, যখন আমরা রাজনৈতিক বিভাজনের ঊর্ধ্বে উঠে একটি স্বাধীন, গণতান্ত্রিক, ন্যায়ভিত্তিক, আত্মমর্যাদাশীল ও সমৃদ্ধ বাংলাদেশ প্রতিষ্ঠায় সম্মিলিতভাবে কাজ করতে পারব

লোকমান আহমেদ



একটি জাতির ইতিহাস কেবল কিছু তারিখ, ঘটনা কিংবা ক্ষমতার পালাবদলের বিবরণ নয়; বরং এর সঙ্গে জড়িয়ে থাকে জাতির আত্মপরিচয়, স্বাধীনতার আকাঙ্ক্ষা, রাজনৈতিক সংগ্রাম এবং ভবিষ্যৎ নির্মাণের প্রত্যয়। বাংলাদেশের ইতিহাসেও এমন কিছু দিন রয়েছে, যেগুলো জাতীয় জীবনে গভীর তাৎপর্য বহন করে। ৭ নভেম্বর তেমনই একটি দিন।

১৯৭৫ সালের এই দিনের ঘটনাপ্রবাহ বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে এক গুরুত্বপূর্ণ সন্ধিক্ষণ হিসেবে বিবেচিত। সিপাহি-জনতার অভ্যুত্থান, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের মুক্তি এবং পরবর্তী রাজনৈতিক পরিবর্তনের মধ্য দিয়ে দিনটি বিশেষ ঐতিহাসিক গুরুত্ব অর্জন করে। বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-এর কাছে ৭ নভেম্বর জাতীয় স্বাধীনতা, সার্বভৌমত্ব, জাতীয় সংহতি ও বাংলাদেশি জাতীয়তাবাদী চেতনার এক গুরুত্বপূর্ণ প্রতীক।

তবে এই দিনের প্রকৃত তাৎপর্য উপলব্ধি করতে হলে এর ঐতিহাসিক প্রেক্ষাপট, রাজনৈতিক প্রভাব এবং বিভিন্ন পক্ষের মূল্যায়ন বিবেচনায় নেওয়া প্রয়োজন। একই সঙ্গে ৭ নভেম্বরের চেতনাকে বর্তমান বাংলাদেশের গণতান্ত্রিক আকাঙ্ক্ষা, জাতীয় ঐক্য এবং ভবিষ্যৎ রাষ্ট্র গঠনের প্রত্যয়ের সঙ্গে সম্পর্কিত করে দেখা জরুরি।

১৯৭৫ সালের সংকটময় রাজনৈতিক প্রেক্ষাপট

১৯৭৫ সাল ছিল বাংলাদেশের ইতিহাসের এক অত্যন্ত অস্থির ও সংকটময় সময়। ১৫ আগস্ট বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সপরিবারে নিহত হওয়ার পর দেশে গভীর রাজনৈতিক ও সাংবিধানিক সংকটের সৃষ্টি হয়। রাষ্ট্রক্ষমতার পরিবর্তন, সামরিক বাহিনীর অভ্যন্তরীণ টানাপোড়েন এবং রাজনৈতিক অনিশ্চয়তা জাতীয় জীবনে এক জটিল পরিস্থিতির জন্ম দেয়।

এরই ধারাবাহিকতায় ৩ নভেম্বর ব্রিগেডিয়ার খালেদ মোশাররফের নেতৃত্বে একটি সামরিক অভ্যুত্থান সংঘটিত হয়। এ সময় তৎকালীন সেনাপ্রধান মেজর জেনারেল জিয়াউর রহমান গৃহবন্দি হন। পরবর্তী সময়ে ৭ নভেম্বর সেনাবাহিনীর বিভিন্ন পর্যায়ের সদস্যদের মধ্যে বিদ্রোহ সংঘটিত হয়। সৈনিকদের পাশাপাশি সাধারণ মানুষের অংশগ্রহণে পরিস্থিতির পরিবর্তন ঘটে এবং জিয়াউর রহমান মুক্ত হন।

এই ঘটনাপ্রবাহে কর্নেল আবু তাহের ও তাঁর অনুসারীদের ভূমিকাও ছিল গুরুত্বপূর্ণ। একই সঙ্গে কয়েকজন সেনা কর্মকর্তার নিহত হওয়ার ঘটনাও ৭ নভেম্বরের ইতিহাসের একটি বেদনাদায়ক অধ্যায়। তাই এ দিনের যথাযথ মূল্যায়নের জন্য সামগ্রিক ঘটনাপ্রবাহ, বিভিন্ন পক্ষের ভূমিকা এবং এর পরিণতি বিবেচনায় নেওয়া প্রয়োজন।

বিএনপির দৃষ্টিতে ৭ নভেম্বর: জাতীয় বিপ্লব ও সংহতির ঐতিহাসিক তাৎপর্য

বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) ৭ নভেম্বরকে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস হিসেবে পালন করে। বিএনপির দৃষ্টিতে, ১৯৭৫ সালের এই দিনে সিপাহি ও জনতার সম্মিলিত অভ্যুত্থান দেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব ও জাতীয় স্বাতন্ত্র্য রক্ষার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিল।

দলটির ঐতিহাসিক ব্যাখ্যা অনুযায়ী, তৎকালীন রাজনৈতিক অনিশ্চয়তা ও রাষ্ট্রীয় সংকটের মধ্যে ৭ নভেম্বরের ঘটনা জাতীয় জীবনে নতুন রাজনৈতিক সম্ভাবনার দ্বার উন্মোচন করে। বিএনপি সিপাহি-জনতার ঐক্যকে জাতীয় স্বাধীনতা ও সার্বভৌমত্বের প্রশ্নে সম্মিলিত আকাঙ্ক্ষার বহিঃপ্রকাশ হিসেবে মূল্যায়ন করে।

বিএনপির কাছে এ দিনের অন্যতম গুরুত্বপূর্ণ অনুষঙ্গ হলো শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের মুক্তি এবং পরবর্তী রাজনৈতিক নেতৃত্বের বিকাশ। দলটির প্রতিষ্ঠাতা জিয়াউর রহমান ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে একজন সামরিক কর্মকর্তা হিসেবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। কালুরঘাট বেতার কেন্দ্র থেকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের পক্ষে স্বাধীনতার ঘোষণা পাঠের মাধ্যমে তিনি মুক্তিযুদ্ধের ইতিহাসে বিশেষ পরিচিতি লাভ করেন।

বিএনপির রাজনৈতিক মূল্যায়নে, ৭ নভেম্বরের পর জিয়াউর রহমানের নেতৃত্বে দেশে বাংলাদেশি জাতীয়তাবাদ, বহুদলীয় রাজনৈতিক ব্যবস্থা এবং অর্থনৈতিক উন্নয়নের একটি নতুন ধারা বিকশিত হয়। তাঁর রাজনৈতিক দর্শনে জাতীয় ঐক্য, আত্মনির্ভরশীলতা, উৎপাদনমুখী অর্থনীতি ও জনগণের অংশগ্রহণ বিশেষ গুরুত্ব পেয়েছিল।

শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও বাংলাদেশি জাতীয়তাবাদ

বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান একটি গুরুত্বপূর্ণ ও আলোচিত ব্যক্তিত্ব। মহান মুক্তিযুদ্ধে তাঁর ভূমিকা, রাষ্ট্র পরিচালনা এবং পরবর্তী সময়ে বাংলাদেশ জাতীয়তাবাদী দল প্রতিষ্ঠার মাধ্যমে তিনি দেশের রাজনৈতিক ইতিহাসে একটি স্বতন্ত্র অবস্থান তৈরি করেন।

জিয়াউর রহমানের প্রবর্তিত বাংলাদেশি জাতীয়তাবাদের ধারণায় বাংলাদেশের ভূখণ্ড, জনগণ, ভাষা, সংস্কৃতি, ইতিহাস এবং স্বাধীন রাষ্ট্রীয় পরিচয়ের ওপর গুরুত্ব দেওয়া হয়। বিএনপির রাজনৈতিক দর্শনে এরপর ৩৯ পৃষ্ঠায়



SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable.

বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন

জ্যামাইকা, জ্যাকসন হাইট্স ও ব্রঙ্কস শাখা সপ্তাহে ০৭ দিনই খোলা থাকে



- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে আপনার মোবাইল থেকে

Sonali Exchange Mobile App

ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন

যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্ক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE OFS NY, OFSI NJ, OFS MI, OBSF GA, OCFR MD AND FLOFR FL
NMLS NO. 1098799

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

CORPORATE 212-808-0790 | ATLANTA 770-936-9906 | BROOKLYN 718-853-9558 | JACKSON HTS 718-507-6002
BRONX 718-822-1081 | JAMAICA 347-644-5150 | MICHIGAN 313-368-3845 | OZONE PARK 347-829-3875 | PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন



ভালোবাসা সবার তরে,
ঘৃণা নয়কো কারো পরে

Love for all, hatred for none

বাংলাডেস্ক যুক্তরাষ্ট্রের ভূবনে স্বাগতম

For more information contact:
Bait-uz-Zafar 188-15 McLaughlin Ave, Hollis NY 11423
(347) 530-5791

بسم الله الرحمن الرحيم

শিখিলবিশ্ব আহমদীয়া মুসলিম জামা'তের বর্তমান ইমাম ও আমীরুল মু'মিনীন হযরত মির্যা মসরূর আহমদ খলীফাতুল মসীহ্ আল্ খামেস (আই.) গত ১৪ই জুন, ২০২৪ তারিখে যুক্তরাজ্যের (ইসলামাবাদস্থ) মসজিদে মুবারকে প্রদত্ত জুমুআর খুতবায় 'বদর শরীফ' এর যুদ্ধের ঘটনা বিশদভাবে উল্লেখ করেন এবং সু'জন শহীদের স্মৃতিচারণের পাশাপাশি পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষভাবে দোয়ার আহ্বান জানান।

তাশাহুদ, তা'ঊয ও সূরা ফাতিহা পাঠের পর হুযূর (আই.) বলেন, আজ বদর শরীফের যুদ্ধের কিছু ঘটনা বর্ণনা করবো। বদর শরীফ গোত্রের পরিচিতি হলো, এরা মদীনার ইহুদীদের একটি বংশ ছিল। কোনো কোনো ঐতিহাসিক লিখেছেন, বদর শরীফ খাযরাজের ইহুদীদের একটি গোত্র ছিল এবং তাদের বসতিকে যাহ্রা বলা হতো। মহানবী (সা.) যখন মদীনায় আগমন করেন তখন বদর শরীফ গোত্রের নেতা ছিল হুয়াই বিন আখতাব। তার পিতৃপুরুষের ষষ্ঠ প্রজন্মে শরীফ বিন সাহায্যের নাম পাওয়া যায়, যার নামে এই গোত্রটি বদর শরীফ নামে প্রসিদ্ধি লাভ করে। উম্মুল মু'মিনীন হযরত সাফীয়া (রা.) বদর শরীফের নেতা হুয়াই বিন আখতাবের কন্যা ছিলেন। ইতিহাসের প্রচারণীতে লেখা আছে, হুয়াই বিন আখতাবের বংশধারা হযরত মূসা (আ.)-এর ভাই হযরত হারূন (আ.)-এর সাথে গিয়ে মিলিত হয়। হুয়াই এর বংশে কতিপয় ব্যক্তি শনুওয়্যতের সম্মানে ধন্য হয়েছিলেন, যাদের কারণে সে গর্বিত ছিল। আর এই অহংকারের কারণেই সে বলতো, আল্লাহ্ তা'লা আমাদের প্রতি ইহকালেও সদয় এবং পরকালেও আমাদের প্রতি স্নেহ ও অনুগ্রহ করবেন। তিনি আমাদেরকে পাপের কারণে কয়েকদিন শাস্তি দিবেন, অবশেষে জান্নাতই হবে আমাদের স্থায়ী নিবাস। এই বংশীয় আত্মগরিমা ও ঔদ্ধত্যের কারণেই হুয়াই মহানবী (সা.)-এর শিক্ষামালা থেকে মুখ ফিরিয়ে নিয়েছিল। অবস্থানের দিক থেকে বদর শরীফ গোত্রটি মসজিদে কুবা থেকে আধা মাইল দূরে উত্তর পূর্ব দিকে (অবস্থিত) ছিল। আর মদীনার মধ্যভাগে এর বসতি প্রথমে আসতো এবং মসজিদে কুবা এর থেকে কিছুটা দূরত্বে দক্ষিণ পার্শ্বে অবস্থিত ছিল।

চতুর্থ হিজরীর রবিউল আউয়াল (মাসে) বদর শরীফের যুদ্ধ সংঘটিত হয়। এক তথ্য অনুসারে এটি উহুদের যুদ্ধের পূর্বের ঘটনা আর ইমাম বুখারীর তথ্যও এটিই। তবে ইমাম বুখারী (রহ.) এখানে একথাও লিখেছেন যে, ইবনে ইসহাকের মতে এই যুদ্ধ উহুদ ও বি'রে মা'উনার পরে হয়েছিল। যদিও আল্লামা ইবনে কাসীর ছাড়াও অধিকাংশ ঐতিহাসিক এবং জীবনীকার বলেছেন, উহুদের যুদ্ধের পরেই বদর শরীফের যুদ্ধ সংঘটিত হয়েছিল। বদর শরীফের যুদ্ধের প্রেক্ষাপট হলো, মক্কার কুরাইশ কাফিররা বদরের যুদ্ধের পূর্বে আব্দুল্লাহ বিন উবাই বিন সলূল এবং অওস ও খাযরাজ গোত্রের অন্যান্য প্রতিমাপূজারীদের লিখেছিল, [তখন মহানবী (সা.) মদীনায় ছিলেন।] তোমরা আমাদের সঙ্গীকে আশ্রয় দিয়েছ। মদীনায় তোমাদের সংখ্যা সবচেয়ে বেশি। আমরা শপথ করে বলছি, হয় (তোমরা) তাদের সাথে যুদ্ধ করো অথবা তাদেরকে শিজেদের শহর থেকে বহিষ্কার করো; শত্রুরা আমরা গোটা আরবকে ঐক্যবদ্ধ করে তোমাদের ওপর আক্রমণ করবো। তোমাদের যোদ্ধাদের সাথে যুদ্ধ করবো, তোমাদের নারী ও শিশুদের (নির্মমভাবে) হত্যা করবো। যখন ইবনে উবাই এবং অন্য প্রতিমাপূজারীরা এই পত্র পায় তখন তারা একে অপরকে বার্তা পাঠায় এবং মহানবী (সা.) ও তাঁর সাহাবীদের সাথে যুদ্ধ করার জন্য সুদৃঢ় সংকল্প করে। এই সংবাদ পাওয়ার পর মহানবী (সা.) তাঁর সাহাবীদের একটি দলকে নিয়ে মদীনার নেতাদের সাথে সাক্ষাৎ করেন। তিনি (সা.) বলেন, কুরাইশরা তোমাদেরকে কঠোর হুঁশিয়ারি দিয়ে পত্র লিখেছে। এই পত্র তোমাদেরকে কোনো ধোঁকায় যেন না ফেলে, নাহে তোমরা স্বয়ং ধোঁকা ও প্রতারণার শিকার হয়ে নিজেদেরই ভাই ও পুত্রদের সাথে আবার যুদ্ধ করতে না আরম্ভ করো। মহানবী (সা.)-এর একথা শোনে তারা বিষয়টি অনুধাবন করতে পারে এবং নিজেদের সংকল্প স্থগিত করে আর ছত্রভঙ্গ হয়ে যায়। এভাবে মক্কার কুরাইশের এই হুমকি আর শেষ পর্যন্ত কার্যকর হয়নি।

এরপর কুরাইশরা বদরের যুদ্ধের পর ইহুদীদের কাছে একটি পত্র লিখে যে, তোমাদের কাছে অস্ত্র আছে আর তোমরা দুর্গেরও মালিক। হয় তোমরা আমাদের সহযোগী হয়ে যুদ্ধ করো নতুবা আমরা তোমাদের ওপর আক্রমণ করবো এবং তোমাদের পুরুষদেরকে হত্যা করবো আর তোমাদের নারীদেরকে আমাদের দাসী বানাবো। এই পত্র যখন ইহুদীদের কাছে পৌঁছায় তখন বদর শরীফ গোত্র মহানবী (সা.)-কে ধোঁকা দেয়ার জন্য সহমত হয়, কেননা ইহুদী গোত্রগুলো তো আগে থেকেই সুযোগ খুঁজছিল যাতে মুসলমানদের আধিপত্য ও ক্ষমতায় যতদ্রুত সম্ভব অবসান করা যায়। এ পর্যায়ে তারা এমন সুরতহিসাবি করায় চিন্তা করে যাতে মহাসখী (সা.)-কে শাহাদুবিল্লাহ্ হত্যা করা যায়। অতএব, তারা তাঁর সমীপে সংবাদ প্রেরণ করে যে, আপনি আপনার প্রিশজন সাহাবীকে নিয়ে আসুন, আমাদের প্রিশজন আলেমও আপনার সামনে উপস্থিত হবে; এমনকি আমরা এমন এক স্থানে মিলিত হবো যা আমাদের এবং আপনাদের পছন্দের হবে। আমাদের লোকেরা আপনার কথা শুনবে। তারা যদি আপনাকে সত্যায়ন করে অর্থাৎ ইহুদী আলেমরা যদি আপনার প্রতি ঈমান আনয়ন করে তাহলে আমরাও আপনার প্রতি ঈমান আনব। পরের দিন মহানবী (সা.) প্রিশজন সাহাবীকে সাথে নিয়ে তাদের উদ্দেশ্যে যাত্রা করেন। প্রিশজন ইহুদী আলেমও তাঁর কাছে আসে। ইহুদীরা যখন খোলা জায়গায় আসে তখন তারা পরস্পরকে বলে, তোমরা তাঁর ওপর কীভাবে আক্রমণ করবে? কেননা তাঁর সাথে প্রিশজন সঙ্গী রয়েছেন। প্রিশজন সঙ্গীর উপস্থিতিতে আক্রমণ করা তো কঠিন আর তারা এমন সঙ্গী, যারা তাঁর জন্য প্রাণ বিসর্জন দিতেও কুণ্ঠাবোধ করবে না। তখন ইহুদীরা তাঁর কাছে পুনরায় এই সংবাদ প্রেরণ করে যে, আমরা ঘাটজন পরস্পর কীভাবে প্রজ্ঞাপূর্ণ আলোচনা করবো? আপনি এক কাজ করুন, তিনজন সঙ্গীকে নিয়ে আসুন আর আমরাও আমাদের তিনজন আলেমকে নিয়ে আসবো, তারা আপনার আলোচনা শুনবে। তখন তিনি (সা.) তিনজন সাহাবীকে সাথে নিয়ে আসার প্রস্তাবটি গ্রহণ করেন। তিনজন ইহুদী আলেমও রওয়ানা হয় আর ঐ ইহুদীদের কাছে খঞ্জর বা ধারালো ছুরি ছিল। তারা মহানবী (সা.)-এর ওপর আক্রমণ করতে চাচ্ছিল। যাহোক, মহানবী (সা.) যাত্রার জন্য প্রস্তুত ছিলেন, ইতিমধ্যেই বদর শরীফের একজন হিতাকাঙ্ক্ষী শামী একজন আসামী মুসলমানদেরকে এবং পরে মহানবী (সা.)-কে বদর শরীফের সকল ষড়যন্ত্রের কথা বলে দেয়। তাই মহানবী (সা.) ইহুদীদের কাছে না গিয়ে মদীনায় ফেরত চলে আসেন।

এই যুদ্ধের আরেকটি কারণ বর্ণনা করতে গিয়ে একজন ঐতিহাসিক লিখেছেন, বদর শরীফ গোত্র সংগোপনে কুরাইশের কাছে বার্তা পাঠায় আর তাদেরকে মহানবী (সা.)-এর বিরুদ্ধে যুদ্ধ করতে প্ররোচিত করে বরং তাদেরকে মুসলমানদের প্রতিরক্ষা-খাতের কিছু দুর্বলতার কথাও জানিয়ে দেয়। কোনো কোনো বর্ণনা অনুযায়ী ইহুদের যুদ্ধের পূর্বে ইহুদীরাও মক্কায় কুরাইশকে চরমভাবে উত্তেজিত করেছিল যার ফলশ্রুতিতে উহুদের যুদ্ধ সংঘটিত হয়েছিল।

এ যুদ্ধের একটি গুরুত্বপূর্ণ ও তাৎক্ষণিক কারণ এটিও বর্ণনা করা হয় যে, বি'রে মা'উনা থেকে প্রত্যাবর্তনের সময় যখন হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) বদর শরীফের দু'জনকে হত্যা করেছিলেন যাদের সাথে মুসলমানদের সন্ধিচুক্তি ছিল, তাই তাদেরকে রক্তপণ প্রদান আবশ্যক ছিল। এ উদ্দেশ্যে মহানবী (সা.) বদর শরীফের কাছে গিয়েছিলেন, কেননা মহানবী (সা.) ইহুদীদের সাথে যে সন্ধিচুক্তি করেছিলেন এর একটি ধারায় ছিল, 'আইয়া'ওয়ানুহু আলা দিয়াত' অর্থাৎ তারা রক্তপণের ব্যাপারে মুসলমানদের সাথে সহযোগিতা করবে। এই ঘটনায় বিশদ বিবরণ হলো, হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) যখন মহানবী (সা.)-এর নিকট এসে পুরো ঘটনা বর্ণনা করেন তখন তিনি (সা.) বলেন, তুমি খুবই অন্যায় কাজ করেছ। তাদের সাথে আমাদের চুক্তি এবং শিষ্টাচার শর্ত ছিল। হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) বলেন, আমি এই সন্ধিচুক্তির বিষয়টি জানতাম না। আমি তাদেরকে মুশরিক মনে করতাম আর তাদের গোত্র আমাদের সাথে প্রতারণাও করেছে। হযরত আমর (রা.) তাদের মালপত্র এবং কাপড়-চোপড় সাথে করে নিয়ে এসেছিলেন। মহানবী (সা.) তাকে নির্দেশ দেন তাদের মালপত্র এবং কাপড়-চোপড় যেন তাদের শোকসন্তপ্ত পরিবারের কাছে ফেরত পাঠানো হয়। মহানবী (সা.) রক্তপণ সহ লোকগুলো পাঠিয়ে দেন। মহানবী (সা.) শনিবার দিন বদর শরীফ গোত্রের উদ্দেশ্যে রওয়ানা হন, মসজিদে কুবায় নামায পড়েন। প্রায় দশজনের মতো মুহাজির ও আনসার সাহাবী মহানবী (সা.)-এর সাথে ছিলেন। তিনি (সা.) বদর শরীফকে তাদের বৈঠকে উপবিষ্ট দেখতে পান। তিনিও তখন সেখানে আসন গ্রহণ করেন যাতে করে মৃত দুই ব্যক্তির রক্তপণ আদায়ের ব্যাপারে তাদের সাথে পরামর্শ করতে পারেন, যেন তারা দু'জন নিহত ব্যক্তির রক্তপণ পরিশোধে তাঁকে সহযোগিতা করে।

এই যুদ্ধাভিযানের কারণ কি ছিল এ ব্যাপারে হযরত মির্যা বশীর আহমদ সাহেব এম, এ (রা.)'র একটি তথ্য পাওয়া যায় যা থেকে বিষয়টি আরও সুস্পষ্ট হয়। তিনি (রা.) লিখেন, এই যুদ্ধের কারণ বর্ণনা করতে গিয়ে অসিন্ধ হাদীসবেত্তাগণ বিভিন্ন আজিব তুলে ধরেছেন আর এ কারণে এই যুদ্ধ ঠিক কখন আরম্ভ হয়েছিল সে ব্যাপারেও দ্বিমত রয়েছে। বদর শরীফের পক্ষ থেকে বিভিন্ন সময়ে বিভিন্ন যুদ্ধের সূচনা হয়েছে। সকল ঘটনাই পিজ পিজ সময় ও স্থান সাপেক্ষে সঠিক। কিন্তু সর্বশেষ যুদ্ধ সেটি ছিল যা বদর আমেরের দু'জন ব্যক্তির রক্তপণ আদায়ের সময় আরম্ভ হয়েছিল, বাকি আল্লাহই ভালো জানেন। রক্তপণ আদায়ের ব্যাপারে মহানবী (সা.) একদল সাহাবীকে নিয়ে বদর শরীফের নিকট উপস্থিত হন এবং চুক্তি অনুসারে রক্তপণ আদায়ের বিষয়টি তাদের কাছে উত্থাপন করেন। তারা বলে, হ্যাঁ, আবুল কাশেম! আপনি খাবার খেয়ে দিন এরপর আমরা এ ব্যাপারে কথা বলছি। এভাবে বাহ্যিকভাবে ইহুদীরা খুবই হাস্যোজ্জ্বলভাবে মহানবী (সা.)-এর সাথে কথা বলে। কিন্তু ভেতরে ভেতরে তারা মহানবী (সা.)-কে হত্যার ষড়যন্ত্র করতে থাকে। তখন তিনি (সা.) তাদের বাড়ির এক দেয়ালের পাশে উপবিষ্ট ছিলেন। একজন বর্ণশংকারী ইহুদীদের মহানবী (সা.)-কে হত্যার ঘৃণ্য ষড়যন্ত্রের কথা উল্লেখ করতে গিয়ে লিখেন, বদর শরীফের সর্দার হুয়াই বলে, "হে ইহুদীর দল! মুহাম্মদ (সা.) তাঁর কতিপয় সাথীকে নিয়ে তোমাদের কাছে উপস্থিত হয়েছে, তাদের সংখ্যা দশজনেরও কম। এই বাড়ির ছাদে উঠে বড় একটি পাথর ফেলে মুহাম্মদকে (সা.)-কে হত্যা করো, তোমরা এর চেয়ে উত্তম সুযোগ আর কখনো পাবে না। যদি তাঁকে মেরে ফেলতে পারো তাহলে তার সঙ্গীরা ছত্রভঙ্গ হয়ে যাবে। মক্কা থেকে আসা তোমাদের সাথীরা মক্কায় ফিরে যাবে এবং এখানে শুধু অওস ও খাযরাজ থাকবে, যারা তোমাদেরই মিত্র। তাই তোমরা যা করতে চাও, এখনই করো"। একথা শুনে এক দুর্ভাগা ইহুদী আমর বিন জাহাশ বলে, "আমি বাড়ির ছাদে উঠে পাথর ফেলে মুহাম্মদ (সা.)-কে (সজিযুবিল্লাহ্) হত্যা করবো"। যখন এসব পরামর্শ করা হচ্ছিল তখন বদর শরীফের এক নেতা সালামা বিন মিশকাম বলে, "হে ইহুদীর দল! তোমরা চাইলে সারাজীবন আমার বিরোধিতা করো, কিন্তু আজ আমার কথা মেনে নাও। আল্লাহ্র কসম! মুহাম্মদ (সা.)-কে তোমাদের এই ষড়যন্ত্রের ব্যাপারে অবগত করা হবে। আর এটি আমাদের এবং তাদের মাঝে বিদ্যমান সন্ধিচুক্তির পরিপন্থীও বটে।" কিন্তু ইহুদীরা তার কথার কর্ণপাত না করে সিদ্ধান্তে অটল থাকে। হুযূর (আই.) বলেন, 'ইনশাআল্লাহ্ আগামীতে বর্ণনা করা হবে যে, তারা কি পরিকল্পনা করেছিল এবং কীভাবে আল্লাহ্ তা'লা মহানবী (সা.)-কে রক্ষা করে তাদের ষড়যন্ত্রকে ব্যর্থ করে দিয়েছিলেন।'

পরিশেষে হুযূর (আই.) পাকিস্তানের আহমদীদের জন্য দোয়ার আহ্বান জানিয়ে বলেন, 'পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষ দোয়ার আহ্বান করতে চাই। সম্প্রতি তাদের ওপর পুনরায় নির্যাতন শুরু হয়েছে। আল্লাহ্ তা'লা শীঘ্র পাকিস্তানের আহমদীদেরকে অত্যাচারের কবল থেকে মুক্তি দিন আর সেখানেও আমাদের পরিস্থিতি অনুকূল করে দিন। কেননা তুচ্ছাতিতুচ্ছ বিষয়কে কেন্দ্র করে তাদের বিরুদ্ধে মামলা-মোকদ্দমা ও নির্যাতনের চেষ্টা করা হচ্ছে।' এরপর হুযূর (আই.) পাকিস্তানের দু'জন শহীদ ও একজন মরহুমের স্মৃতিচারণ করেন এবং নামাযের পর তাদের গায়েবানা জানাযা পড়ান। শহীদদের একজন হলেন, ৬৪ বছর বয়স্ক মুকাররম গোলাম সারোয়ার সাহেব আর অপরজন হলেন ৩২ বছর বয়স্ক শহীদ মুকাররম মাহাত আহমদ বাজওয়া সাহেব। মণ্ডী বাহাউদ্দিন জেলার সাহদ্রাহপুরে গত ৮ই জুন, ২০২৪ তারিখে একজন মাদ্রাসা ছাত্র সৈয়দ আলী রেযার গুলিতে তারা উভয়ই ঘটনাস্থলে শাহাদত বরণ করেন, ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। হুযূর (আই.) তাদের সংক্ষিপ্ত স্মৃতিচারণ করার পর মুকাররম মালেক মুবারকের খাস সাহেবেরও স্মৃতিচারণ করেন এবং তাদের তিনজনের আত্মার মাগফিরাত ও শান্তি কামনা করে দোয়া করেন, 'আল্লাহ্ তা'লা তাদের সাথে প্রতি সদয় ও ক্ষমাসুলভ আচরণ করুন এবং তাদের শোকসন্তপ্ত পরিবারকে ধৈর্য ধারণের তৌফিক দিন' আমীন।

[প্রিয় পাঠকবৃন্দ! হুযূরের খুতবা সম্পূর্ণ শোনার কখনোই কোনো বিকল্প নেই, আমরা সময়ের প্রতি লক্ষ্য রেখে খুতবার সারমর্ম উপস্থাপন করছি মাত্র। আপনাদেরকে হুযূরের পুরো খুতবাটি শোনার অনুরোধ রইল। হুযূরের খুতবাটি পুরো শুনতে পাবেন আমাদের এমটিএ'র নিয়মিত ওয়েবসাইট অর্থাৎ, **www.mta.tv** এবং আমাদের কেন্দ্রীয় বাংলা ওয়েবসাইট **www.ahmadiyyabangla.org** -এ]

(সূত্র: কেন্দ্রীয় বাংলাডেস্ক লন্ডনের তত্ত্বাবধানে প্রস্তুতকৃত)

এটর্নী মঈন চৌধুরী LAW OFFICES

Toll Free: 1-866-MOIN-LAW
Cell: 917-282-9256
(To schedule appointment only)


Michael Taub, Esq.


Moin Choudhury, Esq.

এক্সিডেন্ট কেইসেস-মেডিক্যাল ম্যালপ্রেক্টিস
বিনামূল্যে পরামর্শ
প্রয়োজনে এটর্নী বাসায় বা হাসপাতালে আসবেন

- গাড়ী এক্সিডেন্ট
- কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
- বিল্ডিং এ দূর্ঘটনা
- স্লিপ এন্ড ফল
- ট্রিপ এন্ড ফল
- হাসপাতালে ভুল চিকিৎসা
- বিকলাঙ্গ শিশুর জন্ম
- লেড পয়জনিং
- কাজের জায়গায় দূর্ঘটনা

IMMIGRATION
(Consultation fee applies)





ক্লায়েন্টেদের জন্য আমরা মিলিয়ন মিলিয়ন ডলার আদায় করে দিয়েছি


Attorney
Michigan Only.


Attorney
Michigan Only.


Attorney
New Jersey Only


Attorney, Buffalo
New York Only


Attorney
Connecticut Only


Attorney
Pennsylvania Only

WWW.MOINLAW.COM

Prior result does not guarantee future outcome of any cases. Moin Choudhury is admitted in Michigan State only and also admitted in the Supreme Court of the United States.
Michael Taub is admitted in New York State Only and also admitted in the NY Federal District Courts.

শ্রমিক অসন্তোষ- সংকট না ষড়যন্ত্র?

অসন্তোষের মূল কারণ স্বল্প মজুরি, অতিরিক্ত পরিশ্রম, চাকরি হারানোর আশঙ্কা আর বৈষম্য বৃদ্ধি। নজর দিতে হবে এখানে। এ পর্যন্ত যতবার আন্দোলন হয়েছে, প্রতিবার ভাঙচুর ও অগ্নিসংযোগ যেমন হয়েছে তেমনি গুলি হয়েছে, জীবন দিতে হয়েছে শ্রমিকদের, শত শত শ্রমিক জেল খেটেছে, হাজার হাজার শ্রমিকের বিরুদ্ধে মামলা হয়েছে আর চাকরি হারিয়েছে অসংখ্য শ্রমিক। কিন্তু তারপরও কেন শ্রমিক রাস্তায় নেমে আসে? এ প্রশ্নের উত্তর খুঁজতে হবে। একটা স্থায়ী মজুরি কমিশন গঠন করা, বাজারদর ও পোশাক রপ্তানিকারক দেশগুলোর সঙ্গে সংগতি রেখে মজুরি নির্ধারণ করার দাবিকে বিবেচনায় নিতে হবে। উসকানি ও ষড়যন্ত্র খোঁজার উৎসাহে যেন সংকটের মূল কারণ আড়াল না হয়, সে বিষয়টাই গুরুত্বের সঙ্গে বিবেচনা করতে হবে

রাজেকুজ্জামান রতন



বাংলাদেশের রপ্তানি আয়ের প্রধান খাত তৈরি পোশাকশিল্প। বছরে ৪০ বিলিয়ন ডলারের মতো রপ্তানি; ৩৫ লাখের বেশি শ্রমিক, যাদের ৫৫ শতাংশ নারীশ্রমিক, যুবকনির্ভর শিল্পকারখানা; যেখানে ৯০ শতাংশের বেশি শ্রমিকের বয়স ৪০ বছরের কম, শ্রমঘন শিল্পই শুধু নয়, একেকটা শিল্পাঞ্চলে কারখানার সংখ্যাও অনেক বেশি; ফলে লাখ লাখ শ্রমিক বাস করে একেকটা এলাকায়। সেই খাতে অসন্তোষ সৃষ্টি হলে তা ছড়িয়ে পড়তে সময় লাগে না। এবারও সেটাই ঘটেছে। গত কয়েক দিনে শ্রমিকরা নেমে এসেছে রাস্তায়, সংঘর্ষ হচ্ছে পুলিশের সঙ্গে, মালিকরা বন্ধ ঘোষণা করছেন একের পর এক কারখানা। মিরপুর, গাজীপুরের কালিয়াকৈর, ঢাকার সাভার ও আশুলিয়ায় বিক্ষোভ, অবরোধ ও গাড়িতে আগুন দেওয়ার ঘটনা ঘটেছে। পুলিশ শ্রমিকদের ওপর টিয়ার গ্যাস, সাউন্ড গ্রেনেড, লাঠিচার্জ করেছে; এতে পরিস্থিতি আরও অবনতি হয়েছিল। এরই মধ্যে সরকার বিভিন্ন পদক্ষেপ নিলেও পরিস্থিতি শান্ত হয়নি। বৃহৎ কারখানা বলে পরিচিত কয়েকটি গার্মেন্টস বন্ধ ঘোষণায় উত্তেজনার সঙ্গে আশঙ্কাও তৈরি হয়েছে এ খাতে। শ্রমিকদের অসন্তোষের সূত্রপাত ঘকেয়া মজুরি নিয়ে। উত্তরাসহ কয়েকটি অঞ্চলে শ্রমিকদের মজুরি কয়েক মাস বাকি- এ কথা বলে শ্রমিকরা রাস্তায় নেমে আসে। এর সঙ্গে যুক্ত হয়েছিল মজুরি বোর্ড ঘোষণা এবং নিম্নতম মজুরি ঘোষণার দাবি।

পরিস্থিতি প্রতিমুহূর্তেই পাল্টাচ্ছে। দেশের তিন শিল্প অধ্যুষিত মিরপুর, গাজীপুর-ময়মনসিংহ, সাভার-আশুলিয়ায় বিজিএমইএর আওতাধীন ২ হাজার ১৩৪টি কারখানার মধ্যে সচল ছিল ১ হাজার ৮১৬টি। তবে শ্রম অসন্তোষের জেরে ৭৭৯টি কারখানায় ছুটি ঘোষণা করা হয়। বিক্ষোভ ছড়িয়ে পড়েছে নারায়ণগঞ্জ এলাকায়ও। এর আগে ঢাকা মহানগরীর মিরপুরে শ্রমিকরা কাজ না করে বেরিয়ে গেলে ৬৮টি কারখানা ছুটি ঘোষণা করা হয়েছিল। এসব কারখানায় শ্রমিকের সংখ্যা ৫১ হাজার ৬২৫। গাজীপুর ও ময়মনসিংহ এলাকায় ৮৩৬টি কারখানার মধ্যে ২৭৬ কারখানার ৬ লাখ ৪৫ হাজার ৩৬০ শ্রমিক অসন্তোষের কারণে কর্মছন্দ ত্যাগ করেন। সাভার, আশুলিয়া ও জিরানী এলাকায় ৪৪১টি কারখানার মধ্যে ১৮৫টির শ্রমিকরা কাজ না করে বেরিয়ে যান। এই এলাকায় কাজ করেননি ২ লাখ ৯০ হাজার ২০৫ শ্রমিক। সব মিলিয়ে প্রায় ১০ লাখ শ্রমিক এখন কারখানার বাইরে। ফলে উৎপাদন ব্যাহত হওয়ার আশঙ্কা করছেন শিল্পমালিকরা। মালিকদের সংগঠন বলেছে, অবস্থার উন্নতি না হলে শ্রম আইনের ১৩(১) ধারা অনুযায়ী 'কাজ নেই, মজুরি নেই' নীতিতে কারখানা বন্ধ রাখার বিষয়টি তারা বিবেচনা করবেন।



বিশ্বের দ্বিতীয় বৃহত্তম পোশাক রপ্তানিকারক দেশের শ্রমিকদের মজুরি বিশ্বের পোশাক রপ্তানিকারক দেশগুলোর মধ্যে সবচেয়ে কম। পোশাকশ্রমিকদের নিম্নতম মজুরি গত দুই দশকে কয়েক দফায় পুনর্নির্ধারণ করা হয়েছে। ২০০৬ সালে নিম্নতম মজুরি ছিল ১ হাজার ৬৬২ টাকা ৫০ পয়সা। ২০১০ সালে তা বাড়িয়ে ৩ হাজার, ২০১৩ সালে ৫ হাজার ৩০০, ২০১৮ সালে ৮ হাজার এবং সর্বশেষ ২০২৩ সালে পোশাকশ্রমিকদের নিম্নতম মজুরি সাড়ে ১২ হাজার টাকা নির্ধারণ করা হয়, যা ওই বছরের ডিসেম্বরে কার্যকর হয়েছিল। সাতটা গ্রেডে মজুরি নির্ধারণ করা হয়েছিল। গ্রেড-১-এ সর্বোচ্চ ১৫ হাজার ৩৫ টাকা। এ মজুরি দিয়ে কেমন জীবনযাপন করা যায়? অনেকে বলেছেন, ওভারটাইম করে কেউ কেউ ১৯ হাজার থেকে ২০ হাজার টাকা পর্যন্ত পান; কিন্তু তারা বিবেচনা করেন না, এর জন্য দিনে শ্রমিকদের কত ঘণ্টা কাজ করতে হয়। তারপর দ্রব্যমূল্য আর জীবনযাত্রার ব্যয়ের সঙ্গে পাল্লা দিয়ে পিছিয়ে যাচ্ছে শ্রমিকরা।

সংসার খরচ চালাতে অতিরিক্ত আয় দরকার। তাই ওভারটাইম না করলে সংসার চলে না, বাজার হয় না, আবার ওভারটাইম করলে শরীর চলে না, জীবন বলে কিছু থাকে না। পোশাকশ্রমিকরা ওভারটাইম করে বাঁচার জন্য, সংসার আর চাকরি রক্ষা করতে। শ্রমিকদের জীবন যেন এ চক্রে বাঁধা।

পোশাকশ্রমিকদের কত ঘণ্টা কাজ করতে হয়? শ্রম আইনে আছে ৮ ঘণ্টা, বাস্তবে খাটতে হয় ১৪ ঘণ্টা পর্যন্ত। গবেষণায় দেখা যাচ্ছে, একজন শ্রমিক মাসে আইনের চেয়ে ২৮ ঘণ্টা বেশি কাজ করেন এবং অর্ধেকের বেশি সপ্তাহে তারা আইনি সীমা ৬০ ঘণ্টার চেয়েও বেশি সময় কারখানায় থাকেন।

এ দৈনিক রুটিন দেশের ২৫ লাখের বেশি নারী শ্রমিকের, যারা কাজ করেন গার্মেন্টসে। পুরুষ শ্রমিকদের রান্না আর বাচ্চা সামলানোর কাজ বাদ দিলে বাজার করা ও অন্যান্য কাজসহ প্রতিদিনের রুটিন প্রায় একইরকম। এ শ্রমিকদের হাতে সেলাই হওয়া, আয়রন করা, প্যাকেট করা 'মেড ইন বাংলাদেশ' ট্যাগ গর্ব করে বহন করে বিশ্ব; কিন্তু তাদের নিজেদের জীবনটাই আটকে আছে একটা দুশ্যমান চক্রে আর অদৃশ্য শোষণের জালে। ছুটতে ছুটতে বাসায় আসা, দৌড়ে ফ্যাক্টরিতে হাজিরা হওয়া, একনাগাড়ে কাজ করা, ঘুম- একই চিত্র প্রতিদিন, যতদিন চাকরিটা থাকে।

অর্থনীতি শুধু অঙ্কের হিসাব করে। মালিক হিসাব করে মুনাফা। শিল্প টিকে থাকলেই শুধু চলবে না তার, মুনাফা বাড়াতে হবে। শ্রমিক চায় মজুরি। যেমন-তেমন মজুরি দিয়ে কায়ক্লেশে জীবনধারণ নয়, জীবন বিকাশের জন্য মজুরি। কিন্তু নিত্যপণ্যের দাম বাড়ছে যে গতিতে, শ্রমিকের মজুরি সে অনুপাতে বাড়ছে না। প্রতি তিন এরপর ১৩ পৃষ্ঠায়

ফল বিপর্যয়ের দায় কি শুধুই শিক্ষার্থীদের

তবে জাতীয় ফল বিপর্যয়ের প্রতিটি কারণকে শুধু আচরণগত বিচ্যুতির ওপর নির্ভর করে প্রমাণ করা যায় না। পাঠদানের মান, বিষয়ভিত্তিক শিখনঘাটতি, প্রশ্নপত্রের ধরন, পরীক্ষা পদ্ধতি ও শিক্ষাপ্রতিষ্ঠানের বৈষম্যও অনুসন্ধান দাবি করে। যথাযথ গবেষণা ছাড়া কোনো একটি কারণের অবদান শতাংশের হিসাবে নির্ধারণ করা অসম্ভব। কিন্তু এ সীমাবদ্ধতা শিক্ষার্থী, পরিবার ও প্রতিষ্ঠানের প্রত্যক্ষ দায়িত্বকে অস্বীকার করার অজুহাত হতে পারে না। আজ যে পরিবার সন্তানের অনিয়মকে প্রশ্রয় দিচ্ছে, যে শিক্ষার্থী বই ছেড়ে পর্দায় নিমগ্ন, যে প্রতিষ্ঠান উপস্থিতির শৈথিল্য মেনে নিচ্ছে- তাদের প্রত্যেকের জন্য এ ফলাফল এক কঠোর সতর্কবার্তা। শিক্ষার প্রতি শ্রদ্ধা, পাঠের প্রতি নিষ্ঠা ও দায়িত্বের প্রতি অনমনীয় অঙ্গীকার পুনঃপ্রতিষ্ঠা না হলে ভবিষ্যতের ফলও বদলাবে না

প্রদীপ্ত মোবারক



সদ্য প্রকাশিত এইচএসসি ও সমমান পরীক্ষার ফল আমাদের শিক্ষাব্যবস্থার অন্তর্গত এক অস্বস্তিকর বাস্তবতাকে উন্মোচিত করেছে। ২০২৬ সালে পাসের হার নেমে এসেছে ৫২ দশমিক ১২ শতাংশে; গত বছর ছিল ৫৮ দশমিক ৮৩ শতাংশ। জিপিএ ৫ প্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যাও উল্লেখযোগ্যভাবে কমেছে। এই পরিসংখ্যান শুধু পরীক্ষার ফলের নিম্নগামিতা নয়; বরং শিক্ষার্থীর অধ্যয়নাভ্যাস, শ্রেণিকক্ষের প্রতি দায়বদ্ধতা, শিক্ষক-শিক্ষার্থী সম্পর্ক এবং পারিবারিক তদারকির ক্রমবর্ধমান সংকট নিয়ে গভীর আত্মসমালোচনার আহ্বান। শিক্ষার এ অধোগতিকে শুধু কঠিন প্রশ্নপত্র; কিংবা মূল্যায়ন পদ্ধতির ওপর চাপিয়ে দেওয়া আত্মপ্রবঞ্চনার শামিল।

প্রথমত, পাঠ্যপুস্তকবিমুখতা। শিক্ষার্থীদের একাংশ মূল বইয়ের ধারাবাহিক পাঠ, বিষয়ভিত্তিক অনুশীলন এবং ধারণাগত উপলব্ধির পরিবর্তে সংক্ষিপ্ত নোট, সাজেশন ও পরীক্ষাযুখী মুখস্থবিদ্যার ওপর নির্ভরশীল হয়ে পড়েছে। অথচ পাঠ্যপুস্তক কোনো আনুষ্ঠানিক উপকরণ নয়; তা জ্ঞানের মৌলিক ভিত্তি নির্মাণের প্রধান অবলম্বন। মূল পাঠ আত্মস্থ না করে বিচ্ছিন্ন প্রশ্নোত্তর আয়ত্ত করার প্রবণতা শিক্ষার্থীর বিশ্লেষণক্ষমতা, ভাষাগত দক্ষতা ও সমস্যা সমাধানের সামর্থ্যকে দুর্বল করে। প্রশ্নের কাঠামো সামান্য পরিবর্তিত হলেই তখন প্রস্তুতির অন্তঃসারশূন্যতা প্রকট হয়ে ওঠে।

দ্বিতীয়ত, শ্রেণিকক্ষবিমুখতা। নিয়মিত উপস্থিতি, মনোযোগী পাঠগ্রহণ, শিক্ষকের সঙ্গে প্রশ্নোত্তর এবং সহপাঠীদের সঙ্গে গঠনমূলক আলোচনা- এসবই শিক্ষার অপরিহার্য অনুষঙ্গ। কিন্তু অনেক শিক্ষার্থী শিক্ষাপ্রতিষ্ঠানে উপস্থিত থেকেও প্রকৃত শিক্ষাকার্যক্রম থেকে বিচ্ছিন্ন থাকে। নিয়মিত শ্রেণিকক্ষের সংস্পর্শ হারালে শিক্ষার্থীরা শেখার ধারাবাহিকতা, সময়ানুবর্তিতা ও আত্মনিয়ন্ত্রণ- তিনটিই হারায়। কোনো শিক্ষার্থী দিনের পর দিন ক্লাস ফাঁকি দিলে সেটিকে কখনো 'বয়সের দোষ', কখনো 'স্বাধীনতার প্রকাশ' বলে হালকা করা হয়। কৈশোর ও তারুণ্যে স্বাধীন চিন্তা যেমন জরুরি, তেমনি জরুরি আত্মসংযম, কাজের অগ্রাধিকার নির্ধারণ এবং সিদ্ধান্তের পরিণতি উপলব্ধি। এ মৌলিক শিক্ষা পরিবার ও প্রতিষ্ঠান যৌথভাবে দিতে ব্যর্থ হলে শিক্ষার্থীর মধ্যে তাৎক্ষণিক আনন্দকে দীর্ঘমেয়াদি অর্জনের ঊর্ধ্বে স্থান দেওয়ার প্রবণতা শক্তিশালী হয়।


তৃতীয়ত, শিক্ষক ও শিক্ষাপ্রতিষ্ঠানের প্রতি অসম্মানের সংস্কৃতি। শিক্ষককে প্রশ্ন করা, মতভিন্নতা প্রকাশ করা কিংবা যৌক্তিক সমালোচনা করা অবশ্যই শিক্ষার্থীর অধিকার; কিন্তু তা কখনোই অবজ্ঞা, ঔদ্ধত্য বা শৃঙ্খলাভঙ্গের সমার্থক নয়। শিক্ষকের নির্দেশনা উপেক্ষা, শিক্ষাপ্রতিষ্ঠানের বিধিবিধান অমান্য এবং পড়াশোনাকে তুচ্ছজ্ঞান করার প্রবণতা সুস্থ শিক্ষার পরিবেশ নষ্ট করে।

চতুর্থত, সামাজিক যোগাযোগমাধ্যমের ওপর মাত্রাতিরিক্ত নির্ভরতা। এটি শিক্ষার্থীদের মনঃসংযোগ ও সময়ব্যবস্থাপনায় বিপর্যয় ডেকে আনছে। শিক্ষামূলক প্রযুক্তি অবশ্যই সম্ভাবনার দ্বার উন্মুক্ত করেছে; কিন্তু উদ্দেশ্যহীন স্ক্রলিং, স্বল্পদৈর্ঘ্য ভিডিওর অবিরাম আকর্ষণ, অনলাইন বিনোদন এবং ভার্চুয়াল স্বীকৃতির প্রতিযোগিতা অনেকের দৈনন্দিন রুটিনকে গ্রাস করছে। ৫ মিনিটের বিরতি কখন ঘণ্টাব্যাপী অপচয়ে পরিণত হয়, তা তারা টেরও পায় না। পর্যাপ্ত ঘুম, নিরবচ্ছিন্ন অধ্যয়ন, পুনরাবৃত্তি ও আত্মমূল্যায়নের জন্য প্রয়োজনীয় সময় সংকুচিত হয়।

পঞ্চমত, অভিভাবকীয় উদাসীনতা ও প্রশ্রয়। সন্তান কোথায় যাচ্ছে, কার সঙ্গে মিশছে, নিয়মিত ক্লাস করছে কি না, পড়াশোনায় কতটা সময় দিচ্ছে, এসব প্রশ্ন অনেক পরিবারেই যথাযথ গুরুত্ব পায় না। কোথাও সন্তানের প্রতিটি অজুহাত নিঃশর্তে গ্রহণ করা হয়; কোথাও শিক্ষক বা প্রতিষ্ঠানের যুক্তিসংগত অভিযোগ যাচাই না করেই প্রত্যাখ্যান করা হয়। অভিভাবকের ভালোবাসা যদি সীমারেখাহীন প্রশ্রয়ে পরিণত হয়, তবে তা সন্তানের ভবিষ্যৎ নির্মাণের পরিবর্তে আত্মশৃঙ্খলা ধ্বংস করতে পারে। অভিভাবকের জবাবদিহি নিশ্চিত করার অর্থ সন্তানকে সারাক্ষণ সন্দেহের চোখে দেখা নয়; বরং স্নেহ ও নিয়মানুবর্তিতার মধ্যে যুক্তিসংগত ভারসাম্য প্রতিষ্ঠা করা। শুধু পরীক্ষার আগে ভালো ফলের দাবি তুলে বছরের বাকি সময় সন্তানের পাঠাভ্যাস সম্পর্কে নির্বিকার থাকলে প্রত্যাশা ও বাস্তবতার মধ্যে অবধারিত ব্যবধান সৃষ্টি হয়। মাসে একবার শিক্ষকের সঙ্গে কথা বলা, উপস্থিতির তথ্য দেখা, পড়াশোনার পরিকল্পনা নিয়ে আলোচনা করা এবং অনলাইন সময় ব্যবহারের যৌক্তিক নীতি তৈরি করা- এসবই অভিভাবকীয় দায়িত্বের ন্যূনতম প্রকাশ।

এ পাঁচটি প্রবণতা পরস্পর বিচ্ছিন্ন নয়; বরং একে অন্যকে পুষ্ট করে। পাঠ্যবইয়ের প্রতি অনীহা শ্রেণিকক্ষে আগ্রহ কমায়; অনিয়মিত উপস্থিতি শিক্ষকের সঙ্গে দূরত্ব সৃষ্টি করে; অসংযত ডিজিটাল আসক্তি অধ্যয়নের সময় কেড়ে নেয়; আর অভিভাবকীয় নীরবতা এ অবক্ষয়কে দীর্ঘস্থায়ী করে। ফল প্রকাশের পর ক্ষোভ, হতাশা কিংবা দোষারোপ যত সহজ, এই আচরণগত সংকট সংশোধন তত কঠিন। তাই ফলের সংখ্যাকে উপলক্ষ করে শিক্ষাসংস্কৃতির ভেতরের ক্ষয় পরীক্ষা করা জরুরি।

তবে জাতীয় ফল বিপর্যয়ের প্রতিটি কারণকে শুধু আচরণগত বিচ্যুতির ওপর নির্ভর করে প্রমাণ এরপর ৫৭ পৃষ্ঠায়




দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন

স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০



- ওমরাহ প্যাকেজ
- ওমরাহ ভিসা
- মোয়াল্লেম
- হোটেল ও ট্রান্সপোর্ট



বিশ্বের সকল দেশের ভিসা প্রসেসিং করা হয়



Mohammad B Hossain (Belal)
President & CEO

সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি

৭৪৯

JFK-Dhaka-JFK Return

আমরা IATA অনুমোদিত

আমরা ARC অনুমোদিত

DELTA AIR LINES | Biman BANGLADESH AIRLINES | AmericanAirlines | ETIHAD AIRWAYS | QATAR AIRWAYS | Emirates | KUWAIT AIRWAYS



বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

BANGLA TRAVELS

JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার

বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।



জামান রণু, ট্রাভেল কনসালটেন্ট | কাঞ্চন, ট্রাভেল কনসালটেন্ট | কে.এম. শহিদ, ট্রাভেল কনসালটেন্ট | মাহির, ট্রাভেল কনসালটেন্ট | জাহাঙ্গীর, ট্রাভেল কনসালটেন্ট | নিলয়, ট্রাভেল কনসালটেন্ট | নাহিয়ান আজাদ, ট্রাভেল কনসালটেন্ট

NEW YORK OFFICE
73-05 37th Road,
Jackson Heights
NY 11372

ATLANTA OFFICE
4229 1st Ave, Suite B,
Tucker, GA 30084
Tel: 404-704-7753

DHAKA OFFICE
C-752, Ridge Dale Shopping Center
Uttar Badda, Dhaka-1212
01349328919

Phone: 917-396-4140, 917-592-7828

সাইবার যুদ্ধের যুগে বাংলাদেশের প্রস্তুতি কোথায়

সহিদুল আলম স্বপন



বিশ্বের সবচেয়ে বড় ক্রিপ্টোকারেন্সি এক্সচেঞ্জগুলোর একটি আবারও বড় ধরনের সাইবার হামলার শিকার। তদন্তকারী সংস্থাগুলো আঙুল তুলছে উত্তর কোরিয়ার রাষ্ট্র-সমর্থিত ল্যাজারাস গ্রুপের দিকে। অভিযোগ সত্য হলে এটি শুধু আরেকটি হ্যাকিংয়ের ঘটনা নয়; এটি এমন এক বাস্তবতার প্রতিফলন, যেখানে একটি রাষ্ট্র তার অর্থনৈতিক সংকট মোকাবিলায় সাইবার অপরাধকে কৌশলগত অস্ত্র হিসেবে ব্যবহার করছে। আরও উদ্বেগের বিষয় হলো, শোনা যাচ্ছে এই একই গোষ্ঠীর নাম জড়িয়ে আছে বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ চুরি, সনি পিকচার্সে হামলা এবং বিশ্বের বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানে সংঘটিত বহু আলোচিত সাইবার অপরাধের সঙ্গে।

বাংলাদেশের জন্য এ ঘটনা তাই নিছক আন্তর্জাতিক সংবাদ নয়। এটি একটি আয়না, যেখানে আমাদের নিজেদের প্রস্তুতির ঘাটতিগুলো স্পষ্টভাবে দেখা যায়।

২০১৬ সালে বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ চুরির পর দেশের নীতিনির্ধারকদের মুখে সাইবার নিরাপত্তা নিয়ে অনেক প্রতিশ্রুতি শোনা গিয়েছিল। বলা হয়েছিল, ভবিষ্যতে এমন ঘটনা আর ঘটবে না। কিন্তু এক দশক পেরিয়ে যাওয়ার পর প্রশ্ন থেকেই যায়, আমরা আসলে কতটা বদলেছি? আমাদের ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, সরকারি ডেটাবেজ কিংবা গুরুত্বপূর্ণ অবকাঠামো কি সত্যিই নিরাপদ? নাকি আমরা এখনো ভাগ্যের ওপর নির্ভর করে আছি যে পরবর্তী আঘাতটি অন্য কোথাও গিয়ে লাগবে?

বাস্তবতা হলো, বাংলাদেশ দ্রুত ডিজিটাল হচ্ছে, কিন্তু সেই গতিতে সাইবার নিরাপত্তা শক্তিশালী হচ্ছে না। কোটি কোটি মানুষ ডিজিটাল লেনদেন করছে, সরকারি সেবা অনলাইনে চলে যাচ্ছে, নাগরিকদের সংবেদনশীল তথ্য বিশাল ডেটাবেজে জমা হচ্ছে। অথচ নিরাপত্তা ব্যবস্থার দুর্বলতা, দক্ষ জনবলের সংকট এবং সমন্বয়ের অভাব নিয়ে উদ্বেগ থেকেই যায়। ডিজিটাল অবকাঠামো যত বড় হচ্ছে, ঝুঁকির পরিধিও তত বিস্তৃত হচ্ছে।

বিশ্ব এখন বুঝে গেছে, সাইবার নিরাপত্তা প্রযুক্তি মন্ত্রণালয়ের একক বিষয় নয়; এটি অর্থনীতি, সার্বভৌমত্ব এবং জাতীয় নিরাপত্তার প্রশ্ন। একটি সফল সাইবার হামলা কখনো কখনো একটি সামরিক হামলার চেয়েও বেশি ক্ষতি করতে পারে। ব্যাংকের অর্থ উধাও হয়ে যেতে পারে, বিদ্যুৎ ব্যবস্থা অচল হতে পারে, মানুষের গোপন তথ্য ফাঁস হতে পারে, এমনকি জনমনে আতঙ্ক ছড়িয়ে সামাজিক স্থিতিশীলতাও ক্ষতিগ্রস্ত হতে পারে।

দুঃখজনকভাবে, আমরা এখনো অনেক ক্ষেত্রে সাইবার নিরাপত্তাকে খরচ হিসেবে দেখি, বিনিয়োগ হিসেবে নয়। প্রকল্পে কোটি কোটি টাকা ব্যয় করা হয়, কিন্তু নিরাপত্তা অডিট, নিয়মিত পরীক্ষণ কিংবা দক্ষ সাইবার বিশেষজ্ঞ তৈরির ক্ষেত্রে সেই গুরুত্ব দেখা যায় না। ফলে প্রযুক্তিগত অগ্রগতির ওপর যেন বালির বাঁধ তুলে রাখা হচ্ছে, যা যে কোনো সময় ভেঙে পড়তে পারে।

বাংলাদেশের এখন অবিলম্বে কয়েকটি বিষয়ে কঠোর সিদ্ধান্ত নিতে হবে। প্রথমত, সাইবার নিরাপত্তাকে জাতীয় নিরাপত্তার সর্বোচ্চ অগ্রাধিকার দিতে হবে।

দ্বিতীয়ত, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের নিরাপত্তা ব্যবস্থায় আপসের কোনো সুযোগ রাখা যাবে না।

তৃতীয়ত, বিশ্ববিদ্যালয়গুলোতে সাইবার নিরাপত্তা শিক্ষা ও গবেষণায় বড় বিনিয়োগ করতে হবে, যাতে বিদেশি বিশেষজ্ঞের দিকে তাকিয়ে থাকতে না হয়।

চতুর্থত, কৃত্রিম বুদ্ধিমত্তাভিত্তিক সাইবার প্রতিরক্ষা ব্যবস্থার উন্নয়ন জরুরি, কারণ হ্যাকাররাও এখন এআই ব্যবহার করছে।

আর পঞ্চমত, নাগরিক পর্যায়ে ডিজিটাল সচেতনতা বাড়ানো ছাড়া কোনো নিরাপত্তা কৌশলই সফল হবে না।

উত্তর কোরিয়ার ঘটনা আমাদের আরেকটি গুরুত্বপূর্ণ শিক্ষা দেয়। প্রাকৃতিক সম্পদ বা অর্থনৈতিক শক্তি নয়, জ্ঞান ও দক্ষতাই ভবিষ্যতের ক্ষমতার উৎস। একটি ছোট ও বিচ্ছিন্ন রাষ্ট্র যখন সাইবার সক্ষমতাকে কাজে লাগিয়ে বিশ্ব অর্থনীতিকে চ্যালেঞ্জ জানাতে পারে, তখন বাংলাদেশও চাইলে দক্ষ জনশক্তিকে সম্পদে পরিণত করতে পারে। প্রশ্ন হলো, আমরা সেই বিনিয়োগ করতে প্রস্তুত কি না।

বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ চুরি ছিল সতর্কবার্তা। বাইন্যান্সে হামলা সেই সতর্কবার্তার পুনরাবৃত্তি। ইতিহাসের শিক্ষা হলো, সতর্কবার্তা যারা উপেক্ষা করে, তারা শেষ পর্যন্ত মূল্য দেয় সবচেয়ে বেশি। তাই এখন আর আত্মতুষ্টির সুযোগ নেই। ডিজিটাল বাংলাদেশের স্বপ্নকে টেকসই করতে হলে সাইবার নিরাপত্তাকে প্রান্তিক কোনো বিষয় নয়, রাষ্ট্র পরিচালনার কেন্দ্রীয় এজেন্ডায় পরিণত করতে হবে। কারণ ভবিষ্যতের সবচেয়ে বড় ডাকাত হয়তো ব্যাংকের দরজা ভেঙে ঢুকবে না; সে ঢুকবে একটি দুর্বল পাসওয়ার্ড, একটি অসতর্ক ক্লিক কিংবা একটি অরক্ষিত সার্ভারের মাধ্যমে। আর তখন অনুশোচনার সুযোগ থাকবে না, থাকবে শুধু ক্ষতির হিসাব।

লেখক : জেনেভাভিত্তিক রাজনৈতিক বিশ্লেষক, প্রাইভেট ব্যাংকিং ফিন্যান্সিয়াল ক্রাইম কমপ্লায়েন্স বিশেষজ্ঞ ও কলামিস্ট
shahidul.alam@bluewin.ch



তখন বাংলাদেশও চাইলে দক্ষ জনশক্তিকে সম্পদে পরিণত করতে পারে। প্রশ্ন হলো, আমরা সেই বিনিয়োগ করতে প্রস্তুত কি না। বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ চুরি ছিল সতর্কবার্তা। বাইন্যান্সে হামলা সেই সতর্কবার্তার পুনরাবৃত্তি। ইতিহাসের শিক্ষা হলো, সতর্কবার্তা যারা উপেক্ষা করে, তারা শেষ পর্যন্ত মূল্য দেয় সবচেয়ে বেশি। তাই এখন আর আত্মতুষ্টির সুযোগ নেই। ডিজিটাল বাংলাদেশের স্বপ্নকে টেকসই করতে হলে সাইবার নিরাপত্তাকে প্রান্তিক কোনো বিষয় নয়, রাষ্ট্র পরিচালনার কেন্দ্রীয় এজেন্ডায় পরিণত করতে হবে। কারণ ভবিষ্যতের সবচেয়ে বড় ডাকাত হয়তো ব্যাংকের দরজা ভেঙে ঢুকবে না; সে ঢুকবে একটি দুর্বল পাসওয়ার্ড, একটি অসতর্ক ক্লিক কিংবা একটি অরক্ষিত সার্ভারের মাধ্যমে। আর তখন অনুশোচনার সুযোগ থাকবে না, থাকবে শুধু ক্ষতির হিসাব

স্মৃতির হেমন্ত: যে গ্রাম আর আগের মতো নেই

জহিরুল ইসলাম



হেমন্তের এক বিকেল। মাঠের ওপর রোদ তখন ক্রমশ নরম হয়ে আসছে। কোথাও ধান কাটা হচ্ছে, কোথাও উঠোনে নতুন ধান শুকানোর আয়োজন। বাতাসে পাকা ধানের গন্ধ। বাড়ির পাশে খড়ের গাদা, পুকুরের জলে গাছের ছায়া, দূরে মেঠোপথ ধরে বাড়ি ফিরছে মানুষ। দিনের কাজ শেষে কারও হাতে কাস্তে, কারও কাঁধে ধানের বোঝা। সন্ধ্যা নামার আগে উঠোনে কিংবা চায়ের দোকানে জমে উঠছে গল্প। এই দৃশ্যের মধ্যে শুধু একটি ঋতুর সৌন্দর্য নেই; আছে একটি জীবনব্যবস্থার পরিচয়।

আজও হেমন্ত আসে। মাঠে ধান পাকে, ফসল ঘরে ওঠে, শীতের আগমনী হাওয়া বইতে শুরু করে। কিন্তু সেই ঋতুকে ঘিরে মানুষের জীবনযাপনের যে পরিচিত দৃশ্য একসময় গ্রামবাংলার অবিচ্ছেদ্য অংশ ছিল, তার অনেক কিছুই বদলে গেছে। কোথাও ধান কাটার দৃশ্যের জায়গা নিয়েছে যন্ত্র, কোথাও মেঠোপথ পাকা সড়ক হয়েছে, কোথাও পুরোনো পুকুর ভরাট হয়ে তৈরি হয়েছে নতুন বসতি। বাড়ির উঠোনে মানুষের সমাবেশ কমেছে, বেড়েছে ব্যক্তিগত ব্যস্ততা। ঋতু আছে, প্রকৃতি আছে, কিন্তু তাদের সঙ্গে মানুষের সম্পর্কের ভাষা যেন বদলে যাচ্ছে।

প্রশ্ন জাগে, গ্রাম কি সত্যিই আগের মতো নেই, নাকি সময়ের সঙ্গে বদলে যাওয়া আমাদের জীবনবোধই পুরোনো গ্রামকে অপরিচিত করে তুলেছে?

গ্রামকে আমরা সাধারণত একটি ভৌগোলিক স্থান হিসেবে দেখি-কিছু বাড়িঘর, মাঠ, নদী, পুকুর, গাছপালা, রাস্তা ও মানুষের বসতি। কিন্তু মানুষের কাছে গ্রাম কেবল মানচিত্রের কোনো বিন্দু নয়। এটি তার শৈশবের প্রথম ভূগোল, সম্পর্কের প্রথম পাঠশালা, ভাষা ও সংস্কৃতির প্রাথমিক আশ্রয়। কোনো বাড়ির উঠোন, নির্দিষ্ট একটি গাছ, পুকুরের ঘাট কিংবা গ্রামের শেষ প্রান্তের পথ-এসবের সঙ্গে জড়িয়ে থাকে ব্যক্তিগত অভিজ্ঞতা ও সমষ্টিগত স্মৃতি। যে জায়গাগুলো অন্যের কাছে সাধারণ, স্মৃতির কাছে সেগুলো হয়ে ওঠে বিশেষ।

এই কারণেই গ্রামের পরিবর্তন শুধু অবকাঠামোর পরিবর্তন নয়; কখনো কখনো তা মানুষের নিজের অতীতের সঙ্গে সম্পর্কের পরিবর্তনও। পুরোনো বাড়িটি ভেঙে নতুন বাড়ি তৈরি হলে শুধু স্থাপত্য বদলায় না, বদলে যায় সেই বাড়ির সঙ্গে যুক্ত স্মৃতির দৃশ্যপটও। যে উঠোনে একসময় কয়েক প্রজন্মের মানুষ একসঙ্গে বসত, সেখানে হয়তো এখন আলাদা আলাদা ঘর। একই পরিবারের সদস্যরা একই বাড়িতে থেকেও নিজেদের সময় কাটান ভিন্ন পর্দার সামনে। এক ছাদের নিচে বসবাস থাকলেও একসঙ্গে থাকার অভিজ্ঞতা আর আগের মতো থাকে না।

গ্রামীণ জীবনের একটি বড় বৈশিষ্ট্য ছিল মানুষের পারস্পরিক নির্ভরতা। কৃষিকাজ, ফসল তোলা, বাড়িঘর নির্মাণ, বিয়ে কিংবা সামাজিক বিপদ-বিভিন্ন উপলক্ষে মানুষ একে অন্যের পাশে দাঁড়াত। প্রতিবেশী অনেক সময় আত্মীয়ের মতোই আপন ছিল। কার বাড়িতে কী ঘটছে, কে অসুস্থ, কার সংসারে অভাব-এসব খবর সামাজিক সম্পর্কের ভেতর দিয়েই ছড়িয়ে পড়ত। এই নৈকট্যের মধ্যে যেমন সহযোগিতা ছিল, তেমনি ছিল সামাজিক নিয়ন্ত্রণ, ব্যক্তিগত জীবনে অযাচিত হস্তক্ষেপ এবং নানা ধরনের বৈষম্যও। অতীতের গ্রামকে তাই নিখুঁত মানবিক সমাজ হিসেবে কল্পনা করা ঠিক হবে না।

তবু সেই জীবনে এমন কিছু অভিজ্ঞতা ছিল, যা আধুনিক জীবনের ব্যস্ততার মধ্যে ক্রমশ দুর্লভ হয়ে উঠছে। উঠোনের আড্ডা, হাটের পরিচিত মুখ, সন্ধ্যার গল্প, পাড়া-প্রতিবেশীর খোঁজখবর কিংবা উৎসবের সম্মিলিত আয়োজন মানুষের মধ্যে এক ধরনের সামাজিক বন্ধন তৈরি করত। নবান্ন, পিঠাপুলি, লোকসংগীত, পালাগান, যাত্রা কিংবা স্থানীয় মেলা শুধু বিনোদনের আয়োজন ছিল না; এগুলো ছিল একটি সমাজের নিজেকে প্রকাশ করার মাধ্যম। মানুষ এসব আয়োজনের মধ্য দিয়ে নিজের সংস্কৃতিকে চিনত, পরবর্তী প্রজন্মের কাছে পৌঁছে দিত।

এখন এসব আয়োজনের অনেক কিছুই সীমিত হয়েছে, কোথাও রূপ বদলেছে, কোথাও হারিয়ে গেছে। তবে পরিবর্তনকে একমাত্র সাংস্কৃতিক অবক্ষয় বলে ব্যাখ্যা করাও যথার্থ নয়। নতুন প্রজন্মের বিনোদন, রুচি ও যোগাযোগের মাধ্যম বদলেছে। প্রযুক্তি তাদের সামনে এমন এক পৃথিবী খুলে দিয়েছে, যা আগের প্রজন্মের কল্পনারও বাইরে ছিল। গ্রামের একজন তরুণ এখন নিজের ঘরে বসেই বিশ্বের নানা প্রান্তের মানুষের সঙ্গে যোগাযোগ করতে পারে। তার জ্ঞান, আকাঙ্ক্ষা ও সম্ভাবনার পরিসর আগের তুলনায় অনেক বিস্তৃত। কিন্তু সেই বিস্তৃত পৃথিবীর সঙ্গে যুক্ত হতে গিয়ে স্থানীয় সংস্কৃতির সঙ্গে তার সম্পর্ক কতটা গভীর থাকছে, সেটিও ভাবনার বিষয়।

এখানেই প্রজন্মান্তরের দূরত্বটি স্পষ্ট হয়। বয়স্ক মানুষের কাছে গ্রাম মানে পরিচিত মুখ, শৈশবের পথ, পারিবারিক ইতিহাস ও স্মৃতির আশ্রয়। তরুণের কাছে সেই গ্রাম কখনো জীবিকার সীমাবদ্ধতা, উন্নত শিক্ষার অভাব কিংবা নিজের ভবিষ্যৎ নির্মাণের পথে বাধা। একজন যে জায়গাকে হারিয়ে ফেলার ভয় পান, অন্যজন হয়তো সেই জায়গা ছেড়ে যাওয়ার সুযোগ খোঁজেন। দুজনের অনুভূতিই বাস্তব। অতীতের প্রতি মমতা যেমন অস্বীকার করা যায় না, তেমনি ভবিষ্যতের সন্ধানে তরুণের গ্রাম ছাড়ার আকাঙ্ক্ষাকেও অপরাধ হিসেবে দেখা যায় না।

গ্রামের পরিবর্তনের পেছনে

এরপর ২৮ পৃষ্ঠায়



হেমন্ত প্রতিবছর ফিরে আসে। ধান পাকে, মাঠের রং বদলায়, নতুন ফসল ঘরে ওঠে। কিন্তু যে গ্রামকে আমরা স্মৃতিতে বহন করি, তার সঙ্গে বর্তমান গ্রামের দূরত্ব ক্রমেই বাড়ে। হয়তো এই দূরত্বের মধ্যেই সময়ের স্বাভাবিক সত্য লুকিয়ে আছে। মানুষ তার শৈশবের গ্রামকে ফিরে পায় না, যেমন ফিরে পায় না শৈশবের নিজেকেও। তবু সেই গ্রাম তার ভেতরে থেকে যায়-কোনো গন্ধে, কোনো পরিচিত শব্দে, কোনো ঋতুর আলোয় কিংবা হঠাৎ মনে পড়ে যাওয়া একটি বিকেলে। তাহলে আমরা কি সত্যিই গ্রামকে হারিয়ে ফেলছি, নাকি সময়ের সঙ্গে বদলে যাওয়া আমাদের জীবন, সম্পর্ক ও আকাঙ্ক্ষার ভেতর দিয়ে গ্রামও তার নতুন অর্থ তৈরি করছে? আর যে গ্রামকে আমরা স্মৃতিতে আগলে রাখি, সেই গ্রামের কোন মূল্যবোধটুকু ভবিষ্যৎ প্রজন্মের হাতে পৌঁছে দিতে চাই?



আপনার ঘর বা ব্যবসার জন্য

সিকিউরিটি ক্যামেরা ও ভিডিও ডোরবেল দরকার?

- রেসিডেনসিয়াল ও বিজনেসের জন্য ইনডোর ও আউটডোর ইনস্টলেশন।
- প্রফেশনাল সার্ভিস ।

বিস্তারিত জানতে যোগাযোগ করুন

929-365-1935



উইলিয়ামস ল্যান্ডমার্ক ২-এর রিয়েল এস্টেট ওয়ার্কশপ সম্পন্ন

৬২ পৃষ্ঠার পর

এই বর্ণাঢ্য সেমিনার ও নেটওয়ার্কিং মিলনমেলা অনুষ্ঠিত হয়।

এবারের অনুষ্ঠানের মূল আকর্ষণ ছিল কেল্লার উইলিয়ামস পরিবারে নবনিযুক্ত দক্ষ মর্টগেজ ব্রোকার মোহাম্মদ কামাল-এর আনুষ্ঠানিক স্বাগত পর্ব। এ উপলক্ষে আয়োজিত বিশেষ স্বাগত অনুষ্ঠানে প্রতিষ্ঠানের শীর্ষ কর্মকর্তা এবং রিয়েল এস্টেট খাতের পেশাজীবীরা উপস্থিত ছিলেন।

স্বাগত পর্বের ঠিক পরপরই মোহাম্মদ কামাল-এর সরাসরি পরিচালনায় দুই ঘণ্টাব্যাপী একটি নিবিড় 'রিয়েল এস্টেট ও মর্টগেজ ওয়ার্কশপ/ক্লাস' অনুষ্ঠিত হয়। এই শিক্ষামূলক সেশনে প্রবাসীদের জন্য আমেরিকার বর্তমান বাজারে বাড়ি কেনার সহজ উপায়, রিয়েল এস্টেট ফাইন্যান্সিং (অর্থায়ন), ডাউন পেমেন্টের সঠিক নিয়ম এবং বিভিন্ন ধরণের মর্টগেজ বা ঋণ সুবিধার আধুনিক সমাধান নিয়ে অত্যন্ত গুরুত্বপূর্ণ তথ্য ও দিকনির্দেশনা প্রদান করা হয়।

অনুষ্ঠানে উপস্থিত থেকে মোহাম্মদ কামাল-কে কেল্লার উইলিয়ামস ল্যান্ডমার্ক ২ পরিবারে আনুষ্ঠানিকভাবে স্বাগত জানান এবং অভিনন্দন বক্তব্য প্রদান করেন প্রতিষ্ঠানের শীর্ষ নেতৃত্ব। আমন্ত্রিত সম্মানিত বক্তাদের মধ্যে উপস্থিত ছিলেন: রন ফেরারা মালিক, মারিয়া গাগিয়ো টিম লিডার, সুসি সোরিক ম্যানেজার মোহাম্মদ কে. আহমেদ এএলসি মেম্বার।

বক্তারা তাদের বক্তব্যে বলেন, মোহাম্মদ কামালের মতো একজন অভিজ্ঞ ও দক্ষ মর্টগেজ ব্রোকারের অন্তর্ভুক্তি কেল্লার উইলিয়ামস পরিবারকে আরও শক্তিশালী করবে। বিশেষ করে প্রবাসী বাংলাদেশিরা এখন খুব সহজেই তাদের নিজস্ব ভাষায় বিশ্বস্ততার সাথে রিয়েল এস্টেট ফাইন্যান্সিংয়ের সঠিক পরামর্শ পাবেন। অনুষ্ঠানের শেষাংশে উপস্থিত সকল রিয়েল এস্টেট অ্যাসোসিয়েট ও অতিথিরা একসাথে এসে নতুন সদস্যকে বরণ করে নেন। সবমিলিয়ে চমৎকার খাবার, আড্ডা এবং মূল্যবান এই শিক্ষার সুযোগ প্রবাসে আবাসন ব্যবসার সাথে সম্পৃক্ত ও নতুন বাড়ি ক্রেতাদের মাঝে ব্যাপক সাড়া ফেলেছে।

এষ্টোরিয়ায় বাংলাদেশী মালিকানাধীন বিশ্বস্থ অটো রিপেয়ার শপ

Open 24 Hours

Body Work
Computerized wheel Alignment
Complete Mechanical Work
Rebuild Transmission
Tires & Wheel Balancing
N.Y.S. Inspection
Low Price & Fully Guaranteed

United
Auto Repair & Body Shop, Inc.

Contact: Azam Tel: 718-786-6677
Cell: 917-567-3637, Email: unitedautony@gmail.com

- ১০০% গ্যারান্টি সহ যাবতীয় রিপেয়ার
- দক্ষ মেকানিকের দ্বারা ত্রুটি নির্ণয়
- সুলভ মূল্যে ফুল অটো রিপেয়ার
- নতুন ও রিবিল্ড ট্রান্সমিশন স্থাপন



ইউনাইটেড অটো রিপেয়ার

ইয়েলো ক্যাব, লিমোজিন ও লিভারীর জন্য বিশেষ ছাড়

38-06 31st Street (Betn. 38th & 39th Ave.), Astoria, NY 11101

রায়পুরা সমিতি ইউএসএ ইনক'র নতুন কমিটি গঠন

৬২ পৃষ্ঠার পর

সকলের উপস্থিতিতে অনুষ্ঠিত বৈঠকে সর্বসম্মতিতে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে জানা যায়। নতুন কমিটির সভাপতি মনোনিত হয়েছেন ইকবাল এ ভূইয়া এবং সাধারণ সম্পাদক হিসেবে মনোনিত হয়েছেন মো: গোলাম মোস্তফা। প্রধান উপদেষ্টা মনোনিত হয়েছেন আজহারুল ইসলাম খোকা।

উপদেষ্টা পরিষদ যথাক্রমে: আজহারুল ইসলাম (খোকা)- প্রধান উপদেষ্টা, উপদেষ্টা- মো: আনোয়ার হোসেন, বি এম মুরাদ ভূইয়া, সামসুল আলম (খোকন), মো: মোবারক হোসেন, এ কাদের জিলানী, মো: রেজাউল খালেক(খালিদ), মোঃ খান (বাবুল), মিলি ভূইয়া, মাহফুজ ভূইয়া।

কার্যকরী পরিষদ: ইকবাল এ ভূইয়া- সভাপতি, মানুদ ভূইয়া সিনিয়র- সহ-সভাপতি, এরশাদুল হক (বাবুল)- সহ-সভাপতি, আব্দুল কাইয়ুম- সহ-সভাপতি, মো: গোলাম মোস্তফা- সাধারণ সম্পাদক, মোফাজ্জল হোসেন- সহ-সাধারণ সম্পাদক, ইঞ্জি: আল আমিন- সাংগঠনিক সম্পাদক, মতিউর রহমান- কোষাধ্যক্ষ, মোঃ জাহাঙ্গীর আলম- সংস্কৃতি ও ক্রীড়া সম্পাদক, তাসমিনা আক্তার (নূপুর)- মহিলা সম্পাদিকা।

কার্যকরী সদস্যরা হচ্ছেন- জসিমউদ্দীন খন্দকার, মাসুদুর রহমান (মুরাদ), ওয়াজি উল্লাহ খন্দকার (সুমন), আতিকুর রহমান, নাজমুল হক, এবিএম নূর মোহাম্মদ, নিলুফা ইয়াছমিন। নতুন কমিটি গঠন করার পর সকলকে ধন্যবাদ জানান সভাপতি ইকবাল এ ভূইয়া ও সাধারণ সম্পাদক মো: গোলাম মোস্তফা। তারা সকলকে কমিউনিটির জন্য কাজ করার আহবান জানান।

শ্রমিক অসন্তোষ- সংকট না ষড়যন্ত্র?

১০ পৃষ্ঠার পর

বছর পরপর মজুরি বোর্ড গঠন করার আইন হয়েছে; কিন্তু তিন বছর দ্রব্যমূল্য, বাড়ি ভাড়া, জীবনযাপন ব্যয় স্থির রাখার কোনো ব্যবস্থা নেই। ফলে মূল্যবৃদ্ধি ও মজুরির ব্যবধান বেড়েছে ক্রমাগত। এ ব্যবধান না কমাতে পারলে শ্রমিক অসন্তোষ কমবে না। আন্দোলন থামাতে দমনপীড়ন নয়, শ্রমিকদের আশ্বস্ত করতে হবে। আন্দোলনে অনেকেই অংশ নেবে, তাই ষড়যন্ত্র খোঁজা নয়; সংকটের সমাধান করতে হবে। মজুরি যুক্তিসংগত করা, শ্রমিকদের জন্য রেশনের ব্যবস্থা করা, সন্তানের শিক্ষা, চিকিৎসার ব্যবস্থা করা আর মর্যাদাপূর্ণ কর্মপরিবেশ নিশ্চিত করা প্রয়োজন। যে গার্মেন্টস খাত দেশের রপ্তানি আয়ের ৮৩ শতাংশ জোগান দেয়, তাকে আর কতদিন সস্তা শ্রমিক, অদক্ষ শ্রমিকের খাত বলে বিবেচনা করা হবে?

অসন্তোষের মূল কারণ স্বল্প মজুরি, অতিরিক্ত পরিশ্রম, চাকরি হারানোর আশঙ্কা আর বৈষম্য বৃদ্ধি। নজর দিতে হবে এখানে। এ পর্যন্ত যতবার আন্দোলন হয়েছে, প্রতিবার তাণ্ডুচর ও অগ্নিসংযোগ যেমন হয়েছে তেমনি গুলি হয়েছে, জীবন দিতে হয়েছে শ্রমিকদের, শত শত শ্রমিক জেল খেটেছে, হাজার হাজার শ্রমিকের বিরুদ্ধে মামলা হয়েছে আর চাকরি হারিয়েছে অসংখ্য শ্রমিক। কিন্তু তারপরও কেন শ্রমিক রাস্তায় নেমে আসে? এ প্রশ্নের উত্তর খুঁজতে হবে। একটা স্থায়ী মজুরি কমিশন গঠন করা, বাজারদর ও পোশাক রপ্তানিকারক দেশগুলোর সঙ্গে সংগতি রেখে মজুরি নির্ধারণ করার দাবিকে বিবেচনায় নিতে হবে। উসকানি ও ষড়যন্ত্র খোঁজার উৎসাহে যেন সংকটের মূল কারণ আড়াল না হয়, সে বিষয়টাই গুরুত্বের সঙ্গে বিবেচনা করতে হবে।

লেখক: রাজনৈতিক বিশ্লেষক, কলাম লেখক

ZILLUR TAX ACCOUNTING & INSURANCE SERVICES



- Tax Filing & Payroll
- IRS Audit Assistance
- Insurance &
- Real Estate Services

Zillur Rahim
EA, CAA, MBA
IRS Enrolled Agent

• OUR SERVICES

- ☐ Personal Tax Filing
- ☐ Business Tax Filing
- ☐ New Business Setup
- ☐ Home & Business Insurance
- ☐ Immigration Services
- ☐ ITIN Number Application
- ☐ Notary Services

zillurincometaxnyc@gmail.com
www.zillurtaxandinsurance.com

Cell: 646-322-3254
Office: 718-374-3110

88-11 169 Street, 2nd Floor
Jamaica, NY 11432

PEOPLE N TECH
A Global Leader in IT Training, Consulting, and Job Placement Since 2005



EARN 100K TO 200K PER YEAR

- Selenium Automation Testing
- SQL Server Database Administration
- Business Analyst

PROVIDED JOBS TO 7000+ STUDENTS.
100% JOB PLACEMENT
RECORD FOR THE LAST 17 YEARS.

Opportunity to get up to 50% scholarship for Bachelor's and Master's Degree as PeopleNTech Alumni from Partner University: www.wust.edu

Washington University of Science and Technology

Authorized Employment Agency by: NYC Consumer and Worker Protection

Certified Training Institute by:

If you are making less than 80k/yr, contact now for two weeks free sessions:

info@piit.us 1-855-JOB-PIIT(1-855-562-7448) www.piit.us

www.careeracademyny.com

CAREER ACADEMY OF NEW YORK



BECOME A CERTIFIED HOME HEALTH AIDE TODAY!

HHA, PCA & PCA TO HHA CERTIFICATION COURSE

347-425-3878
CALL NOW

A CONCERN OF SHAH NAWAZ GROUP

SNG SHAH NAWAZ GROUP

347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208

Rtv

আজ ও আগামীর

"Quran for a Beautiful Life"

Under this title, Following the remarkable success of Seasons 1, 2 and 3, the holy Quran Telawat competition RTV Alokito Quran USA is returns with Season 4 for people living in North America.

GOLDEN AGE HOME CARE | সাপ্তাহিক আজকাল

PRESENTS

Rtv

Alokito Quran USA SEASON 4

POWERED BY utshob.com



Get Registration before

20th November, 2026

Registration Process:

Record a 2 to 3 minute video of your recitation from the Holy Quran on your mobile and send it along with your name, mobile number, and address via any of the following media

---

WhatsApp: +880 1933 000 066, +880 1552 322 040

E-Mail: rtvalokitoquranusa@gmail.com

Call : 917 743 2917

Only On Rtv | Organize By: প্রিয়ন্তী USA INC.

এই সপ্তাহের কবিতা



আত্মসম্মানটুকুই শেষ সম্বল
বিপুল চন্দ্র রায়

আমার শরীরের কলঙ্কের দাগ লেগেছে
আমি গর্বিত!
এই অভাবের সংসারে টাকার গন্ধ নেই,
আছে নুন-ভাতের অভাব।
আছে আত্মীয়তার অভাব।
লোকে এখন আর বিনা কারণে কথা বলে না,
কথা বললেও চোখে থাকে সন্দেহ
যদি কোনো কিছুর আবদার করি।
দূর থেকে দেখে পথ বদলায় ওরা,
যেন অভাব কোনো ছোঁয়াচে রোগ।
কিন্তু ভুল ভাবে ওরা!
আমি এমন নই কারো কাছে হাত পাতব।
যদি কখনো পিঠ ঠেকে যায় দেয়ালে,
বাপ-দাদার ভিটেমাটি,
শেষ সম্বলটুকুও বিক্রি করে খাব,
প্রয়োজনে নিজের শরীরের রক্তটুকু বিক্রি করব
তবুও কারো করুণার কাছে মাথা নত করব না।
ঘোর বিপত্তিও যদি আসে, আমাকে নিঃস্ব করে দেয়,
শূন্য হাতেই লড়ে যাব,
তবুও আত্মসম্মানটুকু বিক্রি করব না।
অবশেষে স্ব-ইচ্ছায় মৃত্যুকে বরণ করব,
তবুও কারো কাছে ঋণী করো না, হে বিধি।
এই পৃথিবী আমি বুঝে গেছি-
টাকার কাছে হেরে যায় জীবনের সব আহ্লাদ, শখ।



রোদের আলো মিঠে
সুফিয়ান আহমদ চৌধুরী

ফুল ফুটেছে বাগান জুড়ে
খোকার মুখে হাসি,
শিশির ঝরে কুয়াশা ভোরে
স্বপ্ন রাশি রাশি।
পাখির ছানা ডাকছে ওই
কিচির মিচির ডাকে,
খোকন সোনা মগ্ন তুলিতে
রঙিন ছবি আঁকে।
মাঠের মাঝে ধানের শীষে
উড়ছে ফড়িং সুখে,
চাষির চোখে খুশির ঝলক
আনন্দ কত মুখে।
সোনার বরণ সোনার গাঁয়ে
রোদের আলো মিঠে,
নতুন চালে গাঁয়েরও ঘরে
খেজুর রসে পিঠে।
আলোর বানে খুশির গানে
উঠছে ধান ঘরে,
নবান্ন সুখে মনটা নাচে
কতই হর্ষে ভরে।



সালেহা ইসলামের কবিতাগুচ্ছ

স্বার্থবাদী

মানুষে মানুষে বিভেদ কেন
কেন এত হিংসা দ্বেষ
অর্থলোভী স্বার্থবাদীর
জ্ঞানশক্তি নাই বিবেক

আপনজনদের পর করে দেয়
পরকে ভাবে আপনজন
রক্তে রক্তের খেলা শুরু
সবুজ মাঠ রনাঙ্গন

দুরের মানুষ কাছে টানে
কাছের মানুষ যায় দুরে
স্বর্থের টানে স্বার্থবাদীর
কুমতলব অন্তরজুড়ে

তাই বলে যাই নাই সময় নাই
এখনও আনো একটু জ্ঞান
মানবতা জাগিয়ে তোলো
ভেঙ্গে ফেলো কুচক্র ধ্যান

উদ্দেশ্য

উদ্দেশ্য রাখো মহৎ
চিন্তা করো সৎ
মিথ্যা করো দমন
করো সঠিক পথে গমন

দুঃখীর দুখে কাঁদো
গভীর সুরে সাধো
প্রেমের ডোরে বাধো
যদি হয় মনের মতো মন

জেনে শুনে করোনা ভুল
বৃন্ত থেকে ছিড়োনা ফুল
হারায় যদি একূল ওকূল দুকূল
তবুও মহান স্রষ্টাকে করো স্মরণ



চিন্তার ভাঁজ!
রকিবুল ইসলাম

পারি না আর সম্মুখে অগ্রসর হতে!
নিষ্ঠুরতার নির্মম করাল গ্রাসের গ্যাঁড়াকলে আবদ্ধ করে!
অতঃপর, কাঁটাযুক্ত দূর্গম মরুর তপ্ত বালুকার অসহনীয় প্রান্তর দিয়ে,,,,
আমার নরম কোমল মানসটাকে টেনে হিঁচড়ে,,,,
ক্ষত-বিক্ষত করে ছুঁড়ে ফেলা হচ্ছে নর্দমায় নির্বিচারে।
তবে কি যাব থেমে মনের দ্বার রুদ্ধ করে!
অবরুদ্ধ হয়ে থাকব পড়ে আঁস্তাকুড়ে?
জীবন খাতায় লেখা যত কবিতা ফেলব কি ছিঁড়ে?
করব কি ছিন্নভিন্ন, আঁকা তাবৎ চিত্র আমার মানসপটের ক্যানভাসে!
ভবিষ্যতের কল্পলোকের ভাবনা সমূহের মিছে যাত্রা না হয় দিলেম থামিয়ে।
কিন্তু, ফেলে গেছে যে মোরে!?
অথবা, নিয়ে গেছে যে আমার সবটুকু তার সাথে!?
তবে তো গোলমেলে পাকানো চিন্তার ভাঁজ একটু তো ললাটে দৃশ্যমান হতেই পারে!



তুষার-মানব
শাকেরা বেগম শিমু

তুষার কণার চাদর পরে
এলো তুষার মানব,
খুকি বলে আকাশ থেকে
পড়লো বুঝি দানব!

আকাশ তুমি কচি তুষার
মনটা যেমন ইচ্ছে,
তুষার মতোন শুভ্র দানো
দাঁতকপাটি দিচ্ছে!

শুভ্র গায়ের রংটা যেন
পূর্ণিমার ঐ চাঁদ,
তুষারগড়া মানব যেন
ক্ষীর সাগরের বাঁধ।

খুকি তখন বললো মাকে
এটা কেমন দানব?
তুষার মতোন দেখতে তবে
আকৃতি তে মানব!

মধ্যরাতে আকাশ থেকে
আসলো নাকি নেমে?
দেখে এমন শীতেও কেমন
গা উঠেছে ঘেমে।

আম্মু দেখে বলেন হেসে
এ নয় কোন দানব,
তুষার দিয়ে কেউ গড়েছে
এমন তুষার-মানব।



শরতের নীল আকাশ
মোহাম্মদ মহিবুর রহমান

শরতের কাশ ফুল নদীর ধারে,
বাসুর চরেও দোলে আপন বাহারে।
শিউলি ও দোলনচাঁপার সুগন্ধে ভরে যায়,
নির্মল মৃদু বাতাসে প্রাণ ফিরে পায়।

আরও নানা ফুল শরৎকে করে উজ্জ্বল,
বকুল, জবা, হাতিম, কামিনী ও জারুল।
প্রকৃতি হাসে সবুজ-সাদার মাঝে,
উদাস মনও হয় পুলকিত তারই সাজে।

শরতের নীল আকাশ-
বর্ষার মেঘ কেটে বয়ে যায় কোমল বাতাস।
মুক্ত আকাশে, ধবধবে সাদা মেঘ ভাসে,
নীলিমার ছোঁয়ায় পৃথিবী সতেজ হয়ে হাসে।

ঝকঝকে রোদ, সোনালি আভা,
সূর্য্যের কিরণে ছড়ায় মনোরম প্রভা।
শরতে সাদামেঘের অপরূপ রূপ,
প্রাণে জাগায় স্পন্দনের নবরূপ।



সভ্য ও অসভ্য
সুজন দাশ

সভ্য মানেই মার্জিত রুচি সুশীল ভদ্র শিষ্ট,
আচরণে থাকে শালীনতা বোধ ব্যবহার থাকে মিষ্ট।
উন্নত রুচি চিন্তা চেতনা আসেনা না হলে সভ্য,
সভ্য মানুষ পালে মানবতা হয়ও আসলে ভব্য।

সভ্য সমাজ সভ্য জাতির পরিচয় দেয় কর্মে,
সুশৃংখল জীবন যাপন থাকেও চেতনা মর্মে।
সভ্য থেকেই সভ্যতা আসে ঐতিহ্য আর গর্ব,
পরিচয় দেয় স্বতন্ত্র তার গড়ে ওঠে নানা পর্ব।

সভ্য না হলে মানুষ কখনো সামনে পারে না আগাতে,
উন্নয়নের আলোর দুয়ারে আশার প্রেরণা জাগাতে।
সভ্য মানুষ ভালো টুকু খোঁজে ভালোবাসে খোলা দৃষ্টি,
চিন্তায় তারা যুক্তিকে খুঁজে ধ্বংসতে খোঁজে সৃষ্টি।

অসভ্য হলে ভেঙে পড়ে সব নেমে আসে মূলো ধ্বংস,
বর্বরতায় ঘটেও প্রকাশ আঁধারের হয় অংশ।
প্রশ্রয় ফেলে অসভ্য লোক ঝেঁকে বসে যত মন্দ,
জীবনে থাকে না শান্তিও প্রেম কাজেও থাকে না ছন্দ।



দহনদগ্ধ হেমন্ত
আসাদুজ্জামান খান মুকুল

হেমন্তের আজ রূপ ভয়ংকর মাটি চিরে বাড়ছে জ্বালা,
তৃষ্ণায় ফাটে ধূ-ধূ প্রান্তর দিনের বুকে আগুন ঢালা।
হিমের দোরে ক্রুদ্ধ তপন গ্রীষ্মকালের দর্প হারে,
দহন-দাপে জ্বলছে জীবন বাঁচা দায় এই তাপের তারে।

ধানের গাছও মুমূর্ষু প্রায় শিকড়ে নেই রসের ধারা,
শস্য পুড়ে যায় মাঠে প্রায় কৃষক কেঁদে দিশেহারা!
তপ্ত বাতাস চাবুক হানে শুকিয়েছে খাল-বিলা নদী,
বিবর্ণ মাঠ ছাতকসম চায় বরিষা নিরবধি!

আকাশ-জোড়া ঘোর শূন্যতা,সূর্য ছোড়ে বিষাক্ত শর,
দেশের বুকে হাহাকার আজ প্রকৃতির রঙ মলিন ধূসর।
উর্ধপানে মেঘ ভেসে যায় নেমে এসে দেয় না সাড়া,
শিউলি-কুঁড়ি শুকায় তাপে শারদ-শোভা হন্নহাড়া!



প্রবাস মানেই কি সুখ?
আশরাফুল ইসলাম মিলন

প্রবাস মানেই কি সুখ, নাকি বুকভরা ব্যথা,
হাসির আড়ালে লুকিয়ে থাকে হাজার দুঃখের কথা।
বিদেশের মাটিতে গড়ি আমরা স্বপ্নের রাজপ্রাসাদ,
তবু মনটা খুঁজে ফেরে দেশের মাটির স্বাদ।
ভলাগের পেছনে ছুটতে ছুটতে হারায় জীবনের বেলা,
আপন মানুষ দূরে থাকে, স্মৃতিরা করে খেলা।
ঈদের দিনে চোখের কোণে জমে নীরব জল,
মায়ের মুখটা মনে পড়ে, মন হয় ব্যাকুল।
সন্তানের মুখে হাসি ফোটাতে প্রবাসীর এই লড়াই,
নিজের সুখকে বিসর্জন দিয়ে পরিবারের সুখ চাই।
বাইরে থেকে সুখী মনে হয়, ভেতরে কত ক্ষত,
হাজার মানুষের ভিড়েও মনটা থাকে একাকী অবিরত।
তবু প্রবাসী থামে না কখনো, স্বপ্ন বুকে ধরে,
পরিবারের ভালোবাসা তাকে সাহস জোগায় ঘরে।
দেশের মাটি, শৈশবের স্মৃতি ডাকে বারবার,
প্রবাসীর হৃদয় জুড়ে বাংলাদেশ চির অম্লান।
প্রবাস মানেই সুখ নয়, নয় শুধু বেদনা,
ত্যাগের মাঝে লুকিয়ে থাকে ভালোবাসার প্রেরণা।
যেখানেই থাকি, ভালো থাকুক আপনজনের দল,
দেশের টানে হৃদয় আমার ফিরতে চায় অবিরল।



আশার প্রদীপ
মুহা. জিহাদুল ইসলাম

এক অনিশ্চিত ভবিষ্যৎ,
চারদিক ঘোর কালো আঁধার
যেন অমাবস্যা রাত।
ভাঙা তরী নিয়ে একাকী অথৈ সমুদ্রে
কূলের দেখা নেই।
চারদিকে উত্তাল পাহাড়সম ঢেউ
প্রতিটি ঢেউ একেকটি মৃত্যু-থাবা
হতাশার বিশাল পাহাড় মাথায়,
তবুও নিরাশ নই।
হৃদয়ে জ্বালি আশার প্রদীপ।



ইরান যুদ্ধকেই দায়ি করলেন ট্রাম্প ও জেডি ভ্যান্স

১ পৃষ্ঠার পর

নির্বাচনের ফলাফল নিয়ে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন। এ সময় তিনি ভাইস প্রেসিডেন্ট জে ডি ভ্যান্সের সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া একটি দীর্ঘ পোস্ট নিয়েও মন্তব্য করেন। সেখানে রিপাবলিকানদের পরাজয়ের জন্য মূলত ইরানের যুদ্ধকে দায়ী করা হয়েছিল।

মধ্যবর্তী নির্বাচনে দলের শোচনীয় পরাজয়ের পর, বুধবার প্রেসিডেন্ট ট্রাম্প হঠাৎ করেই হোয়াইট হাউসে উপস্থিত হন। সেখানে তিনি তাঁর এমন দুটি প্রকল্পকে জোরালোভাবে তুলে ধরেন, যেগুলোকে তিনি নিজের ঊর্ধ্বতাধিকারের অবিচ্ছেদ্য অংশ বলে মনে করেন। একটি হলো তাঁর বলরুম এবং অন্যটি ইরানের যুদ্ধ।

ভোটারদের দ্বারা তাঁর দল ও নীতিগুলো কঠোরভাবে প্রত্যাখ্যাত হওয়ার পর সাংবাদিকদের সামনে তাঁর প্রথম মন্তব্য-হিল মূলত কাঠামোটির চূড়ায় সর্বশেষ ইস্পাতের বিমটি স্থাপনের একটি ঊদযাপন অনুষ্ঠান। বিমটির ওপর নিজের স্বাক্ষর যুক্ত করেন। তবে মধ্যবর্তী নির্বাচনের ফলাফলের বিষয়ে তিনি কোনো কথাই বলেননি।

বুধবার বিশাল ইস্পাতের বিমটিতে স্বাক্ষর করার পর এবং কর্মীদের সেটি যথাস্থানে স্থাপন করতে দেখেন। এরপরপরই প্রেসিডেন্ট ট্রাম্প নির্বাচনের ফলাফল নিয়ে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। তিনি বলেন, ভাইস প্রেসিডেন্ট জে ডি ভ্যান্সের এই মূল্যায়ন যে-ইরানে যুদ্ধের কারণে রিপাবলিকানরা নির্বাচনে হেরেছে। তা "বেশ বড় অংশেই সত্য"। কারণ এই সংঘাত জ্বালানি তেলের দাম বাড়িয়ে দিয়েছিল। তিনি বলেন, "ইরানের বিষয়টি-আমাদের তা করতেই হতো, এবং আমরা তা অত্যন্ত ভালোভাবে শেষ করেছি।"

মি. ট্রাম্প জানান, তিনি নবনির্বাচিত ডেমোক্র্যাট নিয়ন্ত্রিত কংগ্রেসের সঙ্গে কাজ করার অপেক্ষায় আছেন। তবে ডেমোক্র্যাটরা যদি "ধ্বংসাত্মক" কোনো পথে হাঁটার চেষ্টা করে, তবে তিনি তার ভেটো ক্ষমতা প্রয়োগ করবেন।

সম্ভাব্য অভিশংসন (ইমপিচমেন্ট) নিয়ে তিনি জিজ্ঞাসিত কি না-এমন প্রশ্নের জবাবে মি. ট্রাম্প বলেন, "না, বিন্দুমাত্রও না।"

মঙ্গলবার অনুষ্ঠিত মধ্যবর্তী নির্বাচনে রিপাবলিকান পার্টির ঐতিহাসিক পরাজয়ের কয়েক ঘণ্টা পরই ভাইস প্রেসিডেন্ট জে ডি ভ্যান্স নীরবতা ভাঙেন। তিনি নির্বাচনের এই একতরফা ফলাফলের জন্য ইরানের সঙ্গে চলমান যুদ্ধকে দায়ী করেছেন।

৪ নভেম্বর 'এক্স' দেওয়া এক দীর্ঘ পোস্টে ভ্যান্স লেখেন, "আমরা হেরেছি কারণ যুদ্ধ চলছে। গত রাতে প্রেসিডেন্ট নিজেও এমনটাই বলেছেন। আপনারা যদি মনে করেন যে এই যুদ্ধের জন্য আগামী ৬ বছরের জন্য সিনেটের নিয়ন্ত্রণ হারানো সার্থক ছিল, তবে তা-ই বলুন। মুক্তি দিন যে, এটি একটি গ্রহণযোগ্য মূল্য ছিল। একমত হোন বা না হোন, অন্তত এই অবস্থানটি নিন।"

বুধবার সকালে ভ্যান্সের এই মন্তব্য এমন সময়ে এল, যখন ডেমোক্র্যাটরা সারা দেশে জয়জয়কার করেছে, কংগ্রেসের নিয়ন্ত্রণ পুনরুদ্ধার করেছে এবং প্রতিনিধি সভা (হাউস অব রিপ্রেজেন্টেটিভস) ও সিনেট-উভয় কক্ষেই স্পষ্ট সংখ্যাগরিষ্ঠতা অর্জনের পথে রয়েছে।



"তারার আলো"র দুর্দান্ত পারফরমেন্স এ মুগ্ধ দর্শক



এ ছাড়া দুর্নীতির আরও অনেক কারণ রয়েছে। শুধু অভাবই যদি দুর্নীতির মূল কারণ হবে, তাহলে বিত্তবানরা কেন দুর্নীতির আশ্রয় নিয়ে থাকেন? বাংলাদেশসহ বিশ্বের অনেক দেশের ধনিক শ্রেণি তথা বিত্তবানদের বিরুদ্ধে বিশাল দুর্নীতির প্রমাণ মেলে। আবার অভাব-অনটনের কারণেও যে দুর্নীতির বিস্তার ঘটে, তারও অনেক উদাহরণ আমাদের সমাজে রয়েছে। বংশগতির কারণেও অনেকে দুর্নীতিতে লিপ্ত হন। অর্থাৎ প্রাচুর্য, দারিদ্র্য, বংশগতিসহ নানা কারণে মানুষ দুর্নীতিগ্রস্ত হয়ে থাকেন। যার বিপুল পরিমাণ সম্পদ আছে, তিনি আরও সম্পদ পেতে চান। কিছু মানুষ আছেন যারা মনে করেন। টাকাই সব। তা কীভাবে অর্জিত হলো সেটা বিবেচ্য বিষয় নয়। কেউ অভাবের কারণে দুর্নীতিগ্রস্ত হয়, আবার কেউ স্বভাবের কারণে দুর্নীতিতে লিপ্ত হয়। নীতিহীন মানুষের কারণেই আজ সমাজের এ দুরবস্থা। বিগত ফ্যাসিবাদী শাসনামলে আমরা প্রত্যক্ষ করেছি-কীভাবে একশ্রেণির বিত্তবান গোষ্ঠী সরকারি ছত্রছায়ায় রাষ্ট্রীয় সম্পদ লুট করে বিদেশে পাচার করে।

আমাদের সমাজকে দুর্নীতিমুক্ত করতে হলে সম্পদ ও সুযোগের যথাযথ সুষম বণ্টনের ব্যবস্থা করতে হবে। সম্পদের সুষম বণ্টন খুব সহজ কাজ নয়। এ জন্য প্রয়োজন বড় ধরনের সংস্কার ও কাঠামোগত পরিবর্তন। দিনে দিনে বেলা অনেক হয়েছে। তাই সম্পদ সুষম বণ্টনের জন্য আমাদের আরও দীর্ঘ সময় অপেক্ষা করে থাকা যাবে না। রাষ্ট্রীয় সম্পদ যাতে সব মানুষের মধ্যে ন্যায্যতার ভিত্তিতে বণ্টন করা যায়, সে ব্যাপারে উদ্যোগ গ্রহণ করতে হবে। প্রয়োজনীয় সংস্কারের মাধ্যমে ব্যক্তি মানুষের মৌলিক চাহিদা পূরণের ব্যবস্থা করতে হবে। যাতে অযৌক্তিক অর্থনৈতিক বৈষম্য সৃষ্টি না হয়, তা নিশ্চিত করতে হবে। উল্লেখ্য, আমাদের মহান স্বাধীনতা আন্দোলনের অন্যতম লক্ষ্য ছিল পাকিস্তানের দুই অঞ্চলের মধ্যে বিদ্যমান অর্থনৈতিক বৈষম্য দূরীকরণের মাধ্যমে জনগণের ভাগ্যের পরিবর্তন সাধন।

দেশের সম্পদ অযৌক্তিকভাবে যেন মহলবিশেষের হাতে পুঞ্জীভূত না হয়, তা নিশ্চিত করার জন্য সংস্কার কার্যক্রম গ্রহণ করতে হবে। রাষ্ট্রীয় সম্পদের সুষম ব্যবহার করে দারিদ্র্য বিমোচনের কর্মসূচি গতিশীল করতে হবে। কর্মসংস্থানের ক্ষেত্রে যেন কোনো ধরনের বৈষম্য সৃষ্টি করা না হয়, তার ব্যবস্থা করতে হবে। চব্বিশের ছাত্র-জনতার অভ্যুত্থানের মূল উপজীব্য ছিল সমাজ থেকে সব ধরনের বৈষম্য দূরীকরণ। প্রতিটি কর্মীর হাতকে উৎপাদনের হাতিয়ারে পরিণত করতে হবে। বিপুলসংখ্যক কর্মীকে বেকার রেখে কখনোই দারিদ্র্য বিমোচন কর্মসূচি সফল হতে পারে না। বর্তমান সরকার দায়িত্ব গ্রহণের পর দারিদ্র্য বিমোচন ও প্রান্তিক জনগোষ্ঠীর ভাগ্যোন্নয়নের লক্ষ্যে বেশ কিছু কর্মসূচি গ্রহণ করেছে। বেসরকারি পর্যায়েও দারিদ্র্য বিমোচনের জন্য নানা কর্মসূচি গ্রহণ করা যেতে পারে। সরকার দরিদ্র মানুষের ভাগ্যোন্নয়নের লক্ষ্যে যেসব কর্মসূচি গ্রহণ করেছে, তা যেন দুর্নীতিমুক্ত থাকে তা নিশ্চিত করতে হবে।

সমাজে দুর্নীতি ছাড়াও নানা ধরনের নৈতিক অবক্ষয় প্রত্যক্ষ করা যাচ্ছে। এগুলো কোনোভাবেই কাম্য হতে পারে না। সমাজে নৈতিক মূল্যবোধের যে অবক্ষয় ঘটেছে, তা নিরসনে সর্বস্তরে প্রতিরোধ গড়ে তুলতে হবে। সামাজিক এবং পারিবারিক পর্যায়ে দুর্নীতি, নৈতিক অবক্ষয় এবং অন্যান্য সামাজিক অনাচারের বিরুদ্ধে প্রতিরোধ সৃষ্টি করতে হবে। নৈতিক শিক্ষার ওপর গুরুত্বারোপ করতে হবে। একজন নৈতিক শিক্ষায় শিক্ষিত মানুষ সাধারণত দুর্নীতি বা সমাজবিরোধী কর্মকাণ্ডে যুক্ত হওয়া থেকে বিরত থাকেন। সমাজে আদর্শভিত্তিক নৈতিক শিক্ষার প্রচলন করা গেলে দুর্নীতি অনেকটাই কমে আসবে বলে আশা করা যায়।

যে জাতি বুকের রক্ত দিয়ে দেশের স্বাধীনতা সূর্য ছিনিয়ে আনতে পারে, সে জাতি দুর্নীতি ও সন্ত্রাসের বিরুদ্ধে যুদ্ধেও জয়ী হবে। এ জন্য প্রয়োজন দুর্নীতি ও সন্ত্রাসের বিরুদ্ধে কার্যকর প্রতিরোধমূলক পরিকল্পনা প্রণয়ন ও তা সঠিকভাবে বাস্তবায়ন করা। দুর্নীতির বিরুদ্ধে জনসচেতনতা সৃষ্টি করতে হবে। জনগণ যদি তাদের অধিকার সম্পর্কে সচেতন হয়, তাহলে তাদের দ্বারা দুর্নীতি ও সন্ত্রাসের বিরুদ্ধে কার্যকর প্রতিরোধমূলক ব্যবস্থা গড়ে তোলা সম্ভব।

আমরা যদি জাতি হিসেবে সম্মান ও মর্যাদার সঙ্গে বিশ্বদরবারে টিকে থাকতে চাই তাহলে সমাজে বিদ্যমান দুর্নীতিকে সহনীয় পর্যায়ে নামিয়ে আনার কোনো বিকল্প নেই। না হলে দুর্নীতিমুক্ত সমাজ বাস্তবতা না হয়ে একটা অধরা দিবাস্বপ্ন হয়েই থাকবে চিরকাল। দেশের যে নাগরিকের রয়েছে দেশপ্রেম, যে আমলার রয়েছে জাতীয় চরিত্র, যে রাজনীতিবিদের রয়েছে সমাজের কাছে অঙ্গীকার-তাদের পক্ষে দুর্নীতিবাজ হওয়া অথবা দুর্নীতিকে আশ্রয়প্রশ্রয় দেওয়া কীভাবে সম্ভব? তাই, আমাদের মধ্যে দেশপ্রেম যত বাড়বে, সমাজ থেকে দুর্নীতি তত কমবে। কারণ, একজন দেশপ্রেমিক মানুষ কখনোই দুর্নীতিগ্রস্ত হতে পারেন না।

লেখক : সাবেক উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয় ও রাষ্ট্রদূত। প্রফেসর ইমেরিটাস, ঢা.বি.

ঢাবি অ্যালামনাই'র বার্ষিক ডিনার অনুষ্ঠিত

৩ পৃষ্ঠার পর

চিকিৎসক চৌধুরী সারোয়ারুল হাসান। বক্তব্য দেন সাবেক সভাপতি সাঈদা আক্তার লিলি, মোহাম্মদ হোসেন খান, সাঈদ-উর রব, মুর্শেদ আলম, সদস্যসচিব ইকবাল মুর্শেদসহ অন্যরা।

বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের জাতীয় সংগীত পরিবেশনের মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়। বক্তারা ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্মৃতিচারণের পাশাপাশি প্রবাসে নতুন প্রজন্মকে শেকড় ও ঐতিহ্যের সঙ্গে যুক্ত রাখার ওপর গুরুত্ব দেন। সংগঠনের সাবেক সাধারণ সম্পাদক জাহাঙ্গীর আলমের মৃত্যুতে শোক প্রকাশ এবং তার পরিবারের পাশে থাকার অঙ্গীকারও করা হয়।

অনুষ্ঠানে বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, সিনিয়র সহসভাপতি মহিউদ্দিন দেওয়ান, প্রধান নির্বাচন কমিশনার আবু নাসের, সাবেক প্রধান নির্বাচন কমিশনার অ্যাডভোকেট জামাল আহমেদ জনিসহ বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের নেতারা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে ছিল মনোজ্ঞ সাংস্কৃতিক আয়োজন। গান পরিবেশন করেন লিপিমা শশী, কাজী আরিফ, ফাতেমা খান, রুহুল আমিনসহ সংগঠনের সদস্য ও নতুন প্রজন্মের শিল্পীরা। কবিতা আবৃত্তি করেন গোলাম মোস্তফা, প্রীতি, ফারুক ও আজিজুল হক মুন্না। এ ছাড়া 'সংসার-সমাচার' শিরোনামে বিশেষ পরিবেশনা অতিথিদের আনন্দ দেয়।

উল্লেখ্য, নিউইয়র্কে বসবাসরত ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থীরা ১৯৯৪ সালে সংগঠনটি প্রতিষ্ঠা করেন। প্রবাসে সাবেক শিক্ষার্থীদের মধ্যে যোগাযোগ, ঐক্য ও পারস্পরিক সহযোগিতা বাড়ানোই সংগঠনটির অন্যতম লক্ষ্য।

স্মৃতির হেমন্ত: যে গ্রাম আর আগের মতো নেই

১২ পৃষ্ঠার পর

আধুনিকতার ভূমিকা গুরুত্বপূর্ণ। পাকা রাস্তা, বিদ্যুৎ, শিক্ষাপ্রতিষ্ঠান, হাসপাতাল, ইন্টারনেট, কৃষির যান্ত্রিকীকরণ এবং যোগাযোগব্যবস্থার উন্নতি গ্রামীণ মানুষের জীবনকে অনেক ক্ষেত্রে সহজ করেছে। কৃষিকাজে সময় ও শ্রমের চাপ কমেছে, শিক্ষার সুযোগ বেড়েছে, নতুন পেশার ক্ষেত্র তৈরি হয়েছে। নারীর শিক্ষা ও কর্মসংস্থানের সুযোগও অনেক জায়গায় সম্প্রসারিত হয়েছে। যে মানুষকে একসময় জীবিকার জন্য শহরে যেতে হতো, সে এখন কখনো গ্রাম থেকেই নতুন অর্থনৈতিক কর্মকাণ্ডে যুক্ত হতে পারছে।

কিন্তু উন্নয়নের এই পরিবর্তনের সঙ্গে কিছু প্রশ্নও জড়িয়ে আছে। রাস্তা তৈরি করতে গিয়ে কোথাও জলাভূমি হারিয়ে যাচ্ছে, বসতি বাড়াতে গিয়ে কৃষিজমির পরিমাণ কমছে, অপরিকল্পিত নির্মাণে বদলে যাচ্ছে গ্রামের স্বাভাবিক পরিবেশ। কৃষির যান্ত্রিকীকরণ উৎপাদন ও শ্রমের ধরন বদলাচ্ছে; অন্যদিকে কৃষিনির্ভর অনেক পুরোনো পেশা ও দক্ষতার প্রয়োজন কমে যাচ্ছে। অর্থনৈতিক উন্নতির সুযোগ তৈরি হলেও তার সুফল সবার কাছে সমানভাবে পৌঁছাচ্ছে কি না, সেটিও বিবেচ্য।

গ্রাম থেকে শহরে কিংবা দেশ থেকে বিদেশে মানুষের যাত্রাও এই পরিবর্তনের অংশ। শিক্ষা, কর্মসংস্থান ও উন্নত জীবনের আশায় বহু মানুষ জন্মস্থান ছেড়ে যায়। কেউ স্থায়ীভাবে, কেউ সাময়িকভাবে। তাদের পাঠানো অর্থে গ্রামের বাড়িঘর বদলায়, নতুন স্থাপনা তৈরি হয়, পরিবারের জীবনযাত্রায় পরিবর্তন আসে। কিন্তু মানুষের অনুপস্থিতিতে গ্রামের সামাজিক জীবনও নতুনভাবে বিন্যস্ত হয়। অনেক পরিবারে বয়স্ক মানুষ ও শিশুরা থেকে যায়, অথচ দৈনন্দিন জীবনের সিদ্ধান্ত ও দায়িত্বের বড় অংশ বহন করতে হয় দূরে থাকা সন্তানদের। গ্রাম তখন শুধু বসবাসের জায়গা থাকে না; হয়ে ওঠে দূরে থাকা মানুষের কাছে ফিরে আসার আকাঙ্ক্ষা, দায়িত্ব ও স্মৃতির একটি কেন্দ্র।

তবে স্মৃতি সব সময় অতীতের নির্ভুল দলিল নয়। সময়ের দূরত্ব অনেক অভিজ্ঞতাকে কোমল করে, কিছু কষ্টকে আড়াল করে। শৈশবের গ্রাম মনে পড়লে আমরা হয়তো ধানের গন্ধ, পুকুরের জল, বিকেলের খেলা কিংবা মানুষের আন্তরিকতার কথা ভাবি। কিন্তু সেই গ্রামেই ছিল দারিদ্র্য, চিকিৎসার অভাব, শিক্ষার সীমাবদ্ধতা, নারীর চলাফেরায় বাধা, সামাজিক বৈষম্য এবং নানা কুসংস্কার। অনেকের কাছে গ্রাম ছিল নিরাপদ আশ্রয়, আবার কারও কাছে ছিল সুযোগহীনতার বাস্তবতা। অতীতকে ভালোবাসার অর্থ তার সবকিছুকে ভালো বলে মেনে নেওয়া নয়।

স্মৃতির একটি নিজস্ব নির্মাণপ্রক্রিয়া আছে। আমরা অতীতের সব ঘটনা সমানভাবে মনে রাখি না। যে মুহূর্তগুলো আমাদের আবেগ, সম্পর্ক ও পরিচয়ের সঙ্গে যুক্ত, সেগুলোই স্মৃতিতে বেশি জায়গা করে নেয়। ফলে বাস্তবের গ্রামের সঙ্গে স্মৃতির গ্রামের একটি ব্যবধান তৈরি হয়। সেই ব্যবধান কখনো আমাদের অতীতকে বুঝতে সাহায্য করে, কখনো বর্তমানকে বিচার করার ক্ষেত্রে ভুল ধারণাও তৈরি করে।

তাহলে যে গ্রাম বদলে যাচ্ছে, তাকে কি আগের অবস্থায় ফিরিয়ে নেওয়া সম্ভব? হয়তো নয়, প্রয়োজনও নেই। কারণ সমাজ স্থির কোনো বস্তু নয়; মানুষ, অর্থনীতি, প্রযুক্তি ও সময়ের সঙ্গে তার পরিবর্তন ঘটে। কিন্তু পরিবর্তনের নামে সবকিছুকে বিসর্জন দেওয়াও অনিবার্য নয়। একটি গ্রাম আধুনিক যোগাযোগব্যবস্থা, উন্নত শিক্ষা, চিকিৎসা ও কর্মসংস্থানের সুযোগ গ্রহণ করেও তার স্থানীয় ভাষা, লোকজ জ্ঞান, উৎসব, পরিবেশ এবং সামাজিক সহযোগিতার ঐতিহ্য ধরে রাখতে পারে। এজন্য প্রয়োজন ঐতিহ্যকে কেবল স্মরণ করার বিষয় না বানিয়ে জীবনের সঙ্গে যুক্ত রাখা। গ্রামীণ সংস্কৃতি সংরক্ষণের অর্থও অতীতের জীবনযাত্রাকে হুবহু ফিরিয়ে আনা নয়। বরং কোন অভিজ্ঞতা মানুষের মধ্যে সম্পর্ক তৈরি করত, কোন চর্চা প্রকৃতির সঙ্গে সহাবস্থান শেখাত, কোন সাংস্কৃতিক উপাদান মানুষকে তার নিজস্ব পরিচয় চিনতে সাহায্য করত-সেগুলো নতুন সময়ের উপযোগী করে বাঁচিয়ে রাখা। গ্রামের ভবিষ্যৎ এমন হওয়া উচিত, যেখানে একজন তরুণকে ভালো শিক্ষা বা কাজের জন্য নিজের জন্মস্থানকে ঘৃণা করতে হবে না; আবার জন্মস্থানে থাকতে চাওয়ার কারণে তাকে উন্নত জীবন ও সুযোগ থেকেও বঞ্চিত হতে হবে না।

হেমন্ত প্রতিবছর ফিরে আসে। ধান পাকে, মাঠের রং বদলায়, নতুন ফসল ঘরে ওঠে। কিন্তু যে গ্রামকে আমরা স্মৃতিতে বহন করি, তার সঙ্গে বর্তমান গ্রামের দূরত্ব ক্রমেই বাড়ে। হয়তো এই দূরত্বের মধ্যেই সময়ের স্বাভাবিক সত্য লুকিয়ে আছে। মানুষ তার শৈশবের গ্রামকে ফিরে পায় না, যেমন ফিরে পায় না শৈশবের নিজেকেও। তবু সেই গ্রাম তার ভেতরে থেকে যায়-কোনো গন্ধে, কোনো পরিচিত শব্দে, কোনো কুয়াশাভোর আলোয় কিংবা হঠাৎ মনে পড়ে যাওয়া একটি বিকেলে।

তাহলে আমরা কি সত্যিই গ্রামকে হারিয়ে ফেলছি, নাকি সময়ের সঙ্গে বদলে যাওয়া আমাদের জীবন, সম্পর্ক ও আকাঙ্ক্ষার ভেতর দিয়ে গ্রামও তার নতুন অর্থ তৈরি করছে? আর যে গ্রামকে আমরা স্মৃতিতে আগলে রাখি, সেই গ্রামের কোন মূল্যবোধটুকু ভবিষ্যৎ প্রজন্মের হাতে পৌঁছে দিতে চাই?

লেখক : সাংবাদিক ও কলামিস্ট

কংগ্রেসওম্যান ওকাসিও ও ক্যাথি হোচুল পুনরায় জয়ী

৩ পৃষ্ঠার পর

মধ্যে ১৩টিতে ডেমোক্র্যাট প্রার্থীরা জয় পেয়েছেন। বিজয়ীদের মধ্যে রয়েছেন পঞ্চম ডিস্ট্রিক্ট থেকে গ্রেগরি ডব্লিউ. মিকস, ষষ্ঠ ডিস্ট্রিক্ট থেকে গ্রেস মেং, সপ্তম ডিস্ট্রিক্ট থেকে ভেলাস্কেজ ডিস্ট্রিক্ট, অষ্টম ডিস্ট্রিক্ট থেকে হাকিম এস. জেফরিস, নবম ডিস্ট্রিক্ট থেকে ইয়েভেট ডি. ক্লার্ক, দশম ডিস্ট্রিক্ট থেকে ড্যান গোল্ডম্যান, দ্বাদশ ডিস্ট্রিক্ট থেকে মাইকা লাশার, ত্রয়োদশ ডিস্ট্রিক্ট থেকে দারিয়ানিয়া আডিলা এসপাইয়াত, চতুর্দশ ডিস্ট্রিক্ট থেকে আলেকজান্দ্রিয়া ওকাসিও-কর্তেজ এবং পঞ্চদশ ডিস্ট্রিক্ট থেকে রিচি টোরেস, ১৭তম কংগ্রেসনাল ডিস্ট্রিক্ট থেকে কেইট কনলি।

এর বিপরীতে স্ট্যাটেন আইল্যান্ড ও দক্ষিণ ব্রুকলিনের একটি অংশ নিয়ে গঠিত ১১তম ডিস্ট্রিক্টে রিপাবলিকান নিকোল ম্যালিওটাকিস নিজের আসন ধরে রেখেছেন। ফলে নিউইয়র্ক সিটির ১১টি আসনের মধ্যে একটিই রিপাবলিকানদের দখলে থাকল।

ল্যাভার, আলদেজ ও আডিলা এসপাইলিয়াতের বিজয় বিশেষভাবে আলোচিত হয়েছে। ব্রুকলিন, কুইন্স, ম্যানহাটান ও ব্রঙ্কসের বিভিন্ন অংশ নিয়ে গঠিত তাঁদের নির্বাচনী এলাকায় ডেমোক্র্যাট ভোটারের সংখ্যা বেশি। তাঁদের বিজয়কে জীবনযাত্রার ব্যয় কমানো, ধনীদের ওপর কর বাড়ানো এবং ফিলিস্তিনপন্থী অবস্থানসহ মামদানির রাজনৈতিক কর্মসূচির প্রতি সমর্থনের প্রতিফলন হিসেবে দেখা হচ্ছে।

ম্যানহাটানের ১২তম কংগ্রেসনাল ডিস্ট্রিক্টে জয় পেয়েছেন মাইকা লাশার। দীর্ঘদিনের প্রতিনিধি জেরল্ড এল. ন্যাডলার অবসর নেওয়ায় আসনটি শূন্য হয়েছিল। অন্যদিকে প্রতিনিধি পরিষদের সংখ্যালঘু নেতা হাকিম এস. জেফরিস, আলেকজান্দ্রিয়া ওকাসিও-কর্তেজ, গ্রেস মেং, গ্রেগরি ডব্লিউ. মিকস ও ইয়েভেট ডি. ক্লার্ক পুনর্নির্বাচিত হয়েছেন।

নিউইয়র্কের বাইরে সবচেয়ে আলোচিত লড়াই ছিল হাডসন ভ্যালির ১৭তম কংগ্রেসনাল ডিস্ট্রিক্টে। নিউইয়র্কের ১৭তম কংগ্রেসনাল ডিস্ট্রিক্টে রিপাবলিকান প্রার্থী মাইক ললারকে হারিয়ে জয় পেয়েছেন ডেমোক্র্যাট প্রার্থী কেইট কনলি। মধ্যবর্তী নির্বাচনে এই আসনটি ছিল দেশজুড়ে আলোচিত প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ লড়াইগুলোর একটি। ২০২৪ সালে ট্রাম্পের বিপক্ষে ভোট দেওয়া ডিস্ট্রিক্ট থেকে জয়ী মাত্র তিন রিপাবলিকান আইনপ্রণেতার একজন ছিলেন ললার। তাঁর পরাজয়ে আসনটি ডেমোক্র্যাটদের দখলে গেল

নর্থ কান্ট্রির ২১তম ডিস্ট্রিক্টেও ছিল প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ লড়াই। সেখানে রিপাবলিকান উদ্যোক্তা ও সাবেক অপেশাদার মুষ্টিযোদ্ধা অ্যান্থনি কনস্টান্টিনোর সঙ্গে প্রতিদ্বন্দ্বিতা করেন ডেমোক্র্যাট দুগ্ধখামারি ব্লেক জেডেবিয়েন। দীর্ঘদিনের প্রতিনিধি এলিস স্টেফানিক অবসর নেওয়ায় আসনটি শূন্য হয়েছিল। নির্বাচনের রাতের প্রকাশিত প্রতিবেদনে এ দুটি আসনের চূড়ান্ত বিজয়ী নিশ্চিত করা হয়নি।

নিউইয়র্কের ১৯তম ডিস্ট্রিক্টে ডেমোক্র্যাট প্রতিনিধি জশ রাইলি রিপাবলিকান পিটার ওবারঅ্যাকারকে পরাজিত করে পুনর্নির্বাচিত হয়েছেন। এবারের ফল ২০২২ সালের মধ্যবর্তী নির্বাচনের সঙ্গে বড় ধরনের পার্থক্য তৈরি করেছে। সে বছর নিউইয়র্কের কয়েকটি আসনে রিপাবলিকানদের জয় প্রতিনিধি পরিষদে দলটির সংখ্যাগরিষ্ঠতা অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছিল। ২০২৪ সালে ডেমোক্র্যাটরা নিউইয়র্কের অধিকাংশ প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ আসন পুনরুদ্ধার করলেও ১৭তম ডিস্ট্রিক্টে মাইকেল ললার নিজের আসন ধরে রাখেন।

২০২২ সালের নির্বাচনে রিপাবলিকান প্রার্থী ও সাবেক কংগ্রেস সদস্য লি জেলডিনকে মাত্র ছয় শতাংশ পয়েন্টের ব্যবধানে হারিয়ে প্রথম পূর্ণ মেয়াদে গভর্নর নির্বাচিত হয়েছিলেন হোচুল। ডেমোক্র্যাটপ্রধান নিউইয়র্কে সেই তুলনামূলক কম ব্যবধানের জয় তাঁর রাজনৈতিক ভবিষ্যৎ নিয়ে প্রশ্ন তৈরি করেছিল। চার বছর পর এবার বড় ব্যবধানে জয় সেই সংশয় অনেকটাই দূর করেছে।

নির্বাচনী প্রচারে হোচুল জীবনযাত্রার ক্রমবর্ধমান ব্যয়, সাধারণ ও কর্মজীবী মানুষের আর্থিক চাপ এবং নিউইয়র্কে বসবাসকে আরও সাশ্রয়ী করার বিষয়কে বিশেষ গুরুত্ব দেন। একই সঙ্গে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বিভিন্ন নীতির বিরোধিতা করে নিজেকে শক্ত অবস্থানে থাকা ডেমোক্র্যাট নেতা হিসেবে তুলে ধরেন। জাতীয় রাজনীতিতে ট্রাম্প প্রশাসনের নীতি নিয়ে ভোটারদের অসন্তোষও নিউইয়র্কের নির্বাচনে ডেমোক্র্যাটদের পক্ষে কাজ করেছে বলে মনে করা হচ্ছে।

আইস সরাতে আদালতে যাওয়ার হুঁশিয়ারি মামদানির

৩ পৃষ্ঠার পর

দর্শনার্থীদের ব্যবহারের জন্য নির্ধারিত। সেগুলো অভিবাসন অভিযান পরিচালনার ঘাঁটি হিসেবে ব্যবহার করা গ্রহণযোগ্য নয়। তিনি বলেন, পরিবারগুলোকে বিচ্ছিন্ন করার কাজে সিটির সম্পত্তি ব্যবহার করার কোনো অধিকার আইসের নেই। নগরীর প্রতিটি পার্ক ও পার্কিং লটের ক্ষেত্রেই এ অবস্থান প্রযোজ্য। এ ধরনের অননুমোদিত ব্যবহার অবিলম্বে বন্ধ করতে হবে। ডিএইচএসকে তাদের কর্মকর্তাদের সিটি-মালিকানাধীন পার্কিং লট থেকে সরিয়ে নেওয়ার আহ্বান জানিয়ে তিনি বলেন, কর্মকর্তারা আবার ফিরে এলে সিটি প্রশাসন আদালতে যাবে।

ডিএইচএস সচিব মার্কওয়েন মুলিন, ভারপ্রাপ্ত আইস পরিচালক ডেভিড ভেনতুরেলা এবং নিউইয়র্ক ফিল্ড অফিসের পরিচালক কেনেথ জেনালোকে পাঠানো চিঠিতে আইস কর্মকর্তাদের জন্য স্পষ্ট নির্দেশনা জারির অনুরোধ জানানো হয়েছে। এতে বলা হয়েছে, নিউইয়র্ক সিটির কোনো সম্পত্তি যেন অভিবাসন অভিযান পরিচালনা বা অভিযানের প্রস্তুতির কাজে ব্যবহার করা না হয়।

মামদানির প্রশাসনের দাবি, গত ফেব্রুয়ারিতে স্বাক্ষরিত নির্বাহী আদেশ ১৩ অনুযায়ী, বিচারিক পরোয়ানা বা আইনসম্মত বিশেষ অনুমতি ছাড়া অন্য এলাকার আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী সিটির সম্পত্তি অভিযান পরিচালনার ঘাঁটি হিসেবে ব্যবহার করতে পারে না।

নিউইয়র্ক সিটির করপোরেশন কাউন্সেল স্টিভেন ব্যাংকস বলেন, বিষয়টি আনুষ্ঠানিকভাবে ডিএইচএসকে জানানো হয়েছে। এরপরও সিটি-মালিকানাধীন সম্পত্তি ব্যবহারের চেষ্টা অব্যাহত থাকলে আদালতে যাওয়ার জন্য প্রশাসন প্রস্তুত রয়েছে।

তবে মামদানির আইনি অবস্থানের সঙ্গে দ্বিমত পোষণ করেছে ডিএইচএস। সংস্থাটির একজন মুখপাত্র বলেছেন, ফেডারেল আইনের অধীনে জনসাধারণের ব্যবহারের জন্য উন্মুক্ত পার্কিং লটে আইস কর্মকর্তাদের উপস্থিতি সম্পূর্ণ বৈধ। দেশজুড়ে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর মধ্যে এ ধরনের ব্যবহার প্রচলিত রয়েছে। তিনি আরো বলেন, আইসের অভিযান বন্ধ হচ্ছে না।

আইস কর্মকর্তাদের অননুমোদিত প্রবেশ ও কার্যক্রম মোকাবিলায় সিটি পার্কস বিভাগের কর্মীদের জন্য নতুন নীতিমালা ঘোষণা করেছে মামদানি প্রশাসন। এতে বলা হয়েছে, ফেডারেল কর্মকর্তারা পার্কের জনসাধারণের প্রবেশ নিষিদ্ধ বা সীমিত এমন কোনো এলাকায় প্রবেশ করতে চাইলে কর্মীদের প্রথমে তাদের পরিচয়পত্র দেখতে চাইতে হবে এবং বিভাগের জেনারেল কাউন্সেলের সঙ্গে যোগাযোগ করতে হবে। কোনো কর্মকর্তা বিচারিক পরোয়ানা দেখালে কর্মীরা নিজেরা সেটির বৈধতা নির্ধারণ করবেন না।

বরং বিভাগের আইনজীবীদের কাছে সেটি পর্যালোচনার জন্য পাঠাতে হবে। বৈধ বিচারিক পরোয়ানা বা অন্য কোনো আইনসম্মত অনুমতি না থাকলে সংশ্লিষ্ট এলাকায় প্রবেশের অনুমতি না দেওয়ার নির্দেশ রয়েছে। অনুমতি ছাড়া কেউ প্রবেশ করলে নিরাপদ পরিস্থিতিতে ৯১১ নম্বরে ফোন করে ঘটনাটি নথিভুক্ত করতে হবে। তবে ফেডারেল কর্মকর্তাদের সঙ্গে কোনো ধরনের শারীরিক বা মৌখিক সংঘাতে না জড়ানোর নির্দেশও দেওয়া হয়েছে।

শিক্ষকদের রাজনৈতিক বিশ্বাস বনাম দলীয়করণ

৫ পৃষ্ঠার পর

শিক্ষিত করবে এবং জাতি গঠনের উপযোগী বুদ্ধিবৃত্তিক ও প্রযুক্তিগত সক্ষমতা গড়ে তুলবে। দুর্ভাগ্যজনকভাবে ধীরে ধীরে দলীয় রাজনীতি বিশ্ববিদ্যালয়-জীবনের গভীরে ঢুকে পড়েছে। রাজনৈতিক পরিচয় শিক্ষকদের পারস্পরিক সম্পর্কে প্রভাব ফেলে। কখনও কখনও ক্ষমতার পদে নিয়োগেও। সমস্যা কোনো একটি দলে সীমাবদ্ধ নয়; একের পর এক সরকারের বিরুদ্ধেই নিজ রাজনৈতিক শিবিরের শিক্ষকদের সুবিধা দেওয়ার অভিযোগ উঠেছে।

আন্তর্জাতিক অভিজ্ঞতা থেকে একটি গুরুত্বপূর্ণ শিক্ষা মেলে: একাডেমিক স্বাধীনতার জন্য ব্যক্তিজীবনে রাজনৈতিকভাবে নিরপেক্ষ থাকা জরুরি নয়। কিন্তু জ্ঞানচর্চাকে দলীয় ক্ষমতা থেকে আলাদা রাখা জরুরি।

যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যে শিক্ষকরা রাজনীতিতে অংশ নিতে এবং বিতর্কিত মত প্রকাশ করতে পারেন। তবু বিশ্ববিদ্যালয়গুলো সাধারণভাবে পাঠদান ও গবেষণাকে দলীয় নিয়ন্ত্রণ থেকে দূরে রাখতে চায়। ভারতে বিশ্ববিদ্যালয় দীর্ঘদিন ধরে রাজনৈতিক বিতর্ক ও ছাত্র আন্দোলনের গুরুত্বপূর্ণ ক্ষেত্র। তবে সেখানেও দেখা যায়, ক্যাম্পাস প্রতিদ্বন্দ্বী রাজনৈতিক সংগঠনগুলোর সম্প্রসারিত শাখায় পরিণত হওয়ার বিপদ কেমন।

সিঙ্গাপুরের মডেল ভিন্ন। সেখানকার বিশ্ববিদ্যালয়গুলো আন্তর্জাতিক পরিসরে চমৎকার অবস্থান অর্জন করেছে, কিন্তু একাডেমিক স্বাধীনতা তুলনামূলক সীমিত। রাজনৈতিকভাবে স্পর্শকাতর বিষয় এড়িয়ে চলা ও সেল্ফসেন্সরশিপের উদ্বেগের কথা সেখানে নথিভুক্ত। জাপানে আবার একাডেমিক পেশাদারিত্ব ও জ্ঞানচর্চার স্বাধীনতার ওপর জোর দেওয়া হয়।

ব্যবস্থাগুলো আলাদা হলেও মূল শিক্ষা এক: শক্তিশালী বিশ্ববিদ্যালয়ের জন্য এমন একটি সুরক্ষিত পরিসর দরকার, যেখানে পাঠদান, গবেষণা, নিয়োগ ও পদোন্নতি দলীয় আনুগত্যের ভিত্তিতে নির্ধারিত হয় না।

রাজনৈতিক দলগুলোরও দায় আছে

দায় শুধু শিক্ষকদের নয়। রাজনৈতিক দলগুলোকেও ভেবে দেখতে হবে, বিশ্ববিদ্যালয়ে অধ্যাপকদের রাজনৈতিক সংগঠক হিসেবে তাদের কেন দরকার। উপাচার্য বাছাইয়ে রাজনৈতিক আনুগত্য কেন গুরুত্ব পাবে? শিক্ষকদের সংগঠন কেন দলীয় লাইনে ভাগ হবে?

উপাচার্য নির্বাচিত হওয়া উচিত একাডেমিক যোগ্যতা, নেতৃত্ব গুণ, সততা এবং প্রতিষ্ঠানের স্বায়ত্তশাসনের প্রতি অঙ্গীকারের ভিত্তিতে; রাজনৈতিক পরিচয়ে নয়। প্রতিটি নতুন সরকার যদি এক গুচ্ছ দলঘেঁষা শিক্ষককে সরিয়ে আরেক গুচ্ছকে বসায়, তাহলে বাংলাদেশ শুধু একই ব্যবস্থা ভিন্ন রঙে বারবার তৈরি করবে।

বাংলাদেশের দরকার রাজনৈতিকভাবে নীরব শিক্ষক নয়; বুদ্ধিবৃত্তিক স্বাধীন শিক্ষক। কোনো শিক্ষক যদি এমন আনুষ্ঠানিক রাজনৈতিক দায়িত্ব নেন, যার জন্য ব্যাপক দলীয় কার্যক্রম চালাতে হয়, তাহলে বিশ্ববিদ্যালয়ের দায়িত্ব থেকে ছুটি নেওয়ার মতো একটি স্বচ্ছ ব্যবস্থা থাকতে পারে। এতে রাজনৈতিক ও একাডেমিক দায়িত্বের সংঘাত এড়ানো যাবে।

আরও গুরুত্বপূর্ণ হলো, শিক্ষক নিয়োগ এবং উপাচার্য, ডিন, বিভাগীয় প্রধানসহ অন্য একাডেমিক নেতৃত্বের পদে নিয়োগের জন্য স্বচ্ছ ও মেধাভিত্তিক ব্যবস্থা গড়া। এখানে মানদণ্ড হবে একাডেমিক মেধা, সততা ও নেতৃত্ব গুণ।

শিক্ষকদের উচিত নিজের কর্তৃত্ব ব্যবহার করে শিক্ষার্থীদের দলীয় রাজনীতিতে সংগঠিত বা প্রভাবিত করা থেকে বিরত থাকা। তাদের দায়িত্ব হলো শিক্ষার্থীদের পরস্পরবিরোধী নানা ধারণার সঙ্গে পরিচিত করা এবং স্বাধীনভাবে বিচার করতে উৎসাহ দেওয়া।

স্বাধীনতার আগের যুগের মহান শিক্ষকরা বাংলাদেশের বিশ্ববিদ্যালয়কে গুরুত্বপূর্ণ করে তুলেছিলেন দলের কর্মী হিসেবে নয়। তারা তা করেছিলেন শিক্ষক, গবেষক ও বুদ্ধিজীবী হিসেবে; দেশের প্রয়োজনের সময় কথা বলার সাহস নিয়ে। এই ঐতিহ্যই ধরে রাখার মতো।

বাংলাদেশ যদি চায় তার বিশ্ববিদ্যালয়গুলো স্বাধীনচেতা, সৃজনশীল ও দায়িত্বশীল এমন এক প্রজন্ম তৈরি করুক, যারা দ্রুত বদলে যাওয়া বিশ্বে প্রতিযোগিতা করতে পারবে, তাহলে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের শিক্ষাদাতা, গবেষক ও বুদ্ধিবৃত্তিক নেতা হিসেবে নিজেদের কেন্দ্রীয় ভূমিকা ফিরিয়ে নিতে হবে। রাজনৈতিক বিশ্বাস ব্যক্তিগত অধিকার, কিন্তু একাডেমিক সততা পেশাগত দায়িত্ব।

এম এম শহিদুল হাসান : ডিস্টিংগুইশড প্রফেসর, ইস্টার্ন ইউনিভার্সিটি; বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়-বুয়েটের অবসরপ্রাপ্ত অধ্যাপক

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

গিয়াসউদ্দিন আহমেদের মৃত্যু বার্ষিকী আজ

আজকাল রিপোর্ট



আজ ৬ নভেম্বর শুক্রবার বাংলাদেশের নারায়ণগঞ্জের নাবেক রাজনীতিবিদ ও বিশিষ্ট ক্রীড়াবিদ মরহুম গিয়াসউদ্দিন আহমেদের ৫০তম মৃত্যুবার্ষিকী। এ উপলক্ষ্যে মরহুমের নারায়ণগঞ্জে মালনাইর এর বাসভবনে কোরআন খতম ও কাঙালিভোজের আয়োজন করা হয়েছে। মরহুম গিয়াসউদ্দিন আহমেদ নারায়ণগঞ্জ জেলা সমিতি উত্তর আমেরিকা ইনক-এর উপদেষ্টা ও নাবেক সভাপতি আলহাজ্জ শামসুল আলম পিটনের পিতা।

সম্পর্ক বজায় রাখার পুরস্কার

২৪ পৃষ্ঠার পর

দাম্ভিক, অহংকারী।' (সূরা নিসা : ৩৬)।

আত্মীয়দের সঙ্গে সুসম্পর্কের পুরস্কার মহান আল্লাহ দুনিয়াতেও দেন। তা হলো রিজিকের প্রশস্ততা। আনাস ইবনে মালিক (রা.) থেকে বর্ণিত, তিনি বলেন, আমি শুনেছি, আল্লাহর রাসুল (সা.) বলেছেন, 'যে ব্যক্তি পছন্দ করে যে, তার জীবিকা বৃদ্ধি হোক অথবা তার মৃত্যুর পরে সুনাম থাকুক, তবে সে যেন আত্মীয়ের সঙ্গে সদাচরণ করে।' (বোখারি : ২০৬৭)।

জ্যামাইকায় বাংলাদেশী আমেরিকান অভিজ্ঞ ও বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা পরিচালিত মেডিকেল ও ডেন্টাল অফিস



মেডিসিন বিশেষজ্ঞ
এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়।
Cell: 718-864-8882
আমরা প্রায় সব ধরনের ইন্সিওরেন্স গ্রহণ করি।
Dr. Mohammad M. Rahman, MD
Attending Physician, NYU School of Medicine
Board Certified in Internal Medicine, Geriatrics, Hospice & Palliative Care Medicine
Astoria Office
30-04 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500
www.drmrahman.com
718-526-0700

অভিজ্ঞ ডেন্টিষ্ট
Digital Xray সহ সর্বাধুনিক প্রযুক্তিতে অত্যন্ত যত্নসহকারে শিশু, বয়োজেষ্ঠ সহ সবার দাঁতের সকল প্রকার চিকিৎসা করা হয়।



We Do Implant



Dr. Siddiqur Rahman D.D.S.
We accept Medicaid, Metro Plus, Health Plus, Wellcare, Fidelis, Health First, United Health Care, Affinity & Other PVT. INS.
Dental Office
Jamaica Office
170-12, Highland Ave,
Jamaica NY 11432
Tel: 718-526-0700
Mon-Tue-Thu-Fri (2Pm to 7 Pm)
Wednesday (12 Pm to 5 Pm)
Saturday (12pm to 5 Pm)

MEDICAL & DENTAL OFFICE
170-12, HIGHLAND AVE, JAMAICA, NY 11432

কনস্ট্রাকশন / রেনোভেশন



Free Estimate
নতুন কিচেন / রিনোভেশন • বাথরুম ইনস্টলেশন/ রিপেয়ার
কার্পেটিং / ফ্লোরিং / ওয়াল • টাইলস, প্লাম্বিং ও ইলেক্ট্রিক সহ
যে কোন কনস্ট্রাকশন কাজের জন্য যোগাযোগ করুন।
বাংলা কনস্ট্রাকশন ইনক
73-05 37th Road, Jackson Heights, NY 11372
Email:bmz01x@gmail.com
Phone: 646-996-7171

HOPE & CHERISH
—HOME CARE—



HOME CARE



PCA, HHA, OPWDD & PEDIATRIC SERVICE

COUNTIES SERVED

BRONX • BROOKLYN • MANHATTAN
STATEN ISLAND • QUEENS • NASSAU

WE ARE PROVIDING **PCA/HHA** CERTIFICATION,
TRAINING, AND RECRUITMENT

Please Contact

718-252-3590

CELL: 646-591-8396 | TEXT: 646-591-8396
EMAIL: SHAH@HOPENCHERISH.COM
WWW.HOPENCHERISH.COM

3345 NEPTUNE AVE, BROOKLYN, NY 11224

BISMILLAH

Halal Live Poultry, Meat, Fish & Groceries

* আমাদের অসংখ্য ক্রেতা ও শুভাকাঙ্খীদের চাহিদা পূরণের লক্ষ্যে "বিসমিল্লাহ হালাল লাইভ পোল্ট্রি" তে এখন পাওয়া যাচ্ছে লাইভ , ফ্রেশ ও স্বাস্থ্য-সম্মত গোট (খাসি) এবং ভেড়া ।
* সরবরাহকৃত অসংখ্য তাজা গোট/ভেড়া আমাদের স্টোর থেকেই আপনার পছন্দেরটি বেছে নিন।
* আরও রয়েছে **Rooster Chicken** (রাতা মোরগ), রেড চিকেন, বেবী চিকেন, কবুতর, কোয়েল পাখী, বালী হাসঁ ।

NOW AVAILABLE LIVE GOAT



WE ACCEPT ALL MAJOR CREDIT CARDS

MasterCard VISA AMERICAN EXPRESS DISCOVER

HALAL MONITORING SERVICES ™ حلال HMS CERTIFIED HAND ZABIHA

SBNY Shariah Board New York

We Accept EBT

Scan Here to Shop & Get Free Delivery

+1 646-604-2613 (call/text)

3715 55th St, Woodside, NY 11377

Web: bismillahhalalnyc.com

GOLDEN AGE HOME CARE

GOLDEN A
HOME CA

PCA HOME CARE সেবা
আমাদের স

আমরা শীর্ষস্থানীয় **PCA HOME CARE** সেবা
আমরা **HHA/PCA** সার্টিফিকেট প্রদান করে,
সার্ভিস -এ এনরোল করে নেব এবং সব সধরে

Please Contact

Shah Nawaz MBA
President & CEO
GOLDEN AGE HOME CARE INC.

Tel: 718-775-
Cell: 646-591-83
Email: shah@gol

আমাদের নিজস্ব **PCA ও HHA** ট্রেনি

JACKSON HTS OFFICE
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

BRONX OFFICE
3789 East Tremont Ave
Bronx, NY 10465
Ph: 347-449-5983, Fax: 347-275-9834

HILLSIDE AVE. O
170-18A Hillside
Jamaica, NY 11
Ph: 718-530-1
Fax: 917-396-4

Email: info@goldenagehomecare.c


AGE
ARE

HHA/PCA SERVICE

SKILLED NURSING

নিতে চান?
াথে যোগাযোগ করুন

প্রদানকারী প্রতিষ্ঠান
আপনাকে HOME CARE
নর সেবা প্রদান করবো



Design by: ihopeprint.com, 929-538-7903

7852
96 Text: 646-591-8396
denagehomecare.com

২ স্কুল আছে

FFICE
e Ave
432
820
4115

BROOKLYN OFFICE
516 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 718-540-8870
Fax: 917-396-4115

We Hire And Train HHA/PCA
Certificate Holder AIDES

আমরা HHA/PCA সার্টিফিকেট সহ
এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি

om | www.goldenagehomecare.com

NY INSURANCE

BROKEAGE INC.

TLC INSURANCE SPECIALIST

718 476-2025

NY CAR & LIMO

SERVICES INC

BLACK & GREEN CAR BASE

718 727 4444

BEGINNER'S

DRIVING ACADEMY

YOUR DRIVER LICENSE IS OUR RESPONSIBILITY

929 244-7730

DMV EXPRESS

PLATES
NEW, SURRENDER & TRANSFER

TITLE
NEW & DUPLICATE TITLE REQUEST

REGISTRATION
NEW, REPLACE, RENEWAL & TRANSFER

929-244-7730

EXCELSIOR

FOR SALE



945A Herkimer Street, Brooklyn, NY 11233
Legal 3 Family
Asking: 1,599,000



1715 Saint Peters Avenue, Bronx, NY 10461
Legal 4 Family
Asking: 1,599,000



Valley Stream



2114 Lacombe Ave, Bronx, NY 10473

Please call for buying, selling or rental

BUY | SELL | RENT | ক্রয় | বিক্রয় | ভাড়া



KAMRUZ ZAMAN BACCU
Licensed RE Salesperson
347-465-3220
Email: kamruzbaccu1@gmail.com
WINZONE REALTY INC.
Licensed Real Estate Broker
81-15 Queens Blvd, Elmhurst
New York 11373

সেন্ট অ্যালবান্স বাংলাদেশি কমিউনিটির সভাপতি তৌফিক, সম্পাদক মামুন

৩ পৃষ্ঠার পর

হলেন সহসভাপতি আরিফুর রহমান, যুগ্ম সাধারণ সম্পাদক মোহাম্মদ নিজিক (নোমান), কোষাধ্যক্ষ মো. এইচ. রশীদ (হারুন), সাংগঠনিক সম্পাদক মাহমুদ শ্যামল, প্রচার সম্পাদক এফ.এন.ইউ সালামত, সাংস্কৃতিক সম্পাদক নিয়া আলম, আপ্যায়ন সম্পাদক এস.এইচ.কে মিনহাজ, মহিলা বিষয়ক সম্পাদিকা নাদিরা আক্তার, ক্রীড়া সম্পাদক ওয়াসিফ এ জাকির রিচার্ড এবং শিক্ষা সম্পাদক শ্যামল আহমেদ।

কার্যকরী পরিষদের সদস্য হয়েছেন মো. নাঈম ইসলাম, মো. ইসলাম রিপন, মোহাম্মদ রুহুল আমিন, হাবিবুর রহমান ও ইমরান এইচ. রাজিন। সাধারণ সভা ও নির্বাচন অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সেনবাগ নমিতির সভাপতি এ এস এম মঈনুদ্দিন বাবলু। এ ছাড়া সেন্ট অ্যালবান্স ও নিউইয়র্কের বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের নেতারা উপস্থিত থেকে নবনির্বাচিত কমিটিকে অভিনন্দন জানান।

নবনির্বাচিত সভাপতি তৌফিক আলম যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যে দীর্ঘদিন ধরে সামাজিক, সাংগঠনিক, শিক্ষা ও পেশাগত কর্মকাণ্ডে যুক্ত রয়েছেন। তিনি বর্তমানে টেলিযোগাযোগ প্রতিষ্ঠান ভূট মোবাইলের ডিস্ট্রিক্ট লিডার এবং শিক্ষা প্রতিষ্ঠান এসইটি ইনস্টিটিউটের প্রতিষ্ঠাতা। এ ছাড়া তিনি ভয়েস ফর বাংলাদেশ, বালাগঞ্জ ও ওসমানীনগর সোসাইটি এবং দারুল আরকাম ইসলামিক সেন্টারের সঙ্গে বিভিন্ন দায়িত্বে যুক্ত রয়েছেন। যুক্তরাজ্যের ইউনিভার্সিটি অব সান্ডারল্যান্ডে ২০১৪ সালে শিক্ষার্থীদের ভোটে ছাত্র প্রতিনিধি নির্বাচিত হয়েছিলেন তিনি।

সাধারণ সম্পাদক মওলা মামুন পেশাগত জীবনে যুক্তরাষ্ট্রের একটি প্রতিষ্ঠানে আইটি ইঞ্জিনিয়ার হিসেবে কাজ করেন। সামাজিক ও কমিউনিটি কর্মকাণ্ডেও দীর্ঘদিন ধরে সক্রিয় তিনি। বর্তমানে সেনবাগ নমিতির কার্যকরী সহসভাপতি এবং দারুল আরকাম ইসলামিক সেন্টারের কোষাধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন করছেন।

তৌফিক আলম বলেন, উপস্থিত ভোটারদের শতভাগ সমর্থনে তিনি অভিভূত। সেন্ট অ্যালবান্সে বসবাসরত বাংলাদেশিদের সুখে-দুঃখে পাশে থাকা, নতুন প্রজন্মকে দেশের কৃষ্টি-সংস্কৃতির সঙ্গে পরিচিত করা এবং প্রবাসীদের বিভিন্ন সমস্যায় সহযোগিতা করাই হবে তাদের মূল অঙ্গীকার।

মওলা মামুন বলেন, সদস্যদের এই রায় আগামী দিনের কাজের অনুপ্রেরণা। পেশাগত ও সাংগঠনিক অভিজ্ঞতা কাজে লাগিয়ে একটি গতিশীল ও প্রাণবন্ত সংগঠন গড়ে তুলতে তারা কাজ করবেন। কমিউনিটির উন্নয়ন, সাংস্কৃতিক অনুষ্ঠান, ক্রীড়া প্রতিযোগিতা ও শিক্ষা

বিশ্বের যেকোন দেশে ভ্রমণের জন্য
একমাত্র আমরাই দিচ্ছি সর্বনিম্ন মূল্যের নিশ্চয়তা।
আমরা ওমরার প্যাকেজ করে থাকি
আমাদের প্যাকেজ বিবরণ
ওমরা ভিসা
এয়ার টিকেট
১ দিন মক্কায় ট্যুর
১ দিন মদিনা ট্যুর
মক্কা থেকে মদিনা গাড়িতে
এয়ারপোর্ট থেকে হোটেল
(4 Star Hotel with Breakfast.)
মদিনার হোটেল থেকে এয়ারপোর্ট ড্রপ অফ
(একজন বাংলাদেশী মোয়াল্লেম মক্কা ও মদিনা)
* হজের পর পরই ওমরাহ পুরোদমে শুরু হয়ে যাবে ইনশাআল্লাহ
* শুধুমাত্র গ্রুপ প্যাকেজের জন্য প্রযোজ্য।
NAFS TRAVEL INC.
SANU SHEAK (SANA)
Cell: 347-537-7657
Email: nafstravel@gmail.com
www.nafstravel.com
NAFS TRAVEL
37-59 74th Street, Jackson Heights, NY 11372
(Inside Mollika electronics next to CITI Bank)

ইরানের কেশম দ্বীপে যুক্তরাষ্ট্র

৩ পৃষ্ঠার পর

পাওয়া যায়নি। তবে জানা গেছে এবারের হামলার প্রস্তুতিটা বেশ বড়সড় জায়গা নিয়ে সূচনা করেছে যুক্তরাষ্ট্র।

এমন এক সময়ে হামলার খবর সামনে এলো, যখন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানের সঙ্গে নতুন করে বড় ধরনের সামরিক সংঘাতের সম্ভাবনা কম বলে ইঙ্গিত দিয়েছেন। স্থানীয় সময় সোমবার (২ নভেম্বর) সাংবাদিকদের সঙ্গে আলাপকালে ট্রাম্প বলেন, 'ইরানের সঙ্গে আমাদের যুদ্ধ হয়েছিল। আমরা জিতেছি।' তিনি আরও বলেন, 'এটাকে আদৌ যুদ্ধ বলা যায় কি না, তা আমি জানি না। কারণ, কয়েক মাস ধরে আমরা কোনো লড়াই করছি না।'

তবে দ্য ওয়াল স্ট্রিট জার্নালকে মার্কিন কর্মকর্তারা জানিয়েছেন, কয়েক সপ্তাহ ধরে ইরানের বিভিন্ন লক্ষ্যবস্তুতে সীমিত পরিসরে হামলা চালিয়ে যাচ্ছে মার্কিন বাহিনী। প্রতিবেদন অনুযায়ী, কয়েকজন মার্কিন কর্মকর্তা এসব অভিযানকে প্রতিরক্ষামূলক হিসেবে বর্ণনা করেছেন। তাঁদের দাবি, কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ হরমুজ প্রণালিতে বাণিজ্যিক জাহাজ চলাচলের জন্য হুমকি তৈরি কিংবা জাহাজে হামলা চালানোর সক্ষমতা অর্জন থেকে ইরানকে বিরত রাখতেই এসব অভিযান পরিচালনা করা হচ্ছে।

এদিকে মঙ্গলবার ভোরে দক্ষিণ ইরানের কয়েকটি এলাকায় বিস্ফোরণের শব্দ শোনার খবর দিয়েছে দেশটির সংবাদমাধ্যমগুলো। আনাদোলুর পৃথক প্রতিবেদনে বলা হয়, হরমুজ প্রণালিতে অবস্থিত কেশম দ্বীপ এবং হরমোজগান প্রদেশের উপকূলীয় শহরে বন্দর লেঙ্গেহতে এসব বিস্ফোরণের শব্দ শোনা যায়।

ইরানের রাষ্ট্রীয় সংবাদ সংস্থা ইরনা জানিয়েছে, কেশম দ্বীপে পাঁচটি বিস্ফোরণের শব্দ শোনা গেছে। অন্যদিকে আধা-সরকারি সংবাদ সংস্থা ফার্স জানিয়েছে, বন্দর লেঙ্গেহতে সমুদ্রের দিক থেকে বিস্ফোরণের শব্দ ভেসে আসে। তবে এসব বিস্ফোরণের সঙ্গে মার্কিন হামলার সরাসরি সম্পর্ক রয়েছে কি না, তা স্বাধীনভাবে নিশ্চিত হওয়া যায়নি। বিস্ফোরণের কারণ, হতাহত বা ক্ষয়ক্ষতি নিয়েও বিস্তারিত তথ্য প্রকাশ করেনি ইরানি সংবাদমাধ্যমগুলো।

হরমুজ প্রণালির নিরাপত্তা নিয়ে উত্তেজনার মধ্যেই তেহরান ও ওয়াশিংটনের মধ্যে কূটনৈতিক যোগাযোগ অব্যাহত রয়েছে। সোমবার ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘাই জানান, মধ্যস্থতাকারীদের মাধ্যমে দুই দেশ বার্তা আদান-প্রদান করছে। কাতারের মধ্যস্থতায় এই যোগাযোগ সহজ করতে দেশটির উপপররাষ্ট্রমন্ত্রী কাজেম ঘারিবাবাদি দোহা সফর করেছেন বলেও জানান তিনি।

এর আগে চলতি বছরের ২৮ ফেব্রুয়ারি ইরানে হামলা শুরু করে যুক্তরাষ্ট্র ও ইসরায়েল। জবাবে ইসরায়েল এবং মধ্যপ্রাচ্যে যুক্তরাষ্ট্রের বিভিন্ন স্থাপনা লক্ষ্য করে পাল্টা হামলা চালায় ইরান। পরে এপ্রিলে দুই পক্ষের মধ্যে যুদ্ধবিরতি হয়। হরমুজ প্রণালিতে নৌযান চলাচলের স্বাধীনতা নিশ্চিত করতে ১৮ জুন যুক্তরাষ্ট্র ও ইরান একটি সমঝোতা স্মারক সই করে। তবে প্রণালির নিরাপত্তা নিয়ে মতবিরোধের কারণে এর বাস্তবায়ন থমকে যায়।

প্রবাসে নাগরিকের মৃত্যুদণ্ড ও রাষ্ট্রের করণীয়

৬ পৃষ্ঠার পর

নেওয়ার দায়িত্ব তাঁর নয় বা সে অধিকারও তাঁর নেই; তিনি নিজ দেশের নাগরিককে পাপী আখ্যায়িত করে তিনি জনগণের প্রতি একজন জনপ্রতিনিধির নিষ্ঠুর ও অমানবিক দৃষ্টিভঙ্গিকে তুলে ধরেছেন। একটি রাষ্ট্রের জনপ্রতিনিধি কতটা নিষ্ঠুর, নির্দয় ও অমানবিক হলে হত্যাকাণ্ডের শিকার মৃতজন নাগরিক সম্পর্কে তিনি প্রকাশ্যে এরূপ অপমানজনক ও তর্ৎসনামূলক মন্তব্য করতে পারেন।

অন্যদিকে পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ বলেছেন, 'নৌদি আরবে দুই বাংলাদেশির মৃত্যুদণ্ড বাংলাদেশের জন্য শিক্ষা।' অর্থাৎ নৌদি রায়কে তিনি শুধু যাগতই জানালেন না, এটিকে 'শিক্ষা' আখ্যায়িত করে রায়ের বৈশিষ্ট্যকে মহিমান্বিতও করলেন। এখন বলুন, সুইটি ও নজরুল যদি আপনার সন্তান কিংবা বোন-ভাই হতো, তাহলে এই মন্তব্য শোনার পর আপনার কী প্রতিক্রিয়া হতো? ভাবুন তো, এটি শোনার পর সুইটি-নজরুলের মা-বাবার কেমন লেগেছে? আর রাষ্ট্রের অভিভাবকদের কাছে এটিই যদি শিক্ষা গ্রহণের উপায় হয়, তাহলে কেমন শিক্ষা ও কেমন অভিভাবক কোনোটিই কি গ্রহণযোগ্য? তিনি আমাদের সন্তানদের লাশ নিয়ে এমন অবজ্ঞাসূচক মন্তব্য করতে পারলেন! এরূপ সমন্যায় সামনের দিনগুলোতেও কি তাহলে একই অভিজ্ঞতার মুখোমুখি হওয়া লাগতে পারে?

প্রসঙ্গত যোগ করি, এই ঘটনার বিষয়ে রাষ্ট্রের পক্ষ থেকে এমনও বলা হয়েছে যে এ ক্ষেত্রে আসলে তেমন কিছু করার থাকে না। তো সুইটি-নজরুল ও বিদেশে বসবাসকারী প্রায় ১ কোটি বাংলাদেশির ব্যাপারে এই রাষ্ট্রের যদি কিছু করার না-ই থাকে, তাহলে এর অর্থ কি এটিই দাঁড়ায় না যে এই প্রবাসীদের সবাই এখন রাষ্ট্রবিহীন নাগরিক? তাহলে সংবিধানের ৩১ অনুচ্ছেদে রাষ্ট্রকে যে তার সকল নাগরিকের জীবন, দেহ, সুনাম ইত্যাদি রক্ষার জন্য আইনি অধিকার লাভ নিশ্চিত করার দায়িত্ব দেওয়া হয়েছে, সেটির কী হবে? আর সেই সঙ্গে এটিও প্রশ্ন যে এই রাষ্ট্র তার নাগরিকদের একটা তুচ্ছ-তাচ্ছিল্য ও অবজ্ঞা কেন করে? সেটি কি এ জন্য যে রাষ্ট্র পরিচালনার দায়িত্ব জনগণ প্রকৃতপক্ষে যাদের দিতে চায়, তাদের পরিবর্তে অন্য কিছুর জোরে ক্ষমতায় চলে আসে অন্যরা? অধিকতর হতাশার বিষয় এটি যে ঘটনাটি সব দলের ক্ষেত্রে সমানভাবে ঘটছে এবং শিগগির এই অবস্থার পরিবর্তন ঘটবে, কেমন কোনো লক্ষণও চোখে পড়ছে না।

যা হোক, সুইটি-নজরুলের লাশ পাপমিশ্ন কি না, সে বিচারের দায়িত্ব সৃষ্টিকর্তার। আমরা শুধু তাঁদের লাশ অবিলম্বে ও বসবাসে তাঁদের মা-বাবার কাছে হস্তান্তরের অনুরোধ জানাচ্ছি এবং সেই সঙ্গে তাঁদের বিচার পর্বে রাষ্ট্র তার অভিভাবকত্বের দায়িত্ব পালন করতে না পারা ও তাঁদের সন্তানহানি ঘটানোর কারণে তাঁদের উত্তরাধিকারীদের উপযুক্ত ক্ষতিপূরণ দানের দাবি জানাচ্ছি। আর সাংবিধানিক অধিকারের জায়গা থেকে বলছি, দয়া করে বিদেশে বসবাসকারী ১ কোটি বাংলাদেশিকে রাষ্ট্রবিহীন নাগরিক বানাবেন না। এ দেশের নাগরিকেরা পৃথিবীর যেখানেই বসবাস করুক না কেন, আইনি সুরক্ষা ও অভিভাবকত্বের আশ্রয় পাওয়ার অধিকার তাঁদের রয়েছে।

লেখক : সাবেক পরিচালক, বিবিসি

মন্ত্রীদের পিএস বা এপিএস হিসেবে বিচারকদের পদায়ন স্বাধীন বিচারব্যবস্থার পরিপন্থী

৫ পৃষ্ঠার পর

রায় দেন। বিচারপতি সাহাবুদ্দিন আহমদ যে সততা ও নিরপেক্ষতা দেখিয়েছেন সেটা এবং সেই মানের ইন্টেগ্রিটি আমরা আশা ও প্রত্যাশা করি সব বিচারকদের কাছ থেকে। বিচারপতি ও বিচারকদের মান ও অবস্থান সম্পূর্ণ আলাদা। তাদের কাছে থেকে জনগণ শুধুমাত্র ও কেবলমাত্র 'ন্যায় বিচার' আশা করে। তাদের স্থান ও মর্যাদা স্রষ্টার পর। তাইতো উচ্চ আদালতে তাদের সম্বোধন করা হয় 'মাই লর্ড' বলে। এমন অবস্থানে থাকা বিচারকদের শীর্ষ পর্যায়ের রাজনৈতিক নেতা তথা মন্ত্রীদের পিএস ও এপিএস বানানো এবং পরে আবার তাদের বিচার বিভাগে ফিরিয়ে এনে বিচারকের দায়িত্বে বসানো অনেকটা বেমানান ও দৃষ্টিকটু।

যুক্তরাজ্যে বিচারকদের কোনোদিন মন্ত্রীদের পিএস বা এপিএস করা হয় না। ৩৭ বছর ধরে যুক্তরাজ্যে বসবাস করছি। যুক্তরাজ্যে আইন পেশায় নিয়োজিত আছি বিগত প্রায় তিন দশক ধরে। যুক্তরাজ্যের রাজনীতি গভীরভাবে পর্যবেক্ষণ করি। কিন্তু কোনোদিনই দেখিনি বা শুনিনি যে, আদালতের বিচারকদের রাজনৈতিক নেতা তথা মন্ত্রীদের পিএস বা এপিএস হিসেবে নিয়োগ দেয়া হয়েছে বা ওই নিমিত্তে প্রেষণে পাঠানো হয়েছে। ফলে যুক্তরাজ্যে একটি শক্ত ও স্বাধীন বিচারব্যবস্থা গড়ে উঠেছে যেখানে জনগণের আস্থা আকাশচুম্বি। আর এজন্যই তো বিচার বিভাগকে ও বিচারকদেরকে নির্বাহী বিভাগ বাঘের মতো ভয় পায়।

বাংলাদেশে বিচার বিভাগের স্বাধীনতা ও নির্বাহী বিভাগ থেকে বিচার বিভাগকে পৃথকীকরণের ব্যাপারে 'মাসদার হোসেন বনাম রাষ্ট্র' মামলা একটি ঐতিহাসিক ও যুগান্তকারী মামলা। বিচার বিভাগকে নির্বাহী বিভাগ থেকে পৃথক ও স্বাধীন রাখার ব্যাপারে ১২ দফা সুনির্দিষ্ট নীতিমালা বা গাইডলাইন দেশের সর্বোচ্চ আদালত তথা সুপ্রিম কোর্টের আপিল বিভাগ দিয়েছেন। বিচারকদের এভাবে মন্ত্রীদের পিএস বা এপিএস হিসেবে পদায়ন করা সর্বোচ্চ আদালতের ওই ১২ দফা নির্দেশনার পরিপন্থী। তাছাড়া এটি ২০২৫ সালের জুডিশিয়াল সার্ভিস গঠন বিধিমালার আওতা ও পরিধিরও বাইরে।

বিচারকদের নির্বাহী বিভাগের পদায়ন বা মন্ত্রী পদমর্যাদা শীর্ষ রাজনৈতিক ব্যক্তিদের পিএস ও এপিএস করা ক্ষমতা অস্ত্রীকরণ নীতির লঙ্ঘন। বাংলাদেশের সংবিধান অনুযায়ী বিচার বিভাগ ও নির্বাহী বিভাগ সম্পূর্ণ পৃথক। সংবিধানের ২২ অনুচ্ছেদে স্পষ্ট করে বলা আছে 'এরষব ঝধরষ ংযধসব বাংঃব ধৎবফংঃরড়হ ড়ভ ধৎঃরপষবং ড়ভ ধৎঃরপষব ঝঃধঃব ড়ভ ধৎঃরপষব ঝবঃঃষবসবহঃ' (অর্থাৎ, "রাষ্ট্রের নির্বাহী অঙ্গসমূহ হইতে বিচার বিভাগের পৃথকীকরণ রাষ্ট্র নিশ্চিত করিবেন")। একজন বিচারককে নির্বাহী বিভাগের রাজনৈতিক ব্যক্তিত্ব তথা মন্ত্রীর অধীনে পিএস বা এপিএস হিসেবে কাজ করতে দেওয়া এই সাংবিধানিক কাঠামোর মৌলিক ধারণার সঙ্গে অসামঞ্জস্যপূর্ণ ও সাংঘর্ষিক।

মন্ত্রীদের পিএস ও এপিএস পদের জন্যও যত লোকবল প্রয়োজন এডমিন তথা প্রশাসন ক্যাডার থেকে নেয়া হোক। প্রয়োজনে এডমিন ক্যাডারে রিসিএসের মাধ্যমে আরো বেশি লোকবল নিয়োগ দেয়া হোক। ২০ কোটি মানুষের মধ্য থেকে দক্ষ প্রশাসনিক কর্মকর্তা নিয়োগ দেয়া কোনো ব্যাপারই না। আইনি জ্ঞান ও অভিজ্ঞতাসম্পন্ন লোক মন্ত্রীদের পিএস বা এপিএস দরকার হলে প্রতিযোগিতামূলক স্বচ্ছ পরীক্ষার মাধ্যমেও আইনজীবীদের মধ্য থেকেও নিয়োগ দেয়া যেতে পারে। দেশের স্বাধীন ও নিরপেক্ষ বিচারব্যবস্থার স্বার্থে, ন্যায় বিচারের লক্ষ্যে এবং সর্বোপরি জনগণের সর্বশেষ আশ্রয়স্থল বিচার বিভাগের প্রতি মানুষের আস্থার স্বার্থে বিচারকদের নির্বাহী বিভাগে পদায়ন বা প্রেষণে প্রেরণ করা বন্ধ হোক। এই সংস্কৃতি বিচার বিভাগকে দীর্ঘ মেয়াদে ধুঁকে ধুঁকে ক্ষতি করে যা হয়তো তাৎক্ষণিকভাবে তেমনটা বোঝা যায় না।

লেখক : সংবিধান বিশেষজ্ঞ, বাংলাদেশ সুপ্রিম কোর্টের আইনজীবী এবং ইংল্যান্ডের প্র্যাকটিসিং ব্যারিস্টার।


MD Golam Mostofa, ESQ.
NY State Attorney
LL. B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh.
Barrister-At-Law, London.
Attorney-At-Law, NY.
Personal Injuries & Death Claims
Car Accidents and Medical Mal Practice
Divorce, Family Matters and Domestic Violence
Real Estate and Business Closing
Foreclosure proceedings
Bankruptcy
All Civil Matters
Wills, Trust and Estate Planning
All Criminal Matters
All Immigration Matters
Address:
Queens: 148-45 Hillside Ave
Jamaica, NY 11435
Phone# 718-487-4873, Cell: 917-285-6247(Text) Email: abmostofa1@gmail.com

আমরাই একমাত্র
যারা সর্বোচ্চ সুবিধার
নির্ভরযোগ্য নিশ্চয়তা
প্রদান করি



ZAM ZAM
TRAVEL US

আমাদের সার্ভিস সমূহ

- এয়ার টিকেটিং
- হজ্ব প্যাকেজ — সার্ভিস প্রোভাইডার
- হোটেল বুকিং
- ভিসা প্রোসেসিং
- ওমরাহ্ প্যাকেজ — সার্ভিস প্রোভাইডার

কেন আমাদের সার্ভিস নিবেন?

- ✓ বিশেষজ্ঞ দল
- ✓ যাচাইকৃত ভিসা চেকলিস্ট
- ✓ প্রিমিয়াম সহায়তা
- ✓ নিখুঁত ভিসা আবেদন পরিষেবা

ZAM ZAM TRAVEL US
in a Partnership with
إشراء الخير ITHRAA ALKHAIR

এয়ার লাইন সমূহ

السعودية SAUDIA | QATAR AIRWAYS القطرية | Emirates | TURKISH AIRLINES

ঢাকা অফিস
+88 017 1133 6292
Tropical Mollah Tower
Shop no: 08 (4th Floor), Progoti Sharoni
Middle Badda, Dhaka 1212, Bangladesh

নিউইয়র্ক অফিস
+1 718 395 9697
37-15 73 Street (Suite-207),
Jackson Heights, NY-11372
zamzamtravelus

www.zamzamtravelus.com
zamzamtravelus@gmail.com

Marriage Media

পাত্র-পাত্রী

খুজছেন সন্ধান দাতা

আপনি বিয়ে করে আমেরিকাতে স্থায়ীভাবে বসবাস করতে চান?

সকল ধর্ম, সকল বর্ণের ইমিগ্রান্ট/ননইমিগ্রান্ট, ডাক্তার, ইঞ্জিনিয়ার, শিক্ষক, ফার্মসিষ্ট, নার্স, ফেডারেল জব, প্রাইভেট জব, ব্যবসায়ী, ট্যাক্সি ড্রাইভার, ছাত্র/ছাত্রী, ডিভোর্স, বিধবা ও (বয়স্ক) পাত্র-পাত্রী।

৫০টি স্টেটের বাঙ্গালি পরিবারের সাথে যোগাযোগ।
সাফল্যতার সাথে অগ্রগতি।

আল্লাহর হুকুম ছাড়া কিছু হয় না আমি উছিলা মাত্র।

খান ভাই

646-637-7590

Email: khanma663@gmail.com

COOL Multiservices LLC

Real Estate, Tax, Insurance & Consultancy
We Offer Mortgage
Wireless Communication Limo Service



শাহ্ হামজার স্মরণে
বিশ্বাসের উত্তরাধিকার, উৎকর্ষতার ভবিষ্যৎ

১৯৯৯ সাল থেকে **কুল মাল্টিসার্ভিসেস এলএলসি** আমাদের কমিউনিটির একটি নির্ভরযোগ্য ভরসার নাম। দীর্ঘ এই পথচলায় আমরা সততা, নিষ্ঠা ও পেশাদারিত্বের মাধ্যমে মানুষের আস্থা অর্জন করেছি।
আজ আমরা গর্বের সাথে জানাচ্ছি—আপনার পরিবারের ভবিষ্যৎ আরও নিরাপদ ও সুন্দর করে গড়ে তুলতে আমরা আমাদের সেবার পরিধি ও দক্ষতা আরও বিস্তৃত করেছি।
আপনি যদি ট্যাক্স সংক্রান্ত সহায়তা চান, কিংবা নিজের স্বপ্নের একটি বাড়ির খোঁজে থাকেন—যে দলকে আপনি বছরের পর বছর বিশ্বাস করেছেন, সেই দল আজও আপনার পাশে আছে।

আমাদের প্রধান সেবাসমূহ

* **ট্যাক্স প্রস্তুতি ও পরামর্শ**
  দ্রুত, নির্ভুল ও সর্বোচ্চ রিটার্ন নিশ্চিত করার জন্য অভিজ্ঞ সহায়তা।
* **মর্টগেজ ও ঋণ সমাধান (থ্রি এপ্রোভাল)**
  সহজ শর্ত, প্রতিযোগিতামূলক সুদের হার ও ব্যক্তিগত গাইডলাইন।
* **রিয়েল এস্টেট সেবা**
  বাড়ি কেনা বা বিক্রি—বাজার বিশ্লেষণ করে আপনাকে সঠিক সিদ্ধান্তে পৌঁছাতে সহায়তা।

আপনার স্বপ্নের বাড়ির শুরু এখান থেকেই

প্রথমবার বাড়ি কিনছেন?
আপনাকে আন্তরিক স্বাগতম।
এই প্রক্রিয়াকে জটিল মনে করার কোনো কারণ নেই। আমরা প্রথমবার বাড়ি কিনতে আগ্রহীদের জন্য থ্রি-অ্যাপ্রুভালসহ প্রতিটি ধাপে পাশে থেকে সহায়তা করি, যাতে আপনার "স্বপ্নের বাড়ি" বাস্তবে রূপ নেয়।

কুল-এর সাথে যুক্ত হয়ে উপভোগ করুন
২৫ বছরেরও বেশি সময়ের সততা, অভিজ্ঞতা ও পেশাদার সেবার নিশ্চয়তা।

: যোগাযোগ :
১৯৭০১ হিলসাইড অ্যাভিনিউ, হলিস, নিউ ইয়র্ক ১১৪২৩
৭১৮-৮০৩-৮২০০
ইমেইল: coolmultiservicesllc@gmail.com

হ্যান্ডস অন
ফিসিক্যাল থেরাপি রিহাবিলেইশন

এ. ভূঁইয়া

এলআইসি. ফিসিক্যাল থেরাপিস্ট

আপনি কি নিম্নে উল্লেখিত যে কোন ব্যথায় ভুগছেন?
তাহলে আজই যোগাযোগ করুন।
আমাদের আছে ২০ বছরের অভিজ্ঞতা।

* পিঠ ব্যথা
* গাড় ব্যথা
* বাহু ব্যথা
* কব্জি ব্যথা
* হাঁটু ব্যথা
* পায়ের পাতা ব্যথা
* পায়ের আঙ্গুল ব্যথা

ক্লিনিক খোলা থাকার সময়
সোমবার থেকে শুক্রবার
সকাল ১০.০০-সন্ধ্যা-৭টা
শনিবার
সকাল ১০.০০-বিকাল-৪টা
রবিবার বন্ধ

আমরা প্রায় সব ইন্স্যুরেন্স গ্রহণ করি

আমরা ইংলিশ, স্প্যানিশ, হিন্দি, বাংলা ও আরবীতে কথা বলি

75-17 41 Ave. Elmhurst, NY 11373
(Corner of 76th St & Broadway
170-08 Hillside Ave, Jamaica, NY 11432
Tel : 917-832-7824, Cell : 718-696-7002
Fax : 917-832-6100



হোমিও চিকিৎসা

জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়



ডাঃ এফ হক
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)

ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।

হোমিও ভিটামিন সেলিং সেন্টার
Homeo & Vitamin Selling Center

এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন
347-596-3111, 347-485-8020

জ্যাকসন হাইটস অফিস: (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইটস, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিস: (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনাল্ড এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।

পদত্যাগ করছেন মার্কো রুবিও!

১ পৃষ্ঠার পর

নির্বাচনে ভরাডুবিতে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের মন্ত্রিসভা থেকে সরে দাঁড়ানোর পরিকল্পনা করছেন তিনি। দ্য ইন্ডিপেন্ডেন্টের জেভিড ম্যাডক্স এবং আস্ক্র ফেইনবার্গের একটি প্রতিবেদন থেকে এসব তথ্য জানা যায়। ৫৫ বছর বয়সী রুবিও ফ্লোরিডা হাউস অব রিপ্রেজেন্টেটিভসের স্পিকার হিসাবে দায়িত্ব পালন করেছিলেন এবং ২০১০ সালে সিনেটে নির্বাচিত হয়েছিলেন। তিনি এর আগে ২০১৬ সালে রাষ্ট্রপতির জন্য দৌড়েছিলেন। প্রাইমারিতে ট্রাম্পের কাছে হেরে যান। ২০২৪ সালে ট্রাম্প দ্বিতীয় প্রেসিডেন্ট হবার পর তাকে পররাষ্ট্র করা হয়। রুবিও ২০২৮ সালের রিপাবলিকান প্রেসিডেন্ট মনোনয়নের জন্য একটি বিড চালু করার জন্য ডোনাল্ড ট্রাম্পের মন্ত্রিসভা থেকে পদত্যাগ করার প্রস্তুতি নিচ্ছেন। ইন্ডিপেন্ডেন্ট জানিয়েছে, ওয়াশিংটন এবং যুক্তরাজ্য সরকারের সূত্র যারা রিপাবলিকানদের জন্য বিপর্যয়কর মধ্যবর্তী নির্বাচনের ফলাফলের দিকে ইঙ্গিত করেছেন।

রুবিও প্রেসিডেন্ট পদে নির্বাচন করতে চাইলে তাকে রিপাবলিকান প্রাইমারিতে বর্তমান ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্সের মুখোমুখি হতে হবে। এমতবস্থায় প্রেসিডেন্ট ট্রাম্প কাকে সমর্থন দেন তাও দেখবার বিষয়।

ডেমোক্র্যাট ঝড়ে তছনছ ট্রাম্প শিবির

১ পৃষ্ঠার পর

লিন্ডসে গ্রাহাম কয়েক যুগ সিনেটর ছিলেন। তার শূন্য আসনে এবার জিতলো ডেমোক্র্যাট এনি এন্ডারসন।পরাজিত করলেন লিন্ডসে গ্রাহামের বোন ডর্লিন গ্রাহামকে। তীব্র প্রতিদ্বন্দ্বিতামূলক ৭টি রিপাবলিকান আসনের প্রত্যেকটি ছিনিয়ে নিয়েছে ডেমোক্র্যাটরা। এ আসনগুলো হচ্ছে টেক্সাস, ওহিও, আইওয়া,ক্যানসাস,নর্থ ক্যারোলিনা,সাউথ ক্যারোলিনা ও মেইন। নেব্রাস্কাতেও ডেমোক্র্যাটিক পার্টি সমর্থিত নির্দলীয় সিনেট প্রার্থী জয়লাভ করেছে। অর্থাৎ রিপাবলিকানরা সিনেটের ৮টি আসন হারালো। এতে ডেমোক্র্যাটদের মোট আসন দাঁড়াচ্ছে ৫৪টি । সিনেটে সংখ্যাগরিষ্ঠ দল হতে প্রয়োজন ৫১টি আসন। আলাস্কা ও মিসিসিপির ২টি সিনেট সীটের ফলাফল এখনও ঘোষণা হয়নি। পুনঃগণনা শেষে ফলাফল ঘোষণা করা হবে। ২ টি আসনে ডেমোক্র্যাট ২ প্রার্থী সামান্য ব্যবধানে এগিয়ে আছেন। হাউজ অব রিপ্রেজেন্টেটিভসে (প্রতিনিধি পরিষদ) ২৫৫টিতে ডেমোক্র্যাটরা জয়ী হতে যাচ্ছে। সেখানে সংখ্যাগরিষ্ঠ দলের প্রয়োজন হয় ২১৮টি আসন। উভয় কক্ষে জয়ী হয়ে কংগ্রেসে সংখ্যাগরিষ্ঠ দলে পরিনত হল ডেমোক্র্যাটিক পার্টি। ৫০টি স্টেটে গভর্নর পদে সংখ্যাগরিষ্ঠতা পেল ডেমোক্র্যাটরা। তাদেরও সংখ্যা এখন ২৮টি । ৬টি স্টেটে রিপাবলিকান দখলে থাকা গভর্নর পদে বিজয়ী হয়েছে তারা। রিপাবলিক্যান পার্টির গভর্নর সংখ্যা এখন ২০টি। আরও ২টি স্টেটে এখনও ফলাফল ঘোষণার অপেক্ষায়।

কে হবেন সিনেট নেতা?

নিউইয়র্ক থেকে নির্বাচিত সিনেটের চাক শুমার বর্তমানে মাইনোরিটি লিডার। তিনিই সিনেট লিডার নির্বাচিত হবেন তা নিশ্চিত।

কে হবেন স্পীকার?

যুক্তরাষ্ট্র কংগ্রেসের নিম্ন কক্ষ প্রতিনিধি পরিষদের মাইনোরিটি লিডার হেকিম জেফরি। উভয় চাম্বারে ডেমোক্র্যাটরা মেজোরিটি পাওয়ায় নিউইয়র্ক থেকে নির্বাচিত কংগ্রেসম্যান হেকিম জেফরিই কংগ্রেসের স্পীকার নির্বাচিত হবেন বলে ধারণা করা হচ্ছে। অতীতে যারাই প্রতিনিধি পরিষদের মাইনোরিটি লিডার ছিলেন তারা স্পীকার হিসেবে দায়িত্ব পেয়েছেন।

যুক্তরাষ্ট্রে প্রথম বাংলাদেশি মেয়র মুহিত মাহমুদ

১ পৃষ্ঠার পর

লড়াইয়ে জয় পেয়েছেন তিনি। তিনিই প্রথম বাংলাদেশি আমেরিকান যিনি কিনা আমেরিকান কোন শহরের মেয়র হিসেবে নির্বাচিত হলেন। গড়লেন মূলধারার রাজনীতিতে বাংলাদেশিদের ইতিহাস। শুক্রবার ৩০ নভেম্বর ওয়েইন কাউন্টি সার্কিট কোর্টের বিচারক ক্যাথলিন ম্যাকার্থি মেয়র পদে দায়িত্ব পালনের জন্য মাহমুদ বসবাসের শর্ত পূরণ করেছেন বলে রায় দেন। মেয়র হিসেবে দায়িত্ব পালনে আর কোন বাধা নেই। একই সাথে নির্বাচনের ফলাফল আনুষ্ঠানিকভাবে সার্টিফাই করার ঘোষণা দিয়েছেন মাননীয় আদালত। অক্টোবর মাসে পোস্টাল ব্যালটের ভোট গণনায় ১২ ভোটে এগিয়ে থাকলেও মাহমুদের বিরুদ্ধে রেসিডেন্সী নিয়ে আদালতে মামলা থাকায় আনুষ্ঠানিক ফলাফল ঘোষণায় জটিলতা তৈরি হয়েছিল।

ভোট হয়েছিল ২০২৫ সালের নভেম্বর মাসে। প্রাথমিক ফলাফলে বিজয়ী হন আমের আলহাররি। তিনি শপথও নেন মেয়র হিসেবে। একটি বছর দায়িত্বও পালন করেন। মাহমুদ পুনঃ ভোট গণনা ও মিসিং পোস্টাল ব্যালট খুঁজে বের করার দাবি জানান। মুহিত মাহমুদ ২০২৫ সালের হ্যামট্রামক মেয়র নির্বাচনের ফলাফলের বিরুদ্ধে চ্যালেঞ্জ জানিয়েছিলেন। শুরুতে আলহাররি জয়ী হয়েছিলেন। তবে কর্মকর্তারা জানিয়েছেন, নির্বাচনের পরবর্তী দিনগুলোতে সিটি ক্লার্কের কার্যালয়ে ৩৭টি ব্যালট পাওয়া গিয়েছিল। ওয়েইন কাউন্টি সার্কিট আদালতের একজন বিচারক ভোট পুনর্গণনার নির্দেশ দেন। গেল অক্টোবর মাসে মিসিং ব্যালট পাওয়া ও পুনঃ ভোট গণনায় মাহমুদ ১২ ভোটে এগিয়ে যান। কিন্তু সিটিতে বসবাসের যোগ্যতা সংক্রান্ত একটি মামলা পেন্ডিং থাকায় জয়ী হলেও আনুষ্ঠানিক বিজয় ঘোষণা আটকে যায়। ৩০ নভেম্বর শুক্রবার মামলা নিষ্পত্তির মধ্যদিয়ে চূড়ান্ত জয়ের মালা পড়েন মাহমুদ। শুক্রবার এই খবর ছড়িয়ে পড়ার পর মিশিগানে বসবাসরত বাংলাদেশিরা আনন্দ উল্লাসে ফেটে পড়ে। বাংলাদেশ সোসাইটি অব নিউইয়র্কের প্রেসিডেন্ট আতাউর রহমান সেলিম এক বিবৃতিতে মুহিত মাহমুদকে অভিনন্দন জানিয়েছেন। সিলেটের সন্তান মাহমুদ এর আগে সিটির নির্বাচিত কাউন্সিলম্যান ছিলেন।

মাহমুদের আইনজীবী মার্ক ব্রিউয়ার এক বিবৃতিতে বলেছেন, এটি হ্যামট্রামকের ভোটার, গণতন্ত্র এবং মুহিত মাহমুদের জন্য একটি পূর্ণাঙ্গ বিজয়। তাঁর বিরুদ্ধে আনা ভুয়া বসবাসের অভিযোগটি খারিজ হয়ে গেছে এবং ওয়েইন কাউন্টি বোর্ড অফ ক্যানভাসার্সকে মাহমুদকে হ্যামট্রামকের মেয়র হিসেবে প্রত্যয়ন করার নির্দেশ দিয়েছে । এই রায় আবারও নিশ্চিত করল যে, মিশিগানের ভোটাররা আস্থা রাখতে পারেন। তাঁদের ভোট গণনা করা হবে এবং ব্যালট বাক্সে দেওয়া তাঁদের রায় কার্যকর হবে।

হোয়াইট হাউজে পদত্যাগ ও বদলী আতংক

১ পৃষ্ঠার পর

পরিস্থিতির মুখোমুখি অনেকেই হতে চাচ্ছেন না। কংগ্রেস চাইলে নির্বাহী ক্ষমতা ও প্রশাসনকে যেকোন ইস্যুতে তদন্তের ক্ষমতা রাখে। সংখ্যাগরিষ্ঠতা পাওয়া দলটি সে পথে হাঁটবে তা নিশ্চিত। ডেমোক্র্যাটিক পার্টির সদস্যরা সিনেট ও প্রতিনিধি পরিষদের সকল কমিটিতেই সভাপতির দায়িত্ব পাবেন। ট্রাম্পকে নির্বাহী আদেশ দেয়া ছাড়া প্রতিটি বিষয় নিয়ে বারবার এই সব কমিটির দ্বারস্থ হতে হবে। ট্রাম্প প্রশাসনের মধ্যেও কর্মী রদবদলের গুঞ্জন চলছে। কে থাকবেন, আর কাকে বাদ দেয়া হবে তা এখন হোয়াইট হাউজের ভেতরের আলোচিত বিষয়।

মধ্যবর্তী নির্বাচনে বড় ধরনের পরাজয়ের পর প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ওপর কৌশল পরিবর্তনের জন্য চাপ সৃষ্টি করেছেন রিপাবলিকানরা। এই নির্বাচনে কংগ্রেসের নিয়ন্ত্রণ ডেমোক্রাটদের হাতে চলে গেছে এবং গুরুত্বপূর্ণ আসনগুলোতে ট্রাম্পের মনোনীত প্রার্থীরা ভোটারদের দ্বারা প্রত্যাখ্যাত হয়েছেন।

ট্রাম্পের প্রেসিডেন্সির শেষ বছরগুলোয়, রিপাবলিকান মিত্র ও কৌশলবিদরা তাঁকে হোয়াইট হাউসের কর্মী কাঠামোতে বড় ধরনের পরিবর্তন আনা, শৃঙ্খলা ফিরিয়ে আনা এবং পরাজয়ের জন্য দায়ী নীতিগুলো (যেমন ইরান যুদ্ধ ও শুল্ক নীতি) বাতিল করার আহ্বান জানিয়েছেন। প্রবীণ রিপাবলিকান কৌশলবিদ জন ফিয়েরি এই ফলাফলকে ট্রাম্পের জন্য একটি 'বিশাল বিপর্যয়' বলে অভিহিত করেছেন। ফিয়েরি বলেন, তার প্রশাসনকে ঢেলে সাজানো প্রয়োজন। এখন থেকে প্রতিটি দিন তিনি আরও বেশি দুর্বল ও অকার্যকর হয়ে পড়বেন। এদিকে মঙ্গলবার গভীর রাতে ফক্স নিউজকে ট্রাম্প বলেছেন, আমি এটিকে আমার ওপর কোনো আঘাত হিসেবে দেখছি না। হেরেছে রিপাবলিক্যান পার্টিও প্রার্থীরা।

এখন ডেমোক্র্যাটদের হাতে ট্রাম্পের আইন প্রণয়ন আটকে দেওয়া, তাঁর প্রশাসনের কর্মকাণ্ড তদন্ত করা এবং তাঁর মনোনীত ব্যক্তিদের চ্যালেঞ্জ করার ক্ষমতা থাকবে। বিচার বিভাগ ও বিদেশে রাষ্ট্রদূত নিয়োগগুলোর জন্য ডেমোক্র্যাটদেরও সমর্থনের কোন বিকল্প নেই।

ট্রাম্পকে এখন সিদ্ধান্ত নিতে হবে তিনি তার বর্তমান এজেন্ডা বা কর্মপরিকল্পনাতেই অটল থাকবেন কিনা। বিশেষ করে ২০২৮ সালের নির্বাচনে হোয়াইট হাউসের দৌড়ে অংশ নিতে আগ্রহী সম্ভাব্য প্রার্থীরা ট্রাম্পের এজেন্ডাগুলোকে বড় সমস্যা হিসেবে দেখছে।

ভাইস প্রেসিডেন্ট জে ডি ভ্যান্সকে আগামীতে সম্ভাব্য প্রেসিডেন্ট পদপ্রার্থী হিসেবে দেখা হচ্ছে। কিন্তু বুধবার থেকে ট্রাম্পের অবস্থান থেকে কিছুটা দূরত্ব বজায় রাখার চেষ্টা করেছেন। তিনি মধ্যবর্তী নির্বাচনে পরাজয়ের জন্য ইরান যুদ্ধকে দায়ী করেছেন। কৌশলবিদ ও দলীয় কর্মকর্তাদের মতে, রিপাবলিকানরা যদি মনে করেন, দলের ভোটারদের ওপর ট্রাম্পের দীর্ঘদিনের নিয়ন্ত্রণ দুর্বল হয়ে পড়ছে, তবে এ ধরনের বিচ্ছিন্নতার ঘটনা আরও বাড়তে পারে।

হোয়াইট হাউসে কর্মী রদবদল ও তদন্তের প্রস্তুতি

রয়টার্সকে নাম প্রকাশ না করার শর্তে হোয়াইট হাউসের এক ঊর্ধ্বতন কর্মকর্তা জানিয়েছেন, সেখানে এখন কর্মী বিদায়, মন্ত্রিসভায় সম্ভাব্য পরিবর্তন এবং ডেমোক্র্যাটদের পক্ষ থেকে তদন্তের প্রস্তুতির মতো পরিস্থিতি তৈরি হয়েছে। কর্মকর্তা বলেন, এই মুহূর্তে এখানে থাকাটা অত্যন্ত হতাশাজনক। সবার মনোবল একেবারে তলানিতে ঠেকেছে। ভবিষ্যতে তদন্তের মুখোমুখি হবার চেয়ে ভালো ভালোই আগে সরে যাওয়া উচিৎ।

তিনি জানান, নির্বাচনের ছয় সপ্তাহ আগেই অভ্যন্তরীণ জরিপে সতর্ক করা হয়েছিল, রিপাবলিকানরা কংগ্রেসের উভয় কক্ষেই পরাজয়ের দিকে এগিয়ে যাচ্ছে। কিন্তু রাজনৈতিক পরিণতির বিষয়ে সতর্ক করা সত্ত্বেও ট্রাম্প ইরান ইস্যুতে নিজের অবস্থান পরিবর্তন করতে রাজি হননি। তিনি আরও বলেন, শেষ পর্যন্ত ট্রাম্প এসব নিয়ে মোটেও মাথা ঘামাননি। তিনি কারও কথাই শুনতে চাননি। মঙ্গলবার গভীর রাতে ট্রাম্প স্বীকার করেন আট মাস ধরে চলা ইরান যুদ্ধ রিপাবলিকান প্রার্থীদের ক্ষতিগ্রস্ত করেছে। তবে তিনি সংঘাত শুরুর সিদ্ধান্তের পক্ষে সাফাই গান।

রিপাবলিকানদের উদ্বেগ কেবল যুদ্ধের মধ্যেই সীমাবদ্ধ ছিল না। মিশিগান ও আইওয়ার মতো অঙ্গরাজ্যগুলোতে, যেখানে সিনেট আসন নিয়ে তীব্র প্রতিদ্বন্দ্বিতা ছিল, সেখানে আয়োজিত ফোকাস গ্রুপগুলোতে রিপাবলিকান রাজনৈতিক উপদেষ্টারা ক্রমবর্ধমান উদ্বেগের মুখে পড়েন। কারণ, অনেক রিপাবলিকান ও স্বতন্ত্র ভোটার হোয়াইট হাউসের বলরুম এবং ওয়াশিংটনের বিভিন্ন স্থাপনা সংস্কারের ওপর ট্রাম্পের অতিরিক্ত মনোযোগের বিরোধিতা করেছিলেন।

একজন রিপাবলিকান রাজনৈতিক উপদেষ্টা বলেন, ট্রাম্প যদি আগামী দুই বছর ধরে এই একই বাজে বিষয় নিয়ে কথা বলতে থাকেন, তবে পরবর্তী নির্বাচনেও আমাদের শোচনীয় পরাজয় ঘটবে। অথচ বুধবার ট্রাম্প সাংবাদিকদের নিয়ে বলরুম নির্মাণের স্থানটি আকস্মিকভাবে পরিদর্শন করেন এবং এই প্রকল্পে তার ব্যয় করা সময়ের পক্ষে সাফাই গান। তিনি বলেন, এটি আমার ভালো লাগে।

হোয়াইট হাউসও জনমতকে এক আপসহীন অবস্থান নিয়েছে। ইঙ্গিতপূর্ণ পোস্ট দিচ্ছেন। লেখা হচ্ছে, ট্রাম্প এখনও আপনাদের প্রেসিডেন্ট।

ট্রাম্পের হাতে এখনও উল্লেখযোগ্য ক্ষমতা রয়েছে। হোয়াইট হাউস কয়েক মাস ধরে অভিবাসন, শুল্ক, আবাসন এবং ফেডারেল ব্যয়ের বিষয়ে নির্বাহী আদেশ (এক্সিকিউটিভ অর্ডার) তৈরির কাজ করেছে। এর মাধ্যমে ডেমোক্র্যাটদের বিরোধিতা সত্ত্বেও তিনি তার এজেন্ডার কিছু অংশ এগিয়ে নিতে পারবেন। কিন্তু নির্বাহী ক্ষমতা প্রশাসনকে কংগ্রেসের তদন্তের হাত থেকে রক্ষা করতে পারবে না। হোয়াইট হাউজের কর্মকর্তা বলেন, কেউই এমন তদন্তের মুখোমুখি হতে চায় না।

(তথ্যসূত্র-রয়টার্স)

ইনশাআল্লাহতে শুরু আলহামদুলিল্লাহ শেষ

১ পৃষ্ঠার পর

প্রতিবন্ধকতা ও ষড়যন্ত্রের মুখোমুখি হন তিনি। তিনি প্রকাশ্যে প্যালেস্টাইন তথা গাজায় ইসরাইলী আগ্রাসন ও গণহত্যার বিরুদ্ধে কথা বলেছেন। তিনি বলেছেন, যুক্তরাষ্ট্রের উচিত ইসরাইলকে সাহায্য প্রদান বন্ধ করা। সে অর্থ আমেরিকানদের জন্য খরচ করলে দেশের মানুষ উপকৃত হবে।

সিনেট পদপ্রার্থী আব্দুল এল সায়েদের প্রধান প্রতিদ্বন্দ্বী ছিলেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের রিপাবলিকান পার্টির প্রার্থী মাইক রজার্স। এসোসিয়েটেড প্রেস (এপি) আল সায়েদকে প্রোজেকটেড বিজয়ী ঘোষণা করেছে। শতকরা ৮৯ ভাগ ভোট গণনায় এল সায়েদ পেয়েছেন শতকরা ৫২ ভাগ ভোট। মাইক রজার্স পেয়েছেন ৪৬ ভাগ ভোট। ২ লাখ ৫২ হাজার ভোটে আব্দুল সায়েদ এগিয়ে আছেন। গত আগস্টে ডেমোক্রেটিক পার্টির প্রাইমারিতে নিজ দলের হ্যালি স্টিভেন্সকে ১৫ হাজার ভোটের ব্যবধানে হারিয়ে দলীয় মনোনয়ন পান সায়েদ। ইসরাইলের সমর্থক হবার কারনে ৩০ মিলিয়ন ডলার খরচ করা হয় স্টিভেন্সকে জেতাতে। কিন্তু জনতার রায়ে সায়েদই জয়ী হয়ে ডেমোক্র্যাটিক দলের মনোনয়ন পান।

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সাধারন নির্বাচনে রিপাবলিক্যান পার্টির প্রার্থী মাইক রজার্সের সমর্থনে জনসভা করেন একাধিকবার। তিনি এল সায়েদকে জেহাদিস্ট ও মিশরের মুসলিম ব্রাদারহুডের সদস্য হিসেবে আখ্যায়িত করেন। মাইক রজার্সও ইসরাইলের কট্টর সমর্থক। রিপাবলিক্যানরা এল সায়েদকে ইসরাইল বিরোধী তকমা দিয়ে নির্বাচনী মাঠে ঘায়েল করার চেষ্টা করে। সর্বশেষ নির্বাচনের ২ দিন আগে ডেমোক্র্যাট দলীয় কংগ্রেসওম্যান দলীয় প্রার্থীর বিপক্ষে অবস্থান নিয়ে মাইক রজার্সকে সমর্থন দেন। প্রাইমারি নির্বাচনে এল সায়েদের কাছে হেরে গিয়ে বিপক্ষ প্রার্থীকে সমর্থন দিয়ে হারার প্রতিশোধ নেন তিনি। সাধারণত প্রাইমারিতে পরাজিত প্রার্থীরা নিজ দলের মনোনীত প্রার্থীকে সমর্থন দিয়ে থাকেন। তবে স্টিভেন্সের সিদ্ধান্তে সেই রীতির ব্যতিক্রম ঘটেছে। তার এই রাজনৈতিক ডিগবাজিতে গোটা ডেমোক্র্যাটিক পার্টি কেঁপে ওঠে। সাথে সাথে ডেমোক্র্যাটিক পার্টি তাকে বহিষ্কার করে। সিনেটে বিরোধীদলীয় নেতা চাক শুমার তাকে বিশ্বাসঘাতক হিসেবে আখ্যায়িত করেন। অথচ আগস্টের প্রাইমারি নির্বাচনে হ্যালি স্টিভেন্সকেই চাক শুমার সমর্থন দিয়েছিলেন।

যুক্তরাষ্ট্রজুড়ে কোটি আমেরিকানের চোখ ছিল মিশিগানের দিকে। জুইস ভোটারদের অর্থের কাছে সায়েদ হারবেন এমন আশংকা করছিলেন আমেরিকানরা। কিন্তু জনতার রায়ে এল সায়েদই হয়ে উঠলেন আমেরিকার গণতন্ত্রের উজ্জ্বল নক্ষত্র।

আব্দুল এল-সায়েদের বাবা-মা মিসরের অভিবাসী। তার জন্ম ও বেড়ে ওঠা মিশিগানের রচেস্টার হিলে। এল সায়েদ পেশায় একজন ডাক্তার। এর আগে তিনি ওয়েন কাউন্টির স্বাস্থ্য পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন।

মিশিগানের ভোটের সমীকরণ

মিশিগানের ভোটারদের মধ্যে বিভিন্ন জাতিগোষ্ঠী ও ধর্মীয় সম্প্রদায়ের মানুষ রয়েছেন। অঙ্গরাজ্যটিতে উল্লেখযোগ্যসংখ্যক ইহুদি, মুসলিম ও কৃষ্ণাঙ্গ ভোটার আছেন। ফলে এখানকার নির্বাচনী সমীকরণ বেশ জটিল। নির্বাচনের আগে ইসরায়েলকে যুক্তরাষ্ট্রের সহায়তা এবং ইহুদি বিদ্বেষের অভিযোগের মতো বিষয়গুলো ভোটের লড়াইয়ে গুরুত্ব পেয়েছিল। কিন্তু জনতার রায়ে শেষ হাসি সায়েদই হাসলেন।

সায়েদের বিরুদ্ধে ট্রাম্পের অবস্থান : আব্দুল এল সায়েদের বিরুদ্ধে সরাসরি অবস্থান নিয়েছিলেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তিনি কোনো ধরনের প্রমাণ ছাড়াই এল সায়েদকে 'জিহাদি' হিসেবে অভিহিত করেছেন। এ ছাড়া রিপাবলিকানরা তার বিরুদ্ধে বিজ্ঞাপন প্রচারে কোটি কোটি টাকা ব্যয় করেছে। অন্যদিকে এল-সায়েদের পক্ষে সরাসরি নির্বাচনী প্রচারে অংশ নিয়েছিলেন সাবেক প্রেসিডেন্ট প্রার্থী কমলা হ্যারিস ও সাবেক প্রেসিডেন্ট বারাক ওবামা।

প্রবাসী কবি রুপুর প্রতিক্রিয়া : মিশিগানে বাস করেন বাংলাদেশি কবি ও সাংবাদিক ইশতিয়াক রুপু। তিনি আগামীর সময়কে বলেন, সায়েদ সারা দুনিয়ার মুখ হয়ে উঠেছেন। ভোট দিতে গিয়ে দেখেছি তরুণ সম্প্রদায়ের উপস্থিতি অবাক করার মতো। তারা সাধারণত ভোট দিতে আসেন না। মিশিগানে মুসলমরা বিপ্লব ঘটিয়েছে। সায়েদকে সমর্থন করার পাশাপাশি মিশিগানবাসী ট্রাম্পের প্রতি অনাস্থা প্রকাশ করেছে। অনেক রিপাবলিক্যানও সায়েদকে ভোট দিয়েছে। প্রবাসী বাংলাদেশিদের শতভাগই ভোট দিয়েছেন তাকে। তিনি বাংলাদেশিদের প্রার্থী হিসেবে আবির্ভূত হয়েছিলেন।

জাতীয় বিপ্লব ও সংহতির চেতনায় স্বাধীনতা, সার্বভৌমত্ব ও গণতন্ত্র

৭ পৃষ্ঠার পর

এই জাতীয়তাবাদ এমন একটি অভিন্ন রাষ্ট্রীয় পরিচয়ের ধারণা, যা ধর্ম, বর্ণ, শ্রেণি ও পেশার ভিন্নতা সত্ত্বেও দেশের সব নাগরিককে ঐক্যবদ্ধ করার কথা বলে। বিএনপির মতে, জাতীয় ঐক্য প্রতিষ্ঠা, রাষ্ট্রীয় স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষা এবং অর্থনৈতিক স্বনির্ভরতা অর্জনে এই দর্শনের বিশেষ গুরুত্ব রয়েছে। দলটি ৭ নভেম্বরের চেতনাকে এই জাতীয়তাবাদী দর্শনের সঙ্গে সম্পর্কিত করে দেখে। বাংলাদেশি জাতীয়তাবাদের মূল তাৎপর্য হলো বাংলাদেশের নিজস্ব ইতিহাস, সংস্কৃতি, ভূখণ্ড ও রাষ্ট্রীয় পরিচয়ের ভিত্তিতে একটি অন্তর্ভুক্তিমূলক জাতীয় ঐক্য গড়ে তোলা। এই দর্শনের সফল বাস্তবায়নের জন্য প্রয়োজন নাগরিকদের সমান অধিকার, পারস্পরিক শ্রদ্ধা এবং রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের প্রতি আস্থা।

বহুদলীয় গণতন্ত্র ও রাজনৈতিক অধিকার

বিএনপির ঐতিহাসিক মূল্যায়নে, ৭ নভেম্বরের পরবর্তী রাজনৈতিক পরিবর্তনের অন্যতম গুরুত্বপূর্ণ দিক ছিল বহুদলীয় রাজনৈতিক ব্যবস্থার বিকাশ। দলটির মতে, স্বাধীনতার পর একদলীয় রাজনৈতিক ব্যবস্থার অভিজ্ঞতার পর বহুদলীয় রাজনীতির প্রত্যাবর্তন বাংলাদেশের গণতান্ত্রিক বিকাশে একটি গুরুত্বপূর্ণ অধ্যায়।

রাজনৈতিক মতপ্রকাশের স্বাধীনতা, বিভিন্ন রাজনৈতিক দলের অংশগ্রহণ এবং জনগণের রাজনৈতিক অধিকার প্রতিষ্ঠার বিষয়গুলো বিএনপির রাজনৈতিক বক্তব্যে বিশেষ গুরুত্ব পেয়ে এসেছে। তবে গণতন্ত্র কেবল বহুদলীয় ব্যবস্থার মধ্যেই সীমাবদ্ধ নয়। এর প্রকৃত ভিত্তি হলো অবাধ ও গ্রহণযোগ্য নির্বাচন, আইনের শাসন, স্বাধীন বিচারব্যবস্থা, গণমাধ্যমের স্বাধীনতা, মানবাধিকার এবং জনগণের কার্যকর অংশগ্রহণ। একটি সুস্থ গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থা প্রতিষ্ঠার জন্য এসব মূল্যবোধের চর্চা অপরিহার্য। রাজনৈতিক দলগুলোর মধ্যে মতপার্থক্য থাকতেই পারে। কিন্তু সেই মতপার্থক্য যেন রাজনৈতিক সংঘাত, প্রতিহিংসা কিংবা গণতান্ত্রিক অধিকার সংকুচিত করার কারণ না হয়। বরং রাজনৈতিক সহনশীলতা, পারস্পরিক শ্রদ্ধা এবং জনগণের মতামতের প্রতি সম্মান প্রদর্শনের মধ্য দিয়েই গণতন্ত্র প্রাতিষ্ঠানিক রূপ লাভ করে।

স্বাধীনতা ও সার্বভৌমত্ব: জাতীয় অঙ্গীকার

বাংলাদেশের স্বাধীনতা অর্জিত হয়েছে দীর্ঘ সংগ্রাম ও লাখো মানুষের আত্মত্যাগের বিনিময়ে। ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধ আমাদের জাতীয় জীবনের সবচেয়ে গৌরবময় অধ্যায়। স্বাধীনতা ও সার্বভৌমত্বের প্রশ্নে আপসহীন থাকা প্রতিটি নাগরিকের দায়িত্ব। বিএনপির রাজনৈতিক দর্শনে জাতীয় স্বাধীনতা, রাষ্ট্রীয় সার্বভৌমত্ব এবং বাংলাদেশের স্বতন্ত্র পরিচয় রক্ষার বিষয়টি বিশেষ গুরুত্ব বহন করে। দলটির দৃষ্টিতে, একটি স্বাধীন রাষ্ট্রের পররাষ্ট্রনীতি, অর্থনীতি ও রাষ্ট্রীয় সিদ্ধান্ত গ্রহণে জাতীয় স্বার্থকে সর্বোচ্চ অগ্রাধিকার দিতে হবে। বর্তমান বিশ্বে রাজনৈতিক ও অর্থনৈতিক বাস্তবতা দ্রুত পরিবর্তিত হচ্ছে। এ পরিস্থিতিতে জাতীয় স্বার্থ সংরক্ষণ, অর্থনৈতিক সক্ষমতা বৃদ্ধি, আত্মনির্ভরশীলতা অর্জন এবং আন্তর্জাতিক অঙ্গনে মর্যাদাপূর্ণ অবস্থান নিশ্চিত করা বাংলাদেশের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। একটি রাষ্ট্রের প্রকৃত শক্তি শুধু তার ভৌগোলিক সীমানা কিংবা সামরিক সক্ষমতার ওপর নির্ভর করে না; বরং অর্থনৈতিক সামর্থ্য, জনগণের ঐক্য, রাজনৈতিক স্থিতিশীলতা এবং স্বাধীনভাবে সিদ্ধান্ত গ্রহণের সক্ষমতাও এর গুরুত্বপূর্ণ ভিত্তি। তাই স্বাধীনতার চেতনাকে অর্থনৈতিক মুক্তি, সামাজিক ন্যায়বিচার ও রাষ্ট্রীয় মর্যাদা প্রতিষ্ঠার মধ্য দিয়ে বাস্তবায়ন করতে হবে।

ইতিহাসের ভিন্ন মূল্যায়ন ও বস্তুনিষ্ঠতার প্রয়োজন

৭ নভেম্বর বাংলাদেশের ইতিহাসে গুরুত্বপূর্ণ হলেও এ দিনকে ঘিরে রাজনৈতিক ও ঐতিহাসিক ব্যাখ্যায় মতপার্থক্য রয়েছে। বিএনপি দিনটিকে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস হিসেবে পালন করে। অন্যদিকে, আওয়ামী লীগ দিনটিকে মুক্তিযোদ্ধা সৈনিক হত্যা দিবস হিসেবে আখ্যায়িত করে। জাসদসহ অন্যান্য রাজনৈতিক মহলেও এ দিনের পৃথক মূল্যায়ন রয়েছে।

এই ভিন্ন মূল্যায়ন বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসের বহুমাত্রিক বাস্তবতাকে তুলে ধরে। ইতিহাসের প্রতি দায়িত্বশীল আচরণের অর্থ হলো সব পক্ষের বক্তব্য, ঐতিহাসিক দলিল, প্রত্যক্ষ ঘটনা এবং পরবর্তী রাজনৈতিক প্রভাব বিবেচনা করা।

কোনো জাতির ইতিহাসকে দলীয় স্বার্থে সীমাবদ্ধ রাখা উচিত নয়। ইতিহাসের অর্জন, সীমাবদ্ধতা, ভুল ও বিতর্ক থেকে শিক্ষা গ্রহণের মধ্য দিয়েই একটি জাতি পরিণত হয়ে ওঠে। তাই রাজনৈতিক মতপার্থক্য সত্ত্বেও ইতিহাসচর্চায় তথ্যনিষ্ঠা ও পারস্পরিক শ্রদ্ধা বজায় রাখা জরুরি। ৭ নভেম্বরের ইতিহাস নিয়ে মতপার্থক্য থাকলেও এর ঘটনাপ্রবাহ বাংলাদেশের রাষ্ট্রীয় ও রাজনৈতিক কাঠামোর ওপর যে সুদূরপ্রসারী প্রভাব ফেলেছে, তা অস্বীকার করার সুযোগ নেই। ইতিহাসের এই অধ্যায়কে যথাযথভাবে বুঝতে হলে আবেগের পাশাপাশি প্রয়োজন গবেষণা, তথ্যনির্ভর বিশ্লেষণ এবং ভিন্নমতের প্রতি সহনশীলতা।

নতুন প্রজন্মের কাছে ৭ নভেম্বরের শিক্ষা

একটি জাতির ভবিষ্যৎ নির্ভর করে তার নতুন প্রজন্মের চিন্তা, মূল্যবোধ ও দায়িত্ববোধের ওপর। তাই ৭ নভেম্বরের ইতিহাস তরুণ প্রজন্মের কাছে যথাযথভাবে তুলে ধরা প্রয়োজন। ১৯৭৫ সালের রাজনৈতিক বাস্তবতা, সিপাহি-জনতার অভ্যুত্থানের প্রেক্ষাপট, জিয়াউর রহমানের ভূমিকা, কর্নেল আবু তাহেরের সংশ্লিষ্টতা এবং পরবর্তী রাষ্ট্রীয় ও রাজনৈতিক পরিবর্তন সম্পর্কে নতুন প্রজন্মের জানা উচিত।ইতিহাসকে শুধু রাজনৈতিক স্লোগান কিংবা দলীয় প্রচারের মধ্যে সীমাবদ্ধ রাখলে প্রকৃত শিক্ষা গ্রহণ সম্ভব নয়। বরং তথ্যভিত্তিক আলোচনা, গবেষণা, ঐতিহাসিক দলিল পাঠ এবং ভিন্নমতের প্রতি শ্রদ্ধার মধ্য দিয়ে ইতিহাসচর্চার একটি সুস্থ সংস্কৃতি গড়ে তুলতে হবে। তরুণ প্রজন্মকে এমন একটি রাজনৈতিক ও সামাজিক পরিবেশ উপহার দেওয়া প্রয়োজন, যেখানে স্বাধীনভাবে মতপ্রকাশ করা যাবে, নাগরিক অধিকার সুরক্ষিত থাকবে এবং যোগ্যতা ও মেধার ভিত্তিতে দেশ গঠনে অংশগ্রহণের সুযোগ তৈরি হবে। অতীতের অভিজ্ঞতা থেকে শিক্ষা নিয়ে ভবিষ্যতের বাংলাদেশকে আরও গণতান্ত্রিক, মানবিক ও আত্মমর্যাদাশীল করে গড়ে তোলাই হওয়া উচিত আমাদের সম্মিলিত লক্ষ্য।

উপসংহার: ইতিহাসের চেতনায় গণতান্ত্রিক ও সমৃদ্ধ বাংলাদেশ

৭ নভেম্বর বাংলাদেশের ইতিহাসের একটি গুরুত্বপূর্ণ, জটিল ও বহুমাত্রিক অধ্যায়। বিএনপির কাছে এটি জাতীয় বিপ্লব ও সংহতির প্রতীক এবং শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের রাজনৈতিক উত্তরাধিকার ও বাংলাদেশি জাতীয়তাবাদী চেতনার সঙ্গে সম্পৃক্ত একটি ঐতিহাসিক দিন। এই দিবসের তাৎপর্য উপলব্ধি করতে হলে স্বাধীনতা, সার্বভৌমত্ব, জাতীয় ঐক্য, গণতন্ত্র ও জনগণের অধিকার প্রতিষ্ঠার বিষয়গুলোকে গুরুত্ব দিতে হবে। একই সঙ্গে ইতিহাসের বিতর্কিত ও বেদনাদায়ক দিকগুলোও দায়িত্বশীলতার সঙ্গে স্বীকার করতে হবে। ইতিহাস শুধু অতীতের স্মৃতিচারণ নয়; ইতিহাস ভবিষ্যতের পথনির্দেশক। ৭ নভেম্বরের ঐতিহাসিক অভিজ্ঞতা থেকে শিক্ষা নিয়ে আমাদের এমন একটি বাংলাদেশ গড়ে তোলার প্রত্যয় নিতে হবে, যেখানে গণতন্ত্র হবে শক্তিশালী, জনগণের অধিকার হবে সুরক্ষিত, রাষ্ট্রীয় স্বাধীনতা ও সার্বভৌমত্ব থাকবে অক্ষুণ্ণ এবং জাতীয় ঐক্য হবে উন্নয়ন ও অগ্রগতির অন্যতম ভিত্তি। জাতীয় বিপ্লব ও সংহতি দিবসের প্রকৃত তাৎপর্য তখনই সার্থক হবে, যখন আমরা রাজনৈতিক বিভাজনের ঊর্ধ্বে উঠে একটি স্বাধীন, গণতান্ত্রিক, ন্যায়ভিত্তিক, আত্মমর্যাদাশীল ও সমৃদ্ধ বাংলাদেশ প্রতিষ্ঠায় সম্মিলিতভাবে কাজ করতে পারব।

লেখক : অ্যাডভোকেট ও যুক্তরাষ্ট্র প্রবাসী

প্রথম কৃষ্ণাঙ্গ স্পিকার পেতে যাচ্ছে যুক্তরাষ্ট্র!

৬২ পৃষ্ঠার পর

বহুর বয়সী এই কৃষ্ণাঙ্গ নেতা। এই দায়িত্ব সফলভাবে পেলে তিনিই হবেন মার্কিন প্রেসিডেন্টের ক্ষমতার নারিতে দ্বিতীয় এবং সংবিধিবদ্ধ একমাত্র শীর্ষ নেতৃত্ব।

যেহেতু মধ্যবর্তী নির্বাচনে প্রতিনিধি পরিষদে একচ্ছত্র আধিপত্য পেয়েছেন ডেমোক্র্যাটরা, তাই বলাই যায়, যুক্তরাষ্ট্রের ইতিহাসে প্রথম কৃষ্ণাঙ্গ স্পিকার হয়ে ইতিহাস গড়াটা হাকিম জেফ্রিসের জন্য এখন সময়ের ব্যাপার মাত্র।

মঙ্গলবার (৩ নভেম্বর) ওয়াশিংটনে ডেমোক্র্যাটদের বিজয় উৎসবে 'স্পিকার! স্পিকার!' স্লোগানে হাকিম জেফ্রিসকে বরণ করে নেওয়া হয়। হাকিম জেফ্রিস বলেন, এটি কোনও দলীয় মুহূর্ত নয়। এটি একটি দেশপ্রেমের মুহূর্ত।

আমেরিকান জনগণ পরিবর্তনের দাবি জানাচ্ছে উল্লেখ করে তিনি বলেন, আমরা আপনাদের কথা শুনতে পেয়েছি। আপনারা যে নাটকীয় পরিবর্তনের যোগ্য, তা বাস্তবায়ন করতে আমরা কঠোর পরিশ্রম করব।

ব্রুকলিনের জন্ম নেওয়া এবং নিউ ইয়র্ক ইউনিভার্সিটি থেকে পাস করা আইনজীবী হাকিম জেফ্রিস ২০১৩ সাল থেকে কংগ্রেসে দায়িত্ব পালন করে আসছেন। তিনি রিপাবলিকান স্পিকার মাইক জনসনের ঘনিষ্ঠ হিসেবে পরিচিত। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প অতীতে সামাজিক যোগাযোগমাধ্যমে ভুয়া ছবি পোস্ট করে তার সমালোচনা করলেও জেফ্রিস ট্রাম্পের শেষ দুই বছরের মেয়াদ মোকাবিলায় বদ্ধপরিকর।

ডেমোক্র্যাট দলের নেতৃত্বে ক্যাথরিন ক্লার্ক ও পিটে আগুইলারের সঙ্গে যৌথভাবে কাজ করা জেফ্রিস জীবনযাত্রার ব্যয় কমানো, ট্রাম্প প্রশাসনকে জবাবদিহিতার আওতায় আনা এবং প্রয়োজনে অভিশংসনের পথ খোলা রাখার প্রতিশ্রুতি দিয়ে ১০০ দিনের একটি শক্তিশালী এজেন্ডা ঘোষণা করেছেন।

ব্রুকলিনের এক কৃষ্ণাঙ্গ পরিবারে বেড়ে ওঠা এবং স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক ও জর্জটাউন ইউনিভার্সিটিতে পড়াশোনা করা জেফ্রিস নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলিতে দায়িত্ব পালনের পর কংগ্রেসে আসেন। ১৮৭০ সালে প্রতিনিধি পরিষদে প্রথম নির্বাচিত কৃষ্ণাঙ্গ আইনপ্রণেতা জোসেফ রেইনির পথ ধরেই এবার স্পিকারের আসনে বসতে চলেছেন তিনি।

সাউথ ক্যারোলাইনায় বাংলাদেশি কমিউনিটির বনভোজন সম্পন্ন

৬২ পৃষ্ঠার পর

ফাঁকে দিনটি কমিউনিটির সবার জন্য আনন্দের উপলক্ষ্য হয়ে উঠে। সকাল থেকেই বনভোজনস্থলে আসতে শুরু করেন অতিথিরা। বেলা বাড়ার সঙ্গে সঙ্গে কোলাহলও বাড়তে থাকে। ঝালমুড়ি আর চা খেতে খেতে ছোট ছোট দলে আড্ডায় মেতে ওঠেন অনেকে। শিশু-কিশোরেরাও খুঁজে নেয় নিজেদের খেলার সঙ্গী। কমিউনিটির বিপুলসংখ্যক মানুষের অংশগ্রহণে বনভোজনস্থল কমিউনিটির মিলনমেলায় পরিণত হয়। লেকের স্বচ্ছ পানিতে নীল আকাশের ছায়া। সেই আকাশেই দেখা মেলে বাংলার চিরায়ত রঙিন ঘুড়ির। আব্দুল্লাহ এম. খানের উদ্যোগে আনা ঘুড়িটি ওড়ানোর ব্যবস্থা করেন আরশাদুজ্জামান সুমন। পুরুষদের কেউ ক্যারম খেলায়, কেউবা দেশ-বিদেশের রাজনীতি নিয়ে আলোচনায় ব্যস্ত ছিলেন। নারীরা মেতে ওঠেন খোশগল্পে ও হাসি তামাশায়। এবার খাবারের আয়োজন ছিল পটলাক পদ্ধতিতে। শায়ানা হাসানের তত্ত্বাবধানে কমিউনিটির অভিজ্ঞ রাঁধুনিদের মধ্যে ভাগ করে দেওয়া হয় বিভিন্ন পদ। সবাই সুশৃঙ্খলভাবে লাইনে দাঁড়িয়ে নিজের পছন্দমতো খাবার তুলে নেন। খাবার শেষে শুরু হয় খেলাধুলার পর্ব। শিশুরা মেতে ওঠে বিস্কুট দৌড় প্রতিযোগিতায়। বিশেষ আকর্ষণ ছিল শিশুদের 'যেমন খুশি তেমন সাজো' পর্ব। নানা সাজে এতে অংশ নেয় তারা। কেউ সেজেছিল বাংলার গ্রামের বধূ, কেউ পরি, কেউ হ্যালোউইনের সাজে; কেউবা স্পাইডারম্যান, আবার কেউ যুক্তিযোদ্ধা। সমানসংখ্যক নারী ও পুরুষের দুটি দলের মধ্যে সুতা দিয়ে হাতের স্পর্শ ছাড়াই হ্যাঙ্গার পালিং খেলা হয়। দুই দলের সমর্থকদের উচ্ছ্বাস আর করতালির মধ্যে নারীদের দল বিজয়ী হয়। খেলাধুলার পর্ব শেষে আয়োজনের অন্যতম উদ্যোক্তা ড. জিয়া হাসান ও শায়ানা হাসান অংশগ্রহণকারীদের হাতে ফুল তুলে দেন। বিশেষ অবদান রাখা ব্যক্তিদের দেওয়া হয় পদক। কমিউনিটির পরিচিত মুখ নোহরাব হোসেন এ বছর ইউএস আর্মির মেজর পদ থেকে অবসর নিয়েছেন। যুক্তরাষ্ট্রে তাঁর বিশেষ অবদানের জন্য তাঁকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে একটি বিশেষ ক্রেস্ট তুলে দেওয়া হয়।

বাড়ি ক্রয়-বিক্রয় ও ভাড়া

kw LANDMARK II
KELLERWILLIAMS. REALTY

লাইসেন্স বিহীন কোন ব্যক্তির সহযোগিতায় বাড়ি ক্রয়, বিক্রয় করে প্রতারিত হবেন না, আমরা বিনামূল্যে বাড়ি সংক্রান্ত যেকোন বিষয়ে পরামর্শ দিয়ে থাকি।



বিঃদ্রঃ আপনি যদি রিয়েল এস্টেট জব করতে চান আপনাকে ১০০% সহযোগিতা করা হবে।

Md. Alamgir Hossain
Associate Broker
75-35 31st Ave, Suite 202
East Elmhurst, NY 11370
Cell : 347-774-6432
Office : 347-846-1200
Email: mdahossain@kw.com

মোঃ আলমগীর হোসেন
লাইসেন্স এসোসিয়েট ব্রোকার
যোগাযোগ:৩৪৭-৭৭৪-৬৪৩২

REAL ESTATE, DIVORCE,
IMMIGRATION & SMALL BUSINESS



বাড়ি ঘর বা ব্যবসা কেনা/বেচা, তালাকের মামলা,
ইমিগ্রেশন, দুর্ঘটনা বা পিছলে পড়া, এবং যাবতীয়
অন্যান্য আইনগত সহায়তার জন্য, অভিজ্ঞ কার্যোপযোগী
বাংলাদেশী এটর্নির সাথে যোগাযোগ করুন

নিউ ইয়র্কের লাইসেন্সধারী অভিজ্ঞ এটর্নি

Hasan Malik, Esq.
718-433-9243

37-13 74TH ST, FLOOR 2
JACKSON HEIGHTS, NY 11372

ATTORNEY ADVERTISING

জ্যাকসন হাইটস ও জ্যামাইকায় দুই যুগেরও বেশি সময় ধরে প্রবাসিদের নিম্নবর্ণিত সার্ভিস গুলি সাফল্যের সাথে সেবা দিয়ে আসছে

TRANS GLOBAL REAL ESTATE & GLOBAL TAX AND FINANCIAL SERVICES

রিয়েল স্টেট ট্যাক্স ও ইমিগ্রেশন সার্ভিসেস

FLORIDA-ফ্লোরিডায়
জমি ও বাড়ীর মালিক হওয়ার অপূর্ব সুযোগ
Please Call: 929-391-6274
For further inquiry
Jackson Height Office:
37-18-74th Street, 2nd Floor,
Jackson Height, NY 11372
Phone: 718-779-7600
Jamaica, Hollis Office:
184-02 Hillside Ave, 1st Floor,
Jamaica, NY 11432
Phone: 718-779-7600

TAX Services
ট্যাক্স সার্ভিসেস
25 YEARS EXPERIENCED
Please Call:
718 581 6081
347 392 4312
718 779 7600
AUTHORIZED IRS e-file PROVIDER
TAX FILING, FAST REFUND
REASONABLE FEES!

REAL ESTATE Services
রিয়েল স্টেট সার্ভিসেস
Global Tax and Financial Services
Year round Tax, Immigration, Real Estate & Multi Services
Cell: 718-581-6081, 718-779-7600
Email: rahmanghs@yahoo.com
Maksudur Rahman
I.R.S Registered Tax Preparer
Jamaica Hollis Office
Jackson Heights Office

আপনি জানেন কি?
পরীক্ষা ও আবেদন ফি ছাড়া আমেরিকার নাগরিকত্ব লাভের সুযোগ রয়েছে। এছাড়া অন্যান্য ইমিগ্রেশন ফরম ও আবেদন ফি ছাড়া আবেদন করার সুযোগ আছে। বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন।



কর্নফুলি ট্রাভেল

আই এন সি.

Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets

সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত উমরাহ্ ট্রাভেল এজেন্ট

প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা - রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

718 205 6050, 718 205 6055, 917 691 7721

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

Web: www.karnafullytravel.com



জ্যাকসন হাইট্স, উডসাইড এ নিরিবিলি পরিবেশে

বাংলাদেশী ডাক্তার

মেডিসিন বিশেষজ্ঞ

Internal Medicine

Geriatric Medicine

শামীম আহমেদ এম, ডি

- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য সুলভে পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারিরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
- ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।

আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি। অফিসে আসার পূর্বে অনুগ্রহ করে ফোন করুন।

35-30 , 64th Street, Woodside NY 11377 (Subway E, F, R, N, V, G, 7)

TEL: 718-205-6561

Starling Car Service LLC

Best Choice for your trip



একটি বাংলাদেশী প্রতিষ্ঠান



- 24 Hours Service
- Experienced & Professional Driver
- Affordable Price
- Airport Service
- Long Distance - Short Distance Hourly Service
- Special Occasions Service
- Wheelchair Available
- Corporate Transporation





Please Contact:
Md. Kamroul Hasan
President & CEO
718-612-8825



2115 Starling Ave
2nd Fl, Bronx
NY 10462
Tel: 718-612-8825
914-294-1845
Email: starlingcarservice@gmail.com

We arrange
Base Letter & Base Affiliate

Amader Service.com

Your Trusted Service Partner

আমাদের সেবাসমূহ

ইভেন্ট ম্যানেজমেন্ট
১. ইভেন্ট ডেকোরেশন
২. ফুড সাপ্লাই
৩. ফটোগ্রাফী
৪. ভিডিওগ্রাফী

হোম সার্ভিস
১. ফার্নিচার সেটআপ
২. ইলেট্রিক্যাল
৩. প্লাম্বিং
৪. রিপিয়ারিং (কনষ্ট্রাকশন)
৫. সার্ভিলেন্স ক্যামেরা

অফিস এ্যাডভাইজারী
১. ভিসা প্রসেসিং
২. পাসপোর্ট রিনুয়াল
৩. যেকোন ধরণের ইমিগ্রেশন ফরম
৪. ভিএমডি সার্ভিস
৫. ইবিটি, ফুড ষ্ট্যাম্প, রেন্টাল এসিসট্যান্ট
৬. হোম কেয়ার

এছাড়াও আমরা বাংলাদেশে বাড়ি, প্লট, জমি ক্রয়-বিক্রয় করে থাকি এবং আপনার বিল্ডিং ম্যানেজমেন্ট এর দায়িত্ব নিয়ে থাকি।

Get all services you need in one place from professional expart, at home!

এ্যাপসটি ডাইনলোড করে আপনার মোবাইল থেকে সরাসরি অর্ডার করুন।

Google Play App Store

CONTACT

+1 917 519 1151, +1 929 569 9350, +1 347 659 8410

www.amaderservice.com

প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন

STAR Photography

শহরের সেরা ফটোগ্রাফার এবং ভিডিওগ্রাফার



হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান

Please contact for all
Your Professional
Photography Like events
News Conference
Wedding Reception & Modelling

NEHER SIDDIQUEE
MBPS, MIFPO

917-476-6628, 718-371-8334

www.neherphotography.weebly.com



বিপ্লব ও সংহতি দিবসের প্রস্তুতি সভা অনুষ্ঠিত

৬৪ পৃষ্ঠার পর

পালন করতে যুক্তরাষ্ট্রে বিএনপি ও বিভিন্ন অঙ্গ ও সহযোগী সংগঠন। এ উপলক্ষ্যে গত ৩ নভেম্বর এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় আগামী ৭ নভেম্বর শনিবার দুপুর ২টা থেকে বিকেল ৫টা পর্যন্ত নব্যন্ন রেজোরার সামনে এ কর্মসূচী পালনের সিদ্ধান্ত হয়।

জ্যাকসন হাইটসের শেক মহল রেস্টুরেন্টে অনুষ্ঠিত এ প্রস্তুতি সভায় উপস্থিত ছিলেন বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য জিল্লুর রহমান জিপু ও গিয়াস আহমেদসহ যুক্তরাষ্ট্র বিএনপির বিভিন্ন পর্যায়ের সাবেক ও বর্তমান নেতারা।

সভায় উপস্থিত নেতারা আলোচনার ভিত্তিতে যথাযথভাবে এই দিবসটি পালন করা মতামত ব্যক্ত করেন এবং সে আলোকে বিভিন্ন সিদ্ধান্ত হয়।

এর মধ্যে রয়েছে– ঐতিহাসিক ৭ নভেম্বর মহান বিপ্লব ও সংহতি দিবস উদযাপন উপলক্ষে নিউইয়র্ক স্টেট এবং নিউইয়র্ক মহানগর উত্তর ও দক্ষিণ বিএনপি, যুক্তরাষ্ট্র যুবদল, ছাত্রসেচ্ছাসেবক দল, জাসাস, শ্রমিক দল, মুক্তিযোদ্ধা দল এবং যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক নেতৃত্বের সম্মিলিত উদ্যোগে প্রামাণ্য চিত্র প্রদর্শনী, লাল-সবুজ বেলুন ওড়ানো, দোয়া মাহফিল ও প্রবাসীদের মাঝে মধ্যাহ্ন ভোজের উন্মুক্ত আয়োজন করা হবে।



চট্টগ্রাম সমিতির কমিটির মেয়াদ বাড়লো

৬৪ পৃষ্ঠার পর

মেয়াদ আরো এক বছর বা মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত অনির্দিষ্টকাল বাড়ানোর সিদ্ধান্ত হয়। সংগঠনের সভাপতি মোহাম্মদ আবু তাহেরের সভাপতিত্ব করেন। অনুষ্ঠানের শুরুতে চট্টগ্রাম সমিতির নেতৃবৃন্দসহ যাঁরা বিগত দিনে মৃত্যুবরণ করেছেন তাদের সকলের রুহের মাগফেরাত বিশেষ মোনাজাত এবং প্রার্থনা করা করা হয়। মোনাজাত পরিচালনা করেন সংগঠনের ট্রাস্টি বোর্ডের সিনিয়র সদস্য মুনীর আহমেদ।

এরপর সংগঠনের কোষাধ্যক্ষ শফিকুল আলম বিগত দিনের আয় এবং ব্যায়ের বিশদ বিবরণ পেশ করেন। রিপোর্ট পেশের পর উত্থাপিত হিসেব বিবরণী সাধারণ সদস্যদের অনুমোদনের জন্য ফ্লোরে দেয়া হলে তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

সংগঠনের সাধারণ সম্পাদক মোহাম্মদ আরিফুল ইসলাম তাঁর রিপোর্ট পেশ করেন বিস্তারিত ভাবে। দায়িত্বগ্রহণের পর থেকে নিয়ে অদ্যাবধি সংগঠনের সার্বিক কার্যক্রমের ইভেন্ট উল্লেখপূর্বক বিস্তারিত তুলে ধরেন রিপোর্টে। সকল ইভেন্টে সংগঠনের সদস্যদের অকুণ্ঠ সমর্থনের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি জানান, বর্তমান কমিটি দুইটি পিকনিক, দুইটি ঈদ এ মিলাদুন্নাবি (সা.) অনুষ্ঠান, বৈশাখী উদযাপন, ইমিগ্রেশন এবং ট্যাক্স সেমিনার, বাংলাদেশী বংশোদ্ভুত নির্বাচিত কাউন্সিল ওমেন শাহানা হানিফের নাগরিক সংবর্ধনা, বাংলাদেশের জাতীয় সংসদের সদস্য সায়রওয়ার আলমগীরের সংবর্ধনার আয়োজনের পাশাপাশি চট্টগ্রাম সমিতির আটজন মৃত সদস্যদের বিনামূল্যে কবর সহায়তা প্রদান করা হয়েছে।



এরপর সভাপতি তাঁর রিপোর্টে যাঁরা চট্টগ্রাম সমিতিকে আর্থিক এবং সামাজিকভাবে ক্ষতিগ্রস্থ করেছেন তাদের কোনোভাবেই ছাড় দেয়া হবেনা বলে উল্লেখ করেন। বর্তমানে নিষ্পত্তির জন্য অপেক্ষমান দুটি মামলার ব্যাপারে তাঁর দৃঢ় সংকল্পের কথা পুনরব্যক্ত করেন। সভাপতির রিপোর্টের পরপরই সংবিধান সংশোধনী কমিটির প্রধান সাবেক সাধারণ সম্পাদক এবং বর্তমান প্রধান উপদেষ্টা মোহাম্মদ সেলিম সংবিধান সংশোধনী প্রস্তাবনাসমূহ পয়েন্ট বাই পয়েন্ট তুলে ধরেন। বিভিন্ন ধারা এবং উপধারার বিশদ ব্যাখ্যা তুলে ধরেন সংবিধান কমিটির অন্যতম সদস্য, সমিতির সিনিয়র সদস্য মোহাম্মদ নুরুল আনোয়ার।

সাধারণ সভার রেজুলেশন উত্থাপন করেন ট্রাস্টি বোর্ডের কো-চেয়ারম্যান কামাল হোসেন মিঠু। সভায়, হিসেব অনুমোদন; বর্তমান কমিটির মেয়াদ নভেম্বর তিন দুই হাজার ছাব্বিশ থেকে নভেম্বর তিন দুই হাজার সাতাশ পর্যন্ত অথবা মধ্যবর্তী আদালতের মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত বর্ধিতকরণ; সংবিধানের প্রস্তাবিত সংশোধনী অনুমোদন; এবং অন্যান্যভাবে এবং অসৎ উদ্দেশ্য সাধনের নিমিত্তে যারা সমিতিকে আর্থিক এবং সামাজিক ক্ষতির সম্মুখীন করেছেন তাদের বিরুদ্ধে সংগঠনের বিধান অনুযায়ী ব্যবস্থা গ্রহণ এবং যুক্তরাষ্ট্রের প্রচলিত আইন অনুযায়ী অবিলম্বে ব্যবস্থা গ্রহণের প্রস্তাব পেশ।

সভায় উপস্থিত সকল সদস্য সদস্যাগন ভোট প্রদান করেন। মেজরিটি সদস্যদের মতামতের ভিত্তিতে প্রস্তাবিত চারটি বিষয় সাধারণ সভায় পাস হয় এবং পাসের দিন থেকে কার্যকর বিবেচিত হবে বলে মত প্রকাশ করেন।

সাধারণ সভায় বক্তব্য দেন, সাবেক চেয়ারম্যান এবং সাবেক সভাপতি মোহাম্মদ হানিফ, সাবেক সভাপতি কাজী শাখাওয়াত হোসেন আজম, সমিতির প্রতিষ্ঠাতা কোষাধ্যক্ষ বর্তমান ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান মোহাম্মদ শামসুল আলম চৌধুরী, সিনিয়র ট্রাস্টি মেম্বার মুনীর আহমেদ, সাবেক নির্বাচন কমিশনার মোহাম্মদ শাহজাহান, ট্রাস্টি সদস্য লৈয়দ মোশাররফ হোসেন বাবর, আবুল কাশেম চট্টলা, মিজানুর রহমান জাহাঙ্গীর ও আবু তাহের চৌধুরী চান্দু, উপদেষ্টা সদস্য সাহাবুদ্দিন চৌধুরী লিটন, মোহাম্মদ দিদারুল আলম, মোহাম্মদ জামালউদ্দিন, মতিউর রহমান চৌধুরী, মোহাম্মদ আবুল কালাম (কানেকটিকাট), আবুল্লাহ আল মামুন (নিউজার্সি), সাকে নেতৃবৃন্দ আরিফ চৌধুরী, খোকন কে চৌধুরী, আশ্রাব আলী খান লিটন, মোহাম্মদ রুমি, এডভোকেট আবুল হাসিম, কাজী ইকবাল, মোহাম্মদ আমিন, মেজবাউদ্দিন আহমেদ, মোহাম্মদ কাউন্সার চৌধুরী, বাসন আলী, উত্তম দাস, বর্তমান নেতৃবৃন্দের মধ্যে বক্তব্য রাখেন কলিমুল্লাহ মাস্টার, তানিম মহসিন, হাজী তৌহিদুল আলম, জাবের শকি, মোহাম্মদ নুরুল আমিন, আক্তার হোসেন, অজয় প্রসাদ তালুকদার, ইমরুল কায়সার, নাসিরুদ্দিন, মোহাম্মদ মহিম উদ্দিন প্রমুখ।

গোল্ডেন এজ হোম কেয়ারের প্রতিষ্ঠাবার্ষিকী রোববার

৬৪ পৃষ্ঠার পর

প্রতিষ্ঠান গোল্ডেন এজ হোম কেয়ার। নিউইয়র্ক সিটির হেলথ ডিপার্টমেন্টের লাইসেন্সপ্রাপ্ত এই প্রতিষ্ঠানটি গত ১০ বছর ধরে অত্যন্ত নিষ্ঠা ও সুনামের সঙ্গে প্রবাসী বাংলাদেশি কমিউনিটিসহ বিভিন্ন আদাজাতী নিউইয়র্কারদের মাঝে হোম কেয়ার সেবা প্রদান করে আসছে।

প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে আগামী ৮ নভেম্বর, রোববার, সন্ধ্যা ৬ টায়, নিউইয়র্কের লাগোর্ডিয়া ম্যারিয়টে এক জাঁজমকপূর্ণ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে প্রতিষ্ঠানটির সেবা গ্রহীতা, কেয়ার গিভার, কমিউনিটির বিশিষ্টজনসহ সর্বস্তরের মানুষকে আমন্ত্রণ জানিয়েছেন গোল্ডেন এজ হোম কেয়ারের প্রেসিডেন্ট ও সিইও শাহনেওয়াজ।

২০১৬ সালে প্রতিষ্ঠার পর থেকে সততা ও মানবিকতার সঙ্গে নানা খাতে স্বাস্থ্যসেবা দিয়ে কমিউনিটিতে এক অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছে প্রতিষ্ঠানটি। বিশেষ করে নিউইয়র্কে বসবাসরত প্রবীণ ও চিকিৎসাধীন ব্যক্তিদের জন্য প্রতিষ্ঠানটির হোম হেলথ এইড (এইচএইচএ), পার্সোনাল কেয়ার এইড (পিসিএ) এবং সিডিপ্যাপ সেবায় গ্রাহকদের আস্থার নাম হয়ে উঠে। বর্তমানে সিডিপ্যাপ সেবা না থাকলেও অন্যান্য সেবা অটুট রয়েছে। বরং এর সঙ্গে এক্সট্রা কেয়ার ও সিনিয়র কেয়ার যুক্ত হয়েছে। বাংলা, ইংরেজি ও হিন্দিসহ বেশ কয়েকটি ভাষায় সেবার কারণে দিন দিন প্রতিষ্ঠানটির সেবা গ্রহীতার সংখ্যাও বাড়ছে। এ বিষয়ে শাহ নেওয়াজ বলেন, শুরু থেকে এই ১০ বছরের পথচলা সহজ ছিল না। তবে দক্ষ টিম এবং কেয়ারগিভারদের আন্তরিক প্রচেষ্টা ও সেবার মানসিকতার কারণেই এই দীর্ঘ পথ পাড়ি দেয়া সম্ভব হয়েছে। গ্রাহকদের বিশ্বাস ও ভালোবাসাই গোল্ডেন এজ হোম কেয়ারের মূল চালিকাশক্তি।

বর্তমানে জ্যাকসন হাইটসের মূল কার্যালয়ের পাশাপাশি ব্রুকলিন, জ্যামাইকা, ব্রুকলিন, এস্টোরিয়া এবং ইয়ঙ্কার্সসহ বেশ কয়েকটি শাখার মাধ্যমে গোল্ডেন এজ হোম কেয়ার তাদের কার্যক্রম সফলভাবে পরিচালনা করছে।

স্টেট সিনেটে বিজয়ী চার বাংলাদেশি আমেরিকান

৬৪ পৃষ্ঠার পর

ডিস্ট্রিক্ট ৪ থেকে আবারো বিশাল ব্যবধানে জয়ী হয়েছেন। নর্থ ক্যারলিনা স্টেট সিনেট ডিস্ট্রিক্ট ১৮ থেকে ডেমোক্র্যাটিক পার্টির টিকিটে সিনেটর হিসেবে জয়ী হয়েছেন ফাসিব ফাতমী।

নিউ হ্যাম্পশায়ার, জর্জিয়া, কানেকটিকাট ও নর্থ ক্যারোলাইনা অঙ্গরাজ্যের নির্বাচনে জয় পেয়েছেন বাংলাদেশি বংশোদ্ভূত চার রাজনীতিক। তাদের মধ্যে একজন রিপাবলিকান পার্টি এবং অন্য তিনজন ডেমোক্রেটিক পার্টির প্রার্থী ছিলেন।

রিপাবলিকান পার্টি থেকে নিউ হ্যাম্পশায়ার স্টেটের প্রতিনিধি হিসেবে সপ্তম মেয়াদে নির্বাচিত হয়েছেন পিরোজপুরের সন্তান আবুল খান।

জর্জিয়া স্টেট সিনেটের ডিস্ট্রিক্ট-৫ থেকে ডেমোক্রেটিক পার্টির প্রার্থী শেখ রহমান পঞ্চম মেয়াদে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন। তিনি কিশোরগঞ্জের সন্তান।

কানেকটিকাট স্টেট সিনেটের ডিস্ট্রিক্ট-৪ থেকে তৃতীয় মেয়াদে জয় পেয়েছেন চাঁদপুরের সন্তান মাহবুবুর রহমান। ডেমোক্রেটিক পার্টির প্রার্থী হিসেবে তিনি এবারও বড় ব্যবধানে জয়ী হয়েছেন।

নর্থ ক্যারোলাইনা স্টেট সিনেটের ডিস্ট্রিক্ট-১৮ থেকে ডেমোক্রেটিক পার্টির প্রার্থী হিসেবে নির্বাচিত হয়েছেন গাজীপুরের সন্তান হাসিব ক্বাতেমী।

এদিকে ভার্জিনিয়া স্টেট সিনেটের ডিস্ট্রিক্ট-৩৭-এর দায়িত্বে রয়েছেন নোয়াখালীর সন্তান সান্দান আজুলান লেলিন। ডেমোক্রেটিক পার্টির এ রাজনীতিক ২০২৪ সালে নির্বাচিত হন। আগামী বছর সেখানে নির্বাচন হওয়ার কথা রয়েছে।

মার্কিন বংশোদ্ভূতদের উচ্চয় কক্ষে ডেমোক্র্যাটদের জয় এবং স্থানীয় পর্যায়ে বাংলাদেশি বংশোদ্ভূত রাজনীতিকদের সাফল্যকে গুরুত্বপূর্ণ হিসেবে দেখছেন প্রবাসীরা।

ব্রুকলে বসবাসরত মূলধারার রাজনীতিক শাজাহান শেখ বলেন, গত দুই বছর প্রেসিডেন্ট ট্রাম্পের অন্যায়-অপকর্মের দাঁতভাঙা জবাব দিয়েছেন ভোটাররা। এটাই গণতন্ত্রের সৌন্দর্য।

তিনি বলেন, এবারের ফলাফল রাজনীতিক ও নীতিনির্ধারকদের চিন্তাভাবনায় প্রভাব ফেলবে বলে আশা করছেন তিনি। কঠোর পরিশ্রমী আমেরিকানদেরও সেটাই প্রত্যাশা।

আন্তর্জাতিক অর্থনীতি ও রাজনীতি নিয়ে কাজ করা ইউনিভার্সিটি অব মেরিল্যান্ডের গোবাল ক্যাম্পাসের অধ্যাপক ফাইজুল ইসলাম বলেন, মিথ্যাচার আর ভণ্ডামি বেশিদিন টিকে না। প্রেসিডেন্ট ট্রাম্পের লাগাতার অন্যায়-অবিচার-একনায়কতন্ত্রের কবলে পড়ে আমেরিকানরা ত্যক্ত-বিরক্ত এবং ক্ষুব্ধ। তারই প্রকাশ ঘটল ব্যালট বিপ্লবে।

অধ্যাপক ফাইজুলের মতে, ট্রাম্পের কারণে রিপাবলিকান পার্টির ভিত দুর্বল হয়ে পড়েছে। এখন দলটির ঘুরে দাঁড়ানোর সময়। এজন্য ট্রাম্পকে দূরে সরিয়ে রাখতে হবে।

কংগ্রেসে ৭ মুসলমানের বিজয়

৬৪ পৃষ্ঠার পর

জার্সির প্রিসটনে নিজের চিকিৎসা কেন্দ্রে তিনি কসমেটিক এবং রিকনস্ট্রাক্টিভ (পুনর্গঠনমূলক) উচ্চয় ধরনের অস্ত্রোপাচারে বিশেষজ্ঞ হিসেবে কাজ করেন। নিউ জার্সির ১২তম কংগ্রেসনাল ডিস্ট্রিক্টের জন্য ডেমোক্র্যাটিক দলের মনোনয়নে বিজয়ী হয়ে প্রথমবারের মতো কংগ্রেসে যাচ্ছেন।

২০২৪ সালে গাজা যুদ্ধের সময় গাজায় কর্মরত আমেরিকান চিকিৎসকদের একটি স্বেচ্ছাসেবক দলের সদস্য হিসেবে হামাউই জাতীয় পর্যায়ে মনোযোগ আকর্ষণ করেন। গাজা যুদ্ধের মধ্যে ইসরায়েল রাফাহ সীমান্ত ক্রসিং দখল করে তা বন্ধ করে দিলে তিনি সেখানে আটকা পড়েন। মার্কিন সিনেটর ট্যামি ডাকওয়ার্থ ব্যক্তিগতভাবে উদ্যোগ নিয়ে তাকে গাজা থেকে বের হয়ে আসতে সহায়তা করেন। হামাউই সেই তিনজন চিকিৎসকের একজন যারা স্বেচ্ছায় গাজায় গিয়ে মানব সেবা প্রদানের সিদ্ধান্ত নিয়েছিলেন।

রাশিদা হারবি তালিব

রাশিদা হারবি তালিব একজন মার্কিন আইনজীবী ও রাজনীতিবিদ। মুসলিম ধর্মাবলি রাশিদা ২০১৯ সাল থেকে মিশিগান থেকে মার্কিন প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন করছেন। ডেমোক্র্যাটিক পার্টির সদস্য রাশিদা তালিবই প্রথম ফিলিস্তিনি আমেরিকান নারী যিনি কংগ্রেসে দায়িত্ব পালন করছেন। এছাড়া তিনি (ইলহান ওমরের সাথে) কংগ্রেসে নির্বাচিত প্রথম দুই মুসলিম নারীর একজন। এবারের নির্বাচনে রাশিদা ৭৬ ভাগ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বি জন হুপার পেয়েছেন শতকরা ২১ ভাগ ভোট।

এল্লু কারসন

ইন্ডিয়ানা অঙ্গরাজ্যের ডিস্ট্রিক্ট ৭ থেকে ডেমোক্র্যাট পার্টির প্রার্থী হিসেবে পুর্নবার নির্বাচিত হয়েছেন এল্লু কারসন। তিনি শতকরা ৭৭ ভাগ ভোট পেয়ে নির্বাচিত হলেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বি রিপাবলিক্যান প্যাট্রিক ম্যাকুলি পেয়েছেন মাত্র ২০ ভাগ ভোট।

লতিফা সিমন

লতিফা সিমন ক্যালিফোরনিয়ার ডিস্ট্রিক্ট ১২ থেকে কংগ্রেসওম্যান হিসেবে পুর্নবার নির্বাচিত হয়েছেন। শতকরা ৮০ ভাগ ভোট পেয়ে তিনি নির্বাচিত হন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বি রিপাবলিক্যান জ্যামি জয়েস পেয়েছেন ২০ ভাগ ভোট। লতিফা প্রথমবার নির্বাচিত হ ন২০১৬ সালে। সেই থেকে বিজয়ের ধারা অব্যাহত রেখেছেন।

আয়েশা ওয়াহাব

আয়েশা ওয়াহাব একজন আমেরিকান রাজনীতিবিদ। ক্যালিফোর্নিয়ার ১৪তম কংগ্রেসনাল ডিস্ট্রিক্ট ১৪ থেকে পূর্ন মেয়াদে কংগ্রেসওম্যান হিসেবে নির্বাচিত হলেন।

তিনি যুক্তরাষ্ট্রে সরকারি পদে নির্বাচিত প্রথম আফগান আমেরিকানদের মধ্যে অন্যতম। এর আগে তিনি ক্যালিফোর্নিয়া স্টেট সিনেটেও প্রতিনিধিত্ব করেছেন। শতকরা ৫৬ ভাগ ভোট পেয়ে তিনি কংগ্রেসে নির্বাচিত হয়েছেন।

সিনেটর আব্দুল এল সায়েদ

যুক্তরাষ্ট্রে প্রথমবারের মতো সিনেট নির্বাচনে একজন মুসলিম ও ডেমোক্র্যাট দলীয় প্রার্থী আব্দুল এল সায়েদ ইতিহাস গড়লেন। দুনিয়াব্যাপী মুসলিম সম্প্রদায়ের আবেগের প্রার্থী সায়েদই শেষ হাসিটা হাসলেন। যুক্তরাষ্ট্রের মধ্যবর্তী নির্বাচনে সিনেটের মিশিগান আসন থেকে তিনি নির্বাচন করেন। ধর্মীয়ভাবে শুধুমাত্র মুসলমান হবার কারনে নানা ধরনের প্রতিবন্ধকতা ও ষড়যন্ত্রের মুখোমুখি হন তিনি। তিনি প্রকাশ্যে প্যালেস্টাইন তথা গাজায় ইসরাইলী আগ্রাসন ও গণহত্যার বিরুদ্ধে কথা বলেছেন। তিনি বলেছেন, যুক্তরাষ্ট্রের উচিত ইসরাইলকে সাহায্য প্রদান বন্ধ করা। সে অর্থ আমেরিকানদের জন্য খরচ করলে দেশের মানুষ উপকৃত হবে।

সিনেট পদপ্রার্থী আব্দুল এল সায়েদের প্রধান প্রতিদ্বন্দ্বী ছিলেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের রিপাবলিকান পার্টির প্রার্থী মাইক রজার্স। শতকরা ৫৩ ভাগ ভোট পেয়ে আব্দুল নির্বাচিত হয়েছেন।। মাইক রজার্স পেয়েছেন ৪৫ ভাগ ভোট।

আব্দুল এল-সায়েদের বাবা-মা মিসরের অভিবাসী। তার জন্ম ও বেড়ে ওঠা মিশিগানের রচেস্টার হিলে। এল সায়েদ পেশায় একজন ডাক্তার। এর আগে তিনি ওয়েন কাউন্টির স্বাস্থ্য পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন।

হাসিনা কি ফিরবেন নাকি ফিরবেন না?

৬৪ পৃষ্ঠার পর

পরিচালিত এক গণঅভ্যুত্থানকালে তদানীন্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রতিবেশি ভারতে আশ্রয় গ্রহণ করেন। এখন তিনি ভিনদেশে পুনরায় বাংলাদেশে ফিরে আসবেন বলে ঘোষণা দিলেও তার যাতে কোনও পাসপোর্ট নেই। সরকার তা জব্দ করেছে। স্বাভাবিকভাবে তাকে ট্রাভেল পাসও দেওয়া হবে না। পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির একথা স্বাফ জানিয়ে দিয়েছেন।

পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির বলেছেন, ক্ষমতাচ্যুত ও পলাতক সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে কোন পাসপোর্ট বা ট্রাভেল পাস দেওয়া হবে না। ভারত থেকে তাকে ফিরিয়ে আনার বিষয়টি কেবল বিদ্যমান দ্বিপক্ষীয় প্রত্যর্পণ চুক্তির মাধ্যমে সম্পন্ন করা হবে। সন্ত্রাসী ও অপরাধীদের ধরার জন্য ভারতের সঙ্গে একটি প্রত্যর্পণ চুক্তি রয়েছে। সন্ত্রাসী ও অপরাধীদের ফিরিয়ে আনার জন্য পাসপোর্টের প্রয়োজন হয় না। এটি তাদের হস্তান্তর করার বিষয়।

প্রতিমন্ত্রী আরও বলেন, শেখ হাসিনা একজন পলাতক ব্যক্তি এবং সন্ত্রাসী। তিনি এমন কেউ নন যে, রংপুরের শ্বশুরবাড়িতে বেড়াতে আসছেন, যার জন্য আমরা পাসপোর্ট ইস্যু করব এবং তিনি ভ্রমন করতে এখানে আসবেন। বৃহস্পতিবার হজরত শাহজালাল বিমানবন্দরে চীনা কমিউনিস্ট পার্টির (সিপিবি) কেন্দ্রীয় কমিটির আন্তর্জাতিক বিভাগের মন্ত্রী লিউ হাইসিংয়ের নেতৃত্বে সফররত চীনা প্রতিনিধি দলকে বিদায় জানানোর পর সাংবাদিকদের পররাষ্ট্র প্রতিমন্ত্রী এসব কথা বলেন।

হুমায়ুন কবির জানান, গুরুতর অপরাধে অভিযুক্ত কোনও পলাতক ব্যক্তিকে ফিরিয়ে আনার ক্ষেত্রে সাধারন পাসপোর্ট বা ভ্রমণ নথি ইস্যু করার কোনও আইনি বাধ্যবাধকতা নেই। কারণ বিদ্যমান প্রত্যর্পণ ব্যবস্থাতেই তাকে ফিরিয়ে আনার আইনি কাঠামো রয়েছে। শেখ হাসিনাকে ফিরিয়ে আনার জন্য আদালতের পরোয়ানা এবং বাংলাদেশ-ভারত প্রত্যর্পণ চুক্তির অধীনে নির্ধারিত পদ্ধতিই যথেষ্ট। আদালতের পরোয়ানা রয়েছে, সুনির্দিষ্ট বিচারিক প্রক্রিয়া আছে এবং প্রত্যর্পণ চুক্তিও রয়েছে। তাই পাসপোর্ট ইস্যু করার বা দেওয়ার কোনও প্রয়োজন বা বাধ্যবাধকতা নেই। দেশ ছেড়ে পালানোর আগে হাজারো মানুষের মৃত্যুর জন্য তিনিই দায়ী। যে সন্ত্রাসী হাজার হাজার মানুষকে হত্যার পর দেশ থেকে পালিয়ে গেছে, তাকে কি আমরা একজন সাধারন ভ্রমণকারী হিসাবে গণ্য করে পাসপোর্ট দেব? বাংলাদেশ চায় ভারতীয় কর্তৃপক্ষ যেন হাসিনাকে আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করে সাধারণ ভ্রমণ প্রক্রিয়ার মাধ্যমে তার ফিরে আসার বিষয়টি কাম্য নয়। আমরা তাকে হস্তান্তরের দাবি জানাচ্ছি। তাকে হস্তান্তর করা উচিত। বাংলাদেশ ও ভারতের মধ্যে বিদ্যমান প্রত্যর্পণ চুক্তিটি গুরুতর অপরাধে অভিযুক্ত বা দন্ডিত ব্যক্তিদের হস্তান্তরের অনুরোধ জানানোর আইনি ভিত্তি প্রদান করে। বাংলাদেশ এই চুক্তির আওতায় প্রতিষ্ঠিত বিচারিক ও কূটনৈতিক প্রক্রিয়ার মাধ্যমেই হাসিনাকে ফিরিয়ে আনার চেষ্টা করবে।

পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবিরের কথায় এটি স্পষ্ট যে, শেখ হাসিনাকে অপরাধী হিসাবে প্রত্যর্পণের যে দাবি বাংলাদেশ করছে সেটা মূলত রাজনৈতিক কথামালা। বর্তমান সরকারের জন্যে শেখ হাসিনাকে বাংলাদেশে ফিরিয়ে আনা অবস্তি কর বলে মনে হচ্ছে। ভারত কোনও দিনই শেখ হাসিনাকে বাংলাদেশের কাছে প্রত্যর্পণ চুক্তির আওতায় ফিরিয়ে দেবে না। কারণ শেখ হাসিনা ভারতের বন্ধু। দালাইলামাও ভারতের বন্ধু। তাকেও আশ্রয় দিয়েছে ভারত। ভারতসহ বিশ্বের প্রায় সব দেশ নিজেদের বন্ধুকে আশ্রয় দিয়ে পরে তাকে তার শত্রুর কাছে তুলে দেয় না। যেহেতু শেখ হাসিনা মৃত্যুদন্ডে দন্ডিত আসামী ফলে বাংলাদেশের কাছে তাকে তুলে দেওয়া মানে তার জীবন নাশের আশঙ্কা। যেহেতু বাংলাদেশ শেখ হাসিনাকে আদালতের আদেশ কার্যকর করতে পারে। তাই ভারত রাজনৈতিক সমঝোতা ছাড়া শেখ হাসিনাকে বাংলাদেশের কাছে ফেরত দেবে না। শেখ হাসিনার যেহেতু পাসপোর্ট কিংবা ট্রাভেল পাস নাই ফলে কোনও বিমান তাকে উঠতে দিবে না। বিকল্প হলো, তিনি যদি স্থলসীমান্ত দিয়ে বাংলাদেশে প্রবেশ করেন। এই ক্ষেত্রে ভারতের সহযোগিতা লাগবে। কারণ তিনি যে জায়গায় আছেন সেখান থেকে সীমান্তে আসতে হলে ভারতের অনুমতি লাগবে। ভারতের অনুমতি না থাকায় তিনি বক্তব্য রাখার সময়ে তার চেষ্টারা দেখাতে পারেন না। তাকে ভারত সীমান্ত দিয়ে ঠেলে বাংলাদেশে পুশব্যাক করলে বাংলাদেশের সঙ্গে ভারতের সম্পর্ক খারাপ হতে পারে। শেখ হাসিনার জন্য ভারত সম্পর্ক খারাপ করতে চাইবে না। তাছাড়া, শেখ হাসিনা কোনওভাবে যদি বাংলাদেশে ঢুকেন তবে তাকে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ধরে হেলিকপ্টার যোগে ঢাকায় এনে কারাগারে প্রবেশ করাবে। তারপর তার বিরুদ্ধে চলবে আইনি প্রক্রিয়া। ফলে শেখ হাসিনার ফিসেদরে বাংলাদেশে আসা দৃশ্যত অসম্ভব। তবে বাংলাদেশ সরকারের সঙ্গে রাজনৈতিক সমঝোতা করে তিনি বাংলাদেশে ফিরলে তার ফেরা সম্ভব হবে।

পায়ের বিশেষজ্ঞ চিকিৎসক

Bangladeshi Foot Specialist

Dr. Sadi Alam



পায়ের কোন সমস্যায় ভুগছেন ?

নিউইয়র্কে বাংলাদেশী চিকিৎসকের পরামর্শ নিন

ডায়াবেটিক রোগীদের ইন্স্যুরেন্সের মাধ্যমে
ডায়াবেটিক জুতা দেওয়া হয়।

We Accept Wellcare, Fidelis, Medicare, Metroplus, Healthfirst and other private insurances.

Our Office Locations

01 16605 Highland Ave, Suite L-1, Jamaica, NY 11432
02 264-02 Hillside Ave, Floral Park, NY 11004
03 486 McDonald Ave, Brooklyn, NY 11218
04 7017 37th Ave, Jackson Heights, NY 11372
05 7721 101th Ave, Ozone Park, NY 11416
06 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

Phone: 347-509-4470, Fax: (646) 845-1861

আজই আপনার ডাক্তারকে রেফারেলের জন্য জিজ্ঞাসা করুন।

Call for Appointment

ESTD 2017

Tribune Training Academy

Workplace Safety Training School

40-38 75th Street,
Jackson Heights, NY 11373
(718) 790-2664
tribunest@gmail.com
www.tribunest.com



40-HR OSHA/SST: $400

Tribune Training Academy is an outstanding institution with a proven track record of excellence that has made it a top player in the field of safety and technical training. Based in New York City, our esteemed organization has continuously set the standard for quality education through our unwavering commitment to providing the very best in certification training. Below are a list of some of the courses we offer:

- 30 Hour OSHA Training
- 40 Hour OSHA/SST
- 62 Hour Supervisor SST
- 4,16 & 32 Hour Scaffold
- 8-Hour EPA Lead Renovator
- NYS Security Guard License
- Fire Guard/FSD Training
- Work-zone Flagger
- Forklift/Scissor Lift Operator
- Defensive Driving Course

40-HR OSHA/SST: $400 (LIMITED TIME OFFER)

Get your 40-Hour OSHA/SST Training for only $400. This is a limited time offer only and this rate will not be honored once this promotional rate ends.

আমেরিকা তথা নিউইয়র্ক এ একটি গর্বিত বাড়ির মালিক হতে চান?

আমরা স্বাচ্ছন্দ্য মুল্যে বাড়ি ক্রয় বিক্রয়ে নিশ্চয়তা দিয়ে থাকি।

MLS

EQUAL HOUSING LENDER





KAZI N JALAL
Licensed Sale Agent

ARA REALTY SERVICES INC

A full Service Real Estate Brokerage of Professional Company

158-10 84th DriveJamaica, NY 11432
Email: realtornykazi@gmail.com
Office: 917-417-6766
Cell: 516-439-0156

CHAUDRI CPA P.C.

FINANCE, ACCOUNTING, TAX, AUDIT & CONSULTING

Sarwar Chaudri, CPA, MBA

ট্যাক্স একটি গুরুত্বপূর্ণ বিষয়
অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন



ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
অডিট, ফাইন্যানশিয়াল স্টেটমেন্ট, বুককিপিং
অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠা, লাইসেন্স ও পে-রোল
আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স
সমস্যা সমাধানে অভিজ্ঞ

IRS e-file PROVIDER

Individual and Business Tax
Audit, Financial Statement
Bookkeeping, Non-Profit
Business Setup, Licensing & Payroll
Specialized in IRS &
NYS Tax problem resolution

tax refund

Finance, Accounting, Tax Filing, Audit & Consulting
(Business & Not for Profit)

JACKSON HEIGHT OFFICE:
74-09 37th Ave, Bruson Building, Suite # 203
Jackson Height, NY 11372, Tel: 718-429-0011
Fax: 718-865-0874, Cell: 347-415-4546
E-mail: chaudricpa@gmail.com

BRONX OFFICE:
1595 Westchester Avenue
Bronx, NY 10472
Cell: 347-415-4546 / 347-771-5041
E-mail: chaudricpa@gmail.com

জব জব হেল্প জব

Job Help Application Processing Service

917-500-3937

OUR SERVICES

- পোষ্টাল জব
- ফেডারেল জব
- স্টেট জব
- এম. টি. এ জব
- সিটি জব
- রেজুমী তৈরী
- কভার লেটার
- সিটিজেনশিপ এপ্লিকেশন প্রসেসিং
- নিউ পাসপোর্ট/রিনিউয়াল
- ডুয়েল সিটিজেনশিপ
- ফুড স্ট্যাম্প
- ডিজএবিলিটি (SSI)
- সোশ্যাল সিকিউরিটি (SS)
- রিটারম্যান্ট বেনিফিট



Md. Ali
B.Sc. LLB
Chittagong University
Retired Govt. Officer
Bangladesh

148-45, Hillside Ave, 2nd Fl, Suite 204 Jamaica, NY 11435

Phone/Fax: 917-200-6160

আমাদের প্রতিশ্রুতি – নিরাপত্তা, নিশ্চয়তা ও সাশ্রয়ী মূল্যের ইন্স্যুরেন্স সেবা প্রদান করা

EnR Insurance BroKerage

একটি বিশ্বস্ত এবং অভিজ্ঞ বাংলাদেশী প্রতিষ্ঠান

4122 75th Street
Elmhurst, NY 11373
(718) 310-0413

আমাদের ইন্স্যুরেন্স সেবাসমূহঃ

হোম ইন্স্যুরেন্স
- Home/ Co-op/ Condo/Renters
- High Value Home
- Vacant Property/ Land
- Builders Risk

Home Business
Masjid, Church & Temple
Umbrella Insurance & More

কমার্শিয়াল ইন্স্যুরেন্স
- Commercial Property
- Commercial Package Policy
- Business Owners Policy
- Disability Insurance
- Workers' Compensation
- Professional Liability
- Construction Insurance
- One Day Event

আমরা মেডিকেয়ার ইন্স্যুরেন্স সেবাও দিয়ে থাকি
Providers: HealthFirst, VNS, United, WellCare, Aetna, Fidelis Care



Home Insurance Carriers

DB Insurance, Hyundai, Liberty Mutual, Otsego Mutual, Travelers, Associated Mutual, Sterling, Kingstone, Security Mutual & More.

Mohammed Tohin, Broker
info@enrinsurance.com
Fax: (718) 650-2245
www.enrinsurance.com

LIBERTY REAL ESTATE SCHOOL
NYS Approved Real Estate School

রিয়েলএস্টেটের লাইসেন্স করুন
বছরে লক্ষ ডলার আয় করুন

বিস্তারিত তথ্য এবং ক্লাসের সময় সুচি জানতে কল করুন +1 (929) 393-8620

- SALESPERSON COURSE : 75 HOURS
- CONTINUING EDUCATION : 22.5 HOURS
- BROKER COURSE : 45 HOURS

YOU LEARN :

The easiest way to buy and sell a home
Learn for Being a professional Realtor or for knowledge
Buying and selling a home as an investment
The market price of house goes up and down
Buy for profit, sell for profit (fix-flip)
What to do to buy your own house
